

টিকে থাকতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে পৃষ্ঠা ১৪

# প্রথম আলো

Prothom Alo North America

15 February 2024, Thursday, 7th Year, Issue 361, 40 Pages



বাইডেনের জায়গা নিতে প্রস্তুত কমলা হ্যারিস পৃষ্ঠা ১৬

১৫ ফেব্রুয়ারি ২০২৪, ২ ফাল্গুন ১৪৩০, ৫ শাবান ১৪৪৫, বৃহস্পতিবার, বর্ষ ৭, সংখ্যা ৩৬১, পৃষ্ঠা: ৪০


# আন্দোলনে কি ফিরতে পারবে বিএনপি?

রাজনৈতিক সংকট

মাঠের আসল বিরোধী দল বিএনপি কি আবার স্বরূপে ফিরে আসতে পারবে_এ নিয়ে আলোচনা চলছে বিভিন্ন মহলে।

**তানভীর সিদ্দিকী**

দ্বাদশ জাতীয় সংসদের নির্বাচন হয়েছে এক মাস হয়ে গেল। সংসদে বিরোধী দল বলতে তেমন কিছু নেই। মাঠে ময়দানের আসল বিরোধী দল বিএনপি কি আবার স্বরূপে ফিরে আসতে পারবে। এ নিয়ে আলোচনা চলছে ঢাকার রাজনৈতিক মহলে। বিশেষ করে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল এবং সিনিয়র নেতা আমীর খসরু মাহমুদের জামিনের পর। বুধবার সিনিয়র এ দুই রাজনৈতিক নেতাকে সব মামলা থেকে মুক্তি দেয়া হয়েছে। এর আগে তিন দিন আগে বিএনপির আরেক সিনিয়র নেতা ড. মঈন খানের সাথে বৈঠক করেছে মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সাথে। নির্বাচনের পর এ প্রথম বিএনপির কোন সিনিয়র নেতা মার্কিন রাষ্ট্রদূতের সাথে দেখা করলেন।



- মির্জা ফখরুলের জামিন কী রাজনীতির কোন মোড় ঘুরবে?
- সমমনাদের নিয়ে নতুন করে জোট করে কর্মসূচি ঘোষণা না করলে বিএনপি পিছিয়ে পড়তে পারে বলে অনেকের ধারণা।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, বিএনপির নেতা কর্মীরা মামলায় জর্জরিত। এ মুহূর্তে জামায়াতে ইসলামী, জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি), নাগরিক ঐক্য,গণ অধিকার পরিষদ, গণসংহতি আন্দোলনসহ অন্যান্যদের নিয়ে নতুন করে জোট করে কর্মসূচি ঘোষণা না করলে বিএনপি পিছিয়ে পড়তে পারে।

দ্বাদশ জাতীয় নির্বাচনে বিএনপিসহ বেশ কয়েকটি দল অংশ নেয়নি। এবারের নির্বাচনে আওয়ামী লীগ এবং তার দলীয় নেতাকর্মি ও সমর্থক মিলে ৩০০ আসনের মধ্যে ২৮৯টি আসন পেয়েছে। জাতীয় পার্টি যে ১১টি আসন পেয়েছে তাও আওয়ামী লীগে পরোক্ষ সমর্থন নিয়ে । কারণ ওই সব আসনে আওয়ামী লীগ কোন প্রার্থী দেয়নি। তবে উপায় না দেখে সংসদে এই ১১ আসনের প্রেসিডেন্ট জিএম কাদেরকে সংসদের বিরোধী দলীয় নেতা নির্বাচিত হন। নির্বাচিত হয়ে তিনি নিজেই বলেছেন, এ সংসদে বিরোধী

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪



সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প

## ট্রাম্প দ্রুত এগিয়ে যাচ্ছেন, তবে পথ ততটা মসৃন নয়?

**শিতাংশু গুহ**

সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প ঝড়ের বেগে রিপাবলিকান দলীয় মনোনয়নের পেতে চলেছেন, কিন্তু তাঁর যাত্রাপথ ততটা মসৃন নয়। প্রতিটি পদক্ষেপে ডেমক্রেটরা তাঁকে ঠেকাতে উদ্যত। ব্যালটে আদৌ তার নাম থাকবে কিনা সেই সংশয় আছে। না থাকলে কি হবে? ট্রাম্প যদি ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত হ'ন, তাহলে কি হবে? ইলিনয়েস ও নিউইয়র্ক প্রাইমারিতে ব্যালটে ট্রাম্পের নাম রাখার পক্ষে রায় দিয়েছে নির্বাচনী বোর্ড। সুপ্রিমকোর্ট কি ট্রাম্পকে অযোগ্য ঘোষণা করবে? তাহলে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪



ভাস্কো ডা গামা পর্তুগিজের লিসবন শহর থেকে ভারতের পথে যাত্রা শুরু করেছিলেন ১৮৯৭ সালে। এ সূত্র ধরেই বাংলার সাথে পর্তুগিজদের সংযোগ শুরু হয়। সময়ের ব্যবধানে লিসবন শহরেই এখন হাজার হাজার বাংলাদেশি। লিসবনের মাতৃমনিজ এলাকার গলিটি নিউইয়র্কের জ্যাকসন হাইটসের মতো। দিনরাত সরগরম থাকে বাংলাদেশিদের কোলাহলে। ছবি: বায়েজিদ বোস্তামী

## সাড়ে ৩ মাস কারাভোগ শেষে মুক্তি মির্জা ফখরুল-খসরুর

**ঢাকা অফিস**

সাড়ে তিন মাস কারাভোগ শেষে জামিনে কারামুক্ত হয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও দলের স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। বৃহস্পতিবার বেলা পৌনে ৪টার দিকে ঢাকা কেন্দ্রীয় কারাগার (কেরানীগঞ্জ) থেকে তাঁরা বের হন। কারাগার থেকে বের হলে কারা ফটকে বিএনপির এই দুই নেতাকে ফুল দিয়ে বরণ করে নেন বিপুলসংখ্যক নেতা-কর্মী। এ সময় পুরো এলাকা স্লোগানে স্লোগানে মুখরিত হয়ে ওঠে।

ঢাকা কেন্দ্রীয় কারাগারের (কেরানীগঞ্জ) সিনিয়র জেল সুপার সুভাষ কুমার ঘোষ তাঁদের জামিনের তথ্য নিশ্চিত করে বলেন, 'বিকেল পৌনে চারটার দিকে মহাসচিব ফখরুল ও আমির খসরু কারাগারের মূল ফটক থেকে বেরিয়ে যান। তারা দুজনই কারাগার থেকে জামিনে মুক্ত হলেন।'



মির্জা ফখরুল



আমীর খসরু

একই দিন দলের প্রচার বিষয়ক সম্পাদক ও মিডিয়া সেলের সদস্য শহীদ উদ্দীন চৌধুরী এ্যানীও কারামুক্ত হন। গত

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

## 'ভুল শুধরে সেরা ফোবানা সম্মেলন হবে ভার্জিনিয়ায়'

**ইমা এলিস**



৩৮তম ফোবানা সম্মেলন হবে ইতিহাসের সেরা সম্মেলন। ফেডারেশন অব বাংলাদেশি অ্যাসোসিয়েশনস ইন নর্থ আমেরিকা (ফোবানা)-এর নির্বাহী কমিটি ও আয়োজক সংগঠন এবারের সম্মেলন তিন দশকের সেরা সম্মেলন করতে আগ্রহ প্রকাশ করেছেন। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব গ্রেটার ওয়াশিংটন ডিসি (বাগডিসি) আয়োজিত গত বৃহস্পতিবার (৯ ফেব্রুয়ারি) ভার্জিনিয়ার স্প্রিংফিল্ডের হলিডে ইন হোটেলে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

## ড. ইউনুসের ৮ প্রতিষ্ঠান দখলের অভিযোগ

গ্রামীণ টেলিকম ভবনে হানা

নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের গ্রামীণ টেলিকমসহ অন্তত আটটি প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ নিয়েছে গ্রামীণ ব্যাংক।

**ঢাকা অফিস**

গ্রামীণ ফোনের একটি গ্রুপ নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের গ্রামীণ টেলিকম ভবনে অতর্কিত হানা দিয়ে দখল করেছে। তাঁরা গ্রামীণ টেলিকম ভবনে অবস্থিত গ্রামীণ টেলিকম, গ্রামীণ শক্তি ও গ্রামীণ কল্যাণসহ অন্তত আটটি প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ নিয়েছেন।

প্রতিষ্ঠানগুলোর দখল নেওয়ার পরেই গ্রামীণ ব্যাংক কর্মকর্তা–কর্মচারীরা তালা ঝুলিয়ে দিয়েছেন। এতে গত সোমবার থেকেই প্রতিষ্ঠানগুলোতে উত্তেজনা ও ভীতিকর পরিস্থিতি বিরাজ করছে। স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে সহযোগিতা চেয়েও কোনো প্রতিকার মেলেনি বলে অভিযোগ করেছেন কর্মকর্তারা।

গ্রামীণ টেলিকম ভবনটি রাজধানীর মিরপুর–১ নম্বর সেকশনের চিড়িয়াখানার রোডের ৫৩ / ১ নম্বর ঠিকানায় অবস্থিত। আজ বুধবার সরেজমিনে ঘুরে দেখা নিরাপত্তা কর্মীদের সঙ্গে কথা বলে ভেতরে যাওয়ার চেষ্টা করা হলে তাঁরা সুনির্দিষ্ট উদ্দেশ্য ও ব্যক্তির অনুমোদন নিতে বলেন। সেই চাহিদা পূরণ করতে না পারায় ভবনের ভেতরে প্রবেশ করা সম্ভব হয়নি।

তবে আশপাশের লোকজনের কাছে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

### এমন দুর্যোগ কখনো দেখিনি: ড. ইউনূস

**ঢাকা অফিস**



ড. ইউনূস

গ্রামীণ ব্যাংকের বিরুদ্ধে গ্রামীণ টেলিকম ভবনে থাকা আটটি প্রতিষ্ঠান জবরদখল করে নেওয়ার অভিযোগ তুলে নোবেলবিজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, 'আমরা বহু রকমের দুর্যোগের ভেতর দিয়ে যাই। এরকম দুর্যোগ আর দেখি নাই কোনোদিন যে, হঠাৎ করে বাইরের থেকে কিছু লোক এসে বলল তোমরা সরে যাও।'

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

## প্রধানমন্ত্রী শেহবাজ, জারদারি প্রেসিডেন্ট!

পাকিস্তান

নতুন সরকারের প্রধানমন্ত্রী হচ্ছেন নওয়াজ শরীফের ভাই শেহবাজ শরীফ, এমনটাই বলছে পাকিস্তানের গণমাধ্যমগুলো ।

**উত্তর আমেরিকা ডেস্ক**

পাকিস্তানে সরকার গঠনে সম্মত হয়েছে পাকিস্তান পিপলস পার্টি (পিপিপি) ও পাকিস্তান মুসলিম লীগ-নওয়াজ (পিএমএল-এন)। ওই সরকারে যোগ দেবে আরও চার রাজনৈতিক দল। দলগুলো হচ্ছে- এমকিউএমপি, পিএমএল-কিউ, আইপিপি ও বিএপি। নতুন এ সরকারের প্রধানমন্ত্রী হচ্ছেন পিএমএল-এন প্রধান নওয়াজ শরীফের ভাই শেহবাজ শরীফ। এমনটাই জানিয়েছে পাকিস্তানের গণমাধ্যমগুলো। এতে বলা হয়েছে, নওয়াজ নিজেই শেহবাজকে এই জোট সামলানোর দায়িত্ব দিয়েছেন।



শেহবাজ শরীফ



আসিফ জারদারি

এর আগে তাকে সমর্থন দিয়েছেন পিপিপি প্রধান বিলাওয়াল ভুট্টো। মঙ্গলবার তিনি ঘোষণা করেন যে, তার দল পিএমএল-এন দলের প্রধানমন্ত্রী

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১







Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic






আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**


MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com


সফটওয়্যার টেস্টিং (কিউএ) শিখতে চান?
একটি বিশেষ ব্যাচ চালু করছে ফেম টেক
অনলাইনে
ব্যাকএন্ড ডেভেলপমেন্ট, ফ্রন্টএন্ড ডেভেলপমেন্ট।
চিন্তা করে দেখতে পারেন।
কারা কারা আপনাকে প্রশিক্ষণ দেবেন সেটা বলি
যারা আপনার সাথে এই সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা বিনিময় করবেন
আমার জানা মতে তাদের রয়েছে ফরচুন ফাইভ হান্ড্রেড কম্পানিসহ অন্যান্য
কম্পানিতে ১৮ বছরের বেশি সময় ধরে কাজ করার অভিজ্ঞতা।
তাদের অনেকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করার অভিজ্ঞতা।
তিন ধরনের কোর্স
SOFTWARE DEVELOPMENT SKILL (QA)
Software Testing
Java
JUnite
Selenium
BackEND Development
Java
SpringBoot
MongoDB
Rest API
FrontEND Development
React.js
Material UI
Fetch
contact@fametech.dev
+1(914)468-3475
+1(631)805-1051


raju law
ONE OF THE TOP IMMIGRATION LAW FIRMS IN THE USA
Welcome
to Raju Law
New York
BRANCH
118-35 Queens blvd., Suite 400
Forest Hills, NY 11375
934-345-7003
BRANCH OFFICES
Atlanta : 770-655-9166
458-272-5793
Los Angeles : 323-499-5815
213-729-9345
Bangladesh : 01602-270365
01760-697648
01728-383454
Head Office (Washington DC)
301-961-6464
info@rajulaw.com
833-725-8529 (24x7)


জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি
আমাদের সেবাসমূহ
যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।
আপনি জানেন কি?
বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।
মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715


Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com
Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন
74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432
TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911
*ইমিগ্রেশন *ব্যাংক্রাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং
Do you want apply for a green card?
Are you having credit card problems?
Has your bank account been sealed?
Are you being deported?
Are you unable to pay your debts?
Are you getting harrassed by creditors?
আমরা বাংলায় কথা বলি
WE ARE OPEN 7 DAYS a week
IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.
ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME
CALL: 718-263-5999
*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ
সুরাইয়া রহমান


জ্যামাইকার
আল মদিনা
হালাল লাইভ পোল্ট্রিতে
বিশাল মূল্যছাড়!
Halal Live Chicken
যে কোন ধরনের
৫টি চিকেন কিনলে ১টি ফ্রি!
Buy 5 Chicken get one free
১০টি কিনলে ২টি ফ্রি!
Buy 10 Chicken get 2 Free
১৪টি কিনলে ৩টি ফ্রি!!
Buy 14 Chicken get 3 Free
১৯টি কিনলে ৫টি ফ্রি!!!
Buy 19 Chicken get 5 free
حلال
HALAL
পত্রিকায় প্রকাশিত পেপার কার্টিং এর ছবি তুলে আনলে আরো একটি চিকেন এক্সট্রা ফ্রি!
এই অফারটি ১ সপ্তাহ ধরে চলবে আল মদিনাতে
ফেব্রুয়ারি ১৫ থেকে ফেব্রুয়ারি ২৪ তারিখ পর্যন্ত
শর্ত: বিজ্ঞাপনটির ছবি বা পেপার কার্টিং সঙ্গে আনতে হবে
Please bring Ad copy or Ad short screen picture.
151-24 Beaver Rd
Jamaica, NY 11433
(Near liberty & 157 St.)
WE DELIVER
MON-SAT (8am-6pm),
SUN (8am-4PM)
Tel: 718-526-3333

# ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের উদ্যোগে
# সম্মিলিত
# মহান একুশ উদ্‌যাপন ২০২৪

## আয়োজনে ঃ

ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক
রাজশাহী বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
শেরে বাংলা কৃষি বিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
জগন্নাথ বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
ইডেন কলেজ এলামনাই এসোসিয়েশন
নরসিংদী সরকারী কলেজ এলামনাই এসোসিয়েশন
বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশন (BAPA)
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ যুক্তরাষ্ট্র কমান্ড
আর্টিষ্ট ফোরাম
বাংলাদেশ ইনস্টিটিউট অব পারফর্মিং আর্টস (বিপা)
উদীচী শিল্পী গোষ্ঠী যুক্তরাষ্ট্র
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস (বাফা)
অনুপ দাশ ড্যান্স একাডেমি (আড্ডা)
শিল্পকলা একাডেমি ইউএসএ ইনক
রবীন্দ্র একাডেমি
নীলা ড্যান্স একাডেমি
নিউইয়র্ক সিটি বাংলাদেশী সিভিল সার্ভিস সোসাইটি
বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন নিউইয়র্ক চ্যাপ্টার
আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট নিউইয়র্ক (AABEA)
প্রবাসী বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতি ইউএসএ
প্রবাসী শরীয়তপুর সমিতি ইউএসএ ইনক
প্রবাসী বেঙ্গলী খ্রীষ্টিয়ান এসোসিয়েশন
কিশোরগঞ্জ ডিস্ট্রিক এসোসিয়েশন
বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদ
পাইবাক্ষা সোসাইটি অব ইউএসএ ইনক
বাংলাদেশ 'ল' এসোসিয়েশন
সবিতা মাসার এন্ড চিলড্রেন ফাউন্ডেশন
গাজীপুর জেলা সমিতি
নরসিংদী জেলা সমিতি ইউএসএ ইনক
পাইবাক্ষা সোসাইটি অব আমেরিকা
মৈত্রী ফাউন্ডেশন
মিরসরাই এসোসিয়েশন ইউএসএ ইনক
বাংলাদেশ বেদান্ত সোসাইটি
নরসিংদী জেলা সমিতি ইউএসএ ইনক
নোলক
শ্রীকৃষ্ণ ভক্ত সংঘ
নিউ ইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব
বাংলাদেশ লীগ অব আমেরিকা
ইউনাইটেড হিন্দুস অব ইউএসএ
গোপালগঞ্জ ফাউন্ডেশন আমেরিকা ইনক

## সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনায়

বাংলাদেশ ইনস্টিটিউট অব পারফর্মিং আর্টস (বিপা)
উদীচী শিল্পী গোষ্ঠী যুক্তরাষ্ট্র
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস (বাফা)
অনুপ দাশ ড্যান্স একাডেমি (আড্ডা)
শিল্পকলা একাডেমি ইউএস ইনক
রবীন্দ্র একাডেমি
নীলা ড্যান্স একাডেমি



## স্থান ও সময়

**কুইন্স প্যালেস**
37-11 57th Street
Woodside, NY 11377

**একুশের অনুষ্ঠান মালা শুরু মঙ্গলবার ২০শে ফেব্রুয়ারী বিকাল ৫:০০ টায়**

**শিশু কিশোরদের মেধা প্রতিযোগিতার ফলাফল এবং পুরস্কার বিতরণ ২০শে ফেব্রুয়ারী মঙ্গলবার অনুষ্ঠানের মূল মঞ্চে**

সুধী, সম্মিলিত মহান একুশ উদ্‌যাপন পরিষদের পক্ষ থেকে এবারও ব্যাপক আয়োজনে "মহান একুশ" উদ্‌যাপনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগ্রহী সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক, পেশাজীবী, শিক্ষা ও সেবামূলক সংগঠনসমূহকে অনুষ্ঠানে অংশ গ্রহণ করতে রেজিস্ট্রেশন করার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

## যোগাযোগ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সাঈদা আকতার লিপি | ৩৪৭-৭২৭-৮৪৪২ | সৈয়দ মিজানুর রহমান | ৯১৭-৮২৫-৭৩০৯ | শামীম আরা বেগম | ৬৪৬-৬৮৩-৭৯৪২ |
| গাজী সামসুউদ্দিন | ৩৪৭-৭৭৬-০৯১৭ | প্রভাত বোস | ৩৪৭-৬৫৬-০১৯২ | রুহুল আমিন সরকার | ৭১৮-৭০৫-২২২৮ |
| স্বপন বড়ুয়া | ৬৪৬-৫০৮-৪৪০৬ | নিলোফার জাহান | ৩৪৭-২৩৭-১৬২৮ | আব্দুস সবুর | ৩৪৭-৯২৫-২০১০ |
| মনিরুল হক রাহুল | ৬৪৬-৩২৭-৯৯৪২ | সাইফুল ইসলাম ভুঁইয়া | ৯১৭-৮৬২-৬০১৯ | মোঃ শাহজাহান সরকার | ৩৪৭-৬৩৬-৭৯০৯ |
| সাবিনা শারমিন নিহার | ৬৪৬-৩০০-১৪০১ | ওয়াজেদ আলী খান বাচ্চু | ৩৪৭-৭৯২-৪১৪৩ | সুবর্ণা রহমান | ৬৪৬-৭৯৭-১১৩৯ |
| এ.কে. আজাদ তালুকদার | ৬৪৬-৫৩৩-৮২৩১ | সুহাস বড়ুয়া | ৮৫৭-৪১৭-৫৪৫৭ | মোঃ হোসেন আনোয়ার (আংগুর) | ৭১৮-৬১৪-১২৮৪ |
| মোহাম্মদ হোসেন খান | ৫১৬-৩৪৩-৯৪৫৬ | মফিজুর রহমান | ৩৪৭-৬৭৯-১৫৫৮ | হোসেন শাহরিয়ার তৈমুর | ৩৪৭-৪৪৭-২৫৫১ |
| এম.এস আলম | ৯১৭-৬০২-৫৩৯৭ | আবুল কালাম আজাদ | ৯১৭-৪৪৫-৯১৫৯ | মনিকা রায় চৌধুরী | ৩৪৭-৪৫৯-৪৭৭৪ |
| মোল্লা মনিরুজ্জামান | ৯১৭-২৮৮-৮৪৫৮ | আজহার আলী খান | ৫১৬-৫১৩-৪৫৮৩ | স্বপন বিশ্বাস | ৬৪৬-২৮০-৫৯৫০ |
| মোঃ গোলাম মোস্তফা | ৯১৭-৪৪০-৭৮৩২ | মোঃ ইউসুফ আলী | ৩৪৭-৫৫৭-২৩১৩ | কামাল উদ্দীন দিপু | ৬৪৬-৪৩১-২৫৬৯ |
| আসলাম খান | ৩৪৭-৭৫১-৯১৮৫ | সাইফুর রহমান | ৯১৭-৪৯৬-২৪৭৩ | অধ্যাপক লাইলী মোশাররফ | ৩৪৭-২৫৭-৪০৫৮ |
| ভজন সরকার | ৯১৭-৬০৭-৭৩৯৫ | মোঃ মাহবুবুর রহমান | ৬৩১-৫২০-৮৯১৭ | নিশাদ খান আজাদ | ৩৪৭-৩৪৫-৯৪২৭ |
| মোঃ হানিফ মজুমদার | ৯১৭-৬৮০-৫৫০৫ | এস-এম হাসান আলী | ৯১৭-৬০৫-৩৯৬৮ | এস.কে আমজাদ হোসেন | ৯১৭-৯৬৮-১৩৫০ |
| মহিউদ্দিন দেওয়ান | ৯১৭-৫২৩-১৩৪৪ | মোঃ রুবেল হাসান মুন্সী | ৩৪৭-৬০৩-৪৮৪৮ | মোঃ আমিনুল ইসলাম | ৯১৭-৪০৩-৫৪২৫ |
| এম.এ. আজিজ নঈমী | ৬৪৬-২৬৯-৯০৫১ | গ্যাব্রিয়েল তাপস গমেজ | ৯১৭-৭২৩-৫৬৬৪ | শওকত আহমেদ | ৫১৬-৩৪৩-৯৩৫৫ |
| মোঃ আব্দুস সালাম | ৯১৭-৪৫৯-৭৭১৯ | চিত্রা রোজারীও | ৬৪৬-৭০৮-৯৩২২ | রতন চৌধুরী | ৬৪৬-২৩৩-৮৮৬২ |
| আহসান হাবিব | ৬৪৬-৩৩১-৩৮৯২ | মোঃ লিয়াকত আলী | ৫১৬-৫৮৯-৩৯৩৭ | সুবল দেবনাথ | ৯১৭-২৮৫-৫৪৯০ |
| শবনম প্যাপড়ি | ৩৪৭-৯৩৭-৯০০৫ | মোঃ কামরুজ্জামান কামরুল | ৭১৮-৯৭১-৪৭৬৯ | মেজবাহ উদ্দীন | ৩৪৭-৯৮৭-৬০৬৮ |
| সবিতা দাশ | ৩৪৭-৪৫৫-৪৮৪৮ | নূপুর চৌধুরী | ৬৪৬-৭০৭-৯৩৪৪ | মোঃ তাজুল ইসলাম | ৯১৭-৫৭৬-৬৩২৩ |

সমগ্র অনুষ্ঠানটি TBN 24 সম্প্রচার করবে

## সম্পাদকীয়

# অমর একুশে বইমেলা : বাঙালি মনন ও উৎকর্ষের স্মারক

আবার চলে এলো বাঙালির প্রাণের মেলা—অমর একুশে গ্রন্থমেলা, যা আমাদের কাছে একুশের বইমেলা নামেই সমধিক পরিচিত। বইমেলা' কিংবা 'গ্রন্থমেলা' শব্দ দু'টির যেকোনো একটি শুনলেই আমাদের চোখের সামনে ভেসে ওঠে বাংলা একাডেমী আয়োজিত একুশে বইমেলা। যে মেলা বইপ্রেমী মানুষের প্রাণে দোলা দেয়। কোনো এক অদৃশ্য শক্তিবলে লাখো মানুষকে টেনে আনে একাডেমীর বর্ধমান হাউস প্রাঙ্গণে। বর্ধমান হাউস ও এর আশপাশ ঘিরে জমে ওঠে লেখকদের জমজমাট আড্ডা। কাটে লেখক প্রকাশকদের নির্ঘুম রাত। প্রকাশিত হয় হাজার হাজার বই। নতুন বইয়ের মৌ মৌ গন্ধে মোহিত হয় মেলায় আসা ক্রেতা, দর্শনার্থী। বিক্রি হয় লাখ লাখ কপি বই।

ভিড় ঠেলে প্রয়োজনীয় বইটি হাতে পাওয়ার পর আনন্দে চিক চিক করে ওঠে মুখ। তারপর বইটি বগলদাবা করে প্রিয় লেখকের অটোগ্রাফ নেওয়ার চেষ্টা। মঞ্চের সামনে বসে আলোচনা কিংবা দাঁড়িয়ে একটু গান শোনা। এসবই আমাদের কাছে খুব চেনা এবং জানা একটি বিষয়। কিন্তু আমরা অনেকেই এই মেলার ইতিহাস জানি না।

অমর একুশে গ্রন্থমেলা আমাদের কাছে ব্যাপকভাবে একুশে বইমেলা নামেই পরিচিত। স্বাধীন বাংলাদেশের ঐতিহ্যবাহী মেলাগুলোর মধ্যে অন্যতম এই মেলার ইতিহাস স্বাধীন বাংলাদেশের মতোই প্রাচীন। এই মেলার ইতিহাস স্বাধীন বাংলাদেশের মতোই প্রাচীন। যতদূর জানা যায়, ১৯৭২ খ্রিস্টাব্দের ৮ ফেব্রুয়ারি তারিখে চিত্তরঞ্জন সাহা ঢাকা বিশ্ববিদ্যালয় সংলগ্ন বর্ধমান হাউজ প্রাঙ্গণে বটতলায় এক টুকরো চটের ওপর[১] কলকাতা থেকে আনা ৩২টি বই সাজিয়ে বইমেলার গোড়াপত্তন করেন। এই ৩২টি বই ছিলো চিত্তরঞ্জন সাহা প্রতিষ্ঠিত স্বাধীন বাংলা সাহিত্য পরিষদ (বর্তমান মুক্তধারা প্রকাশনী) থেকে প্রকাশিত বাংলাদেশী শরণার্থী লেখকদের লেখা বই। এই বইগুলো স্বাধীন বাংলাদেশের প্রকাশনা শিল্পের প্রথম অবদান। ১৯৭২ থেকে ১৯৭৬ খ্রিস্টাব্দ পর্যন্ত তিনি একাই বইমেলা চালিয়ে যান। ১৯৭৬ খ্রিস্টাব্দে অন্যান্যরা অণুপ্রাণিত হোন। ১৯৭৮ খ্রিস্টাব্দে বাংলা একাডেমীর তৎকালীন মহাপরিচালক আশরাফ সিদ্দিকী বাংলা একাডেমীকে মেলার সাথে সরাসরি সম্পৃক্ত করেন। ১৯৭৯ খ্রিস্টাব্দে মেলার সাথে যুক্ত হয় বাংলাদেশ পুস্তক বিক্রেতা ও প্রকাশক সমিতি; এই সংস্থাটিও প্রতিষ্ঠা করেছিলেন চিত্তরঞ্জন সাহা। ১৯৮৩ সালে কাজী মনজুরে মওলা বাংলা একাডেমির মহাপরিচালক হিসেবে বাংলা একাডেমিতে প্রথম "অমর একুশে গ্রন্থমেলা"র আয়োজন সম্পন্ন করেন। কিন্তু স্বৈরাচারী এরশাদ সরকারের বিরুদ্ধে শিক্ষা ভবনের সামনে ছাত্রদের বিক্ষোভ মিছিলে ট্রাক তুলে দিলে দুজন ছাত্র নিহত হয়। ওই মর্মান্তিক ঘটনার পর সেই বছর আর বইমেলা করা সম্ভব হয়নি। ১৯৮৪ সালে সাড়ম্বরে বর্তমানের অমর একুশে গ্রন্থমেলার সূচনা হয়। সেই ৩২টি বইয়ের ক্ষুদ্র মেলা কালানুক্রমে বাঙালির সবচেয়ে স্বনামধন্য বইমেলায় পরিণত হয়েছে। বাংলা একাডেমী চত্বরে স্থান সংকুলান না-হওয়ায় ২০১৪ খ্রিস্টাব্দ থেকে বইমেলা সোহরাওয়ার্দী উদ্যানে সম্প্রসারণ করা হয়েছে। এছাড়া মেলা চত্বরকে ভাষা শহীদ সালাম, বরকত, রফিক, জব্বার, শফিউর, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, ড. মুহাম্মদ শহীদুল্লাহ, আব্দুল করিম সাহিত্যবিশারদ প্রমুখ ব্যক্তিত্বের নামে ভাগ করা হয়। এবার একুশে গ্রন্থমেলা প্রাঙ্গণকে চারজন ভাষা শহীদ সালাম, রফিক, বরকত ও শফিউরের নামে বিন্যস্ত করা হয়েছে।

মেলা চলাকালীন বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রতিদিনই বিভিন্ন আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। এছাড়া মেলাতে লেখককুঞ্জ রয়েছে, যেখানে লেখকেরা উপস্থিত থাকেন এবং তাঁদের বইয়ের ব্যাপারে পাঠক ও দর্শকদের সাথে মতবিনিময় করেন। মেলার তথ্যকেন্দ্র থেকে প্রতিনিয়ত নতুন মোড়ক উন্মোচিত বইগুলোর নাম, লেখক ও প্রকাশকের নাম ঘোষণা করা হয় এবং দৈনিক প্রকাশিত বইয়ের সামগ্রিক তালিকা লিপিবদ্ধ করা হয়। মানসম্মত বই মানুষকে উচ্চ নৈতিকতা ও উন্নত মূল্যবোধের চর্চায় উদ্বুদ্ধ করে। মানুষ যদি উচ্চ নৈতিকতা ও উন্নত মূল্যবোধের চর্চা না করে, তাহলে দেশের চলমান উন্নয়ন অর্থবহ হবে না, যা বলাই বাহুল্য। অমর একুশে গ্রন্থমেলাকে কেন্দ্র করে হাজার হাজার বই প্রকাশিত হচ্ছে। বইমেলার সার্বিক কর্মকাণ্ড যাতে সফলভাবে সম্পন্ন হয় সেজন্য সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। অতীতে লক্ষ করা গেছে, কর্তৃপক্ষের অসতর্কতার কারণে বইমেলায় এসে শিশু, বয়স্ক ও প্রতিবন্ধীদের দুর্ভোগ পোহাতে হয়েছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার পুনরাবৃত্তি রোধে কর্তৃপক্ষ কার্যকর পদক্ষেপ নেবে, এটাই প্রত্যাশা। বইমেলাকে কেন্দ্র করে দেশে মননশীলতার চর্চায় যে নতুন মাত্রা যুক্ত হয়েছে, তা যাতে আরও বেগবান হয়, সেদিকেও কর্তৃপক্ষকে নজর দিতে হবে।

বাংলা একাডেমি আয়োজিত একুশে বইমেলা নিয়ে পক্ষে বিপক্ষে অনেক কথা থাকলেও রুচি, উৎকর্ষ আর পরিশীলনের দিক থেকে বইমেলা এক অনন্য ব্যাপার। বইমেলা হয়ে উঠেছে বাঙালি মনন ও উৎকর্ষের স্মারক। সামষ্টিক সৃজনের উর্বর জমিন। বইমেলার কথা ভাবলেই প্রাণে খুশির দোলা লাগে, উৎফুল্ল হয়ে উঠে মন। বইমেলা আনন্দ, মিলন আর ভাব আদান-প্রদানের এক গতিশীল স্টেশন। কত সাজে, কত বিন্যাসে কত বই আসে বইমেলায়। এ জ্ঞানগোলা বাঙালির মননের খনি। মেলায় আসা বইয়ের বিস্তৃতি ও বিষয় পরিমাপ করা প্রায় অসম্ভব। ১৯৭২ সালে ৩২টি বই দিয়ে শুরুর সেই যাত্রাপত্র আজ কতো ব্যাপক ভাবা যায়? বইমেলার আকারগত বিশালত্ব সাক্ষ্য দিচ্ছে জ্ঞান চর্চায় জাতি বেশ এগিয়েছে। আমাদের অগ্রগতি কেবল অবকাঠামোগত উন্নয়ন বয়ানে ধরা যাবে না। মেধা ও মননের চর্চায় ষাটের দশকের এক ক্ষুদ্র প্রয়াস কীভাবে মহীরুহে পরিণত হলো সেই বিষয়টা তলিয়ে দেখা দরকার।

বইমেলা বাঙালির ভিন্ন উচ্চতার এক বাকস্ফূর্তি। এ স্ফূর্তির থরে থরে সাজানো চিন্তা-চৈতন্য, মনীষা ও সমীক্ষার অনুরণন। একটি জাতির সামষ্টিক বুদ্ধিবৃত্তিক প্রকাশের এত বড় প্ল্যাটফর্ম দুনিয়ায় খুব বেশি নেই। ফ্রাঙ্কফুর্ট, লন্ডন, প্যারিস, নিউইয়র্ক বা কলকাতার বইমেলার বিবেচনায় অমর একুশে বইমেলা দাঁড়িয়েছে স্বতন্ত্র বৈশিষ্ট্য নিয়ে।

বইমেলা হলো ত্রিমাত্রিক শক্তির নিগুঢ় মিলন। প্রথমত, ভাষা চেতনা। ফেব্রুয়ারি ভাষার মাস। এ মাসে বাঙালি রক্ত দিয়ে ভাষার মর্যাদা প্রতিষ্ঠা করেছে। ফেব্রুয়ারিজুড়ে চলে বইমেলা। বইমেলা যেমন একুশের চেতনাকে জাগিয়ে তুলে, আবার একুশের চেতনা জাগিয়ে তুলে বইমেলাকে। একুশের সঙ্গে বইমেলার এ সম্পর্ক দারুণ মিথোজীবিক। এ মিথোজীবিক সম্পর্ক একুশের চেতনার প্রায়োগিক ভিত্তি তৈরি করেছে। একুশকে ঘিরে বইমেলাকেন্দ্রিক এ উৎসবের মধ্য দিয়ে একুশের চেতনা ছড়িয়ে যাচ্ছে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে। বইমেলার মূল আধেয়গত বিষয় হলো-অমর একুশের চেতনা। এই বইমেলা সে মসৃণপথ তৈরি করছে নিপুণভাবে। এখন বইমেলার স্থান সম্প্রসারিত হওয়ার ফলে বাংলাদেশের বাঙালির জাতিসত্তার উদ্বোধনের স্মৃতিবাহী একুশের ঐতিহ্যের সঙ্গে স্বাধীনতা সংগ্রামের চেতনা যুক্ত হয়ে মেলাটি এখন নতুন আঙ্গিক, পরিসর ও মাত্রিকতায় স্থিত হলো।

দ্বিতীয়ত. একুশে বইমেলার বুকস্টলগুলোর ডিজাইন আরেকটি গুরুত্বপূর্ণ দিক যেখানে বাঙালির নিজস্ব ডিজাইন শৈলীর এক মহামিলন ঘটে। স্টলের আকার, কালার কোড, উপকরণের ব্যবহার, অক্ষরবিন্যাস ও কাঠামো সবমিলিয়ে মেলার আঙ্গিক হয়ে ওঠে বাঙালিয়ানার এক মহাছবি। এ মহাছবির মূল আখ্যান আপন করার শক্তি। বইমেলার সার্বিক বিন্যাস দর্শনার্থীদের এ অনুভব দেয় যে আহ্! এই তো আমার প্রাণসংলগ্ন ব্যাপার। এ মেলা বিচ্ছুতির স্মারক নয় বরং সংযোগের উপলক্ষ। বইমেলাকে ঘিরে বাংলাদেশের প্রকাশনা শিল্পে এক অভাবনীয় অগ্রগতি হয়েছে। বলা যায় এ মেলাকে কেন্দ্র করে বাংলাদেশের প্রকাশনা শিল্প একটি শক্ত ভিত্তির ওপর দাঁড়িয়ে গেছে। এখন অনেক প্রকাশনা শিল্পে অর্থ লগ্নি করছেন। অমর একুশে বইমেলা এক মাস ধরে চলে। সময় বিবেচনায় সম্ভবত এটিই পৃথিবীর দীর্ঘস্থায়ী বইমেলা। এই মেলায় মানুষের আগ্রহ এতই বেশি যে শুধু শুধু ঢাকাবাসী নয়, বিভাগীয় শহর, জেলা শহর ও মফস্বল এমনকি বিশ্বের বিভিন্ন দেশ থেকেও জ্ঞান পিপাসুরা এতে অংশ নেন।

অমর একুশে বইমেলা দেখিয়ে দেয় বাঙালির চিন্তার সক্ষমতা। সৃষ্টিশীলতা ও মননের বিবেচনায় বইমেলা সমাজের খোলাজানালা। অধ্যাপক আলী রীয়াজ তাঁর উল্লিখিত নিবন্ধে বলছেন- বই মেলায় গেলে পাশাপাশি সাজানো বইয়ের দিকে তাকালে বইমেলার আরেকটি বৈশিষ্ট্য সহজেই চোখে পড়ার কথা, তা হল সহিষ্ণুতা। একই বিষয়ে সম্পূর্ণ বিপরীতমুখী, প্রতিদ্বন্দ্বী বক্তব্যের বইয়েরা নির্বিবাদে সহাবস্থান করে, যেমন সমাজে থাকার কথা, রাষ্ট্রে থাকার কথা। বাংলা একাডেমী প্রাঙ্গণে ১৯৭২ সালে যে মেলার সূচনা হয়েছিলো, গত কয়েক দশক ধরে যা অব্যাহত থেকেছে তার মর্মবস্তু যদি কিছু থাকে তা হচ্ছে এই পরস্পর বিরোধী বক্তব্যের সহাবস্থান। একটি আধুনিক সমাজে পাঠক হলো সার্বভৌম সত্তা। কোনো বই তারা গ্রহণ করবে আর কোনটি প্রত্যাখ্যান করকে তা তাদের এখতিয়ারের বিষয়। ভিন্নমত, ভিন্নযুক্তি, ভিন্ন ভাষা অপরাধ নয়। বরং অভিব্যক্তি প্রকাশের জাতীয় ও আন্তর্জাতিক সকল মানদণ্ডে ভিন্ন মত গ্রহণযোগ্য বিষয়। সমাজে চিন্তার স্বাধীনতা রুদ্ধ হলে সেই সমাজ অন্ধকার নেমে আসতে বাধ্য। যে অগ্রসর সমাজে একই বিষয় নানা দৃষ্টিভঙ্গি থেকে বিচার-বিশ্লেষণ করা হয় এবং তা অগ্রহণযোগ্য নয়। যেকোনো ধরনের সৃজনশীলতা ব্যক্তির একান্ত নিজস্ব অর্জন, এর চর্চা ব্যক্তির অধিকার, যা জাতীয় ও আন্তর্জাতিক সকল মানদণ্ডে সুরক্ষিত।

বাংলা একাডেমি তার বুকে যে স্লোগানটি ধারণ করে রয়েছে-"বাঙালির জাতিসত্তা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের প্রতীক" তাকে সত্যি সত্যি আমলে নিতে হবে। চিন্তা ও মতের ভিন্নতা চর্চায় বাংলা একাডেমি হোক সহায়ক, নিয়ন্ত্রক নয়। অমর একুশে বইমেলা হোক স্বমত, ভিন্ন মত, চিন্তা-সৃজনের উজ্জ্বল পরিক্ষেত্র। আর এটি নিশ্চিত করা গেলে অমর একুশের বইমেলার মর্মবাণীকে সমুন্নত থাকবে।

# দুই নির্বাচন, দুস্তর ব্যবধান

সেলিম খান

সারা বিশ্বে এ বছর প্রায় ৬০টি দেশে নির্বাচন হবে–এ তথ্য সবারই জানা। এ সময়ে বেশ কয়েকটি দেশে নির্বাচন হয়েও গেছে। এর মধ্যে দুটি দেশের জাতীয় নির্বাচনে ভোটগ্রহণের ভেতরে সময়ের পার্থক্য ছিল এক মাস। একটি হয়েছে ৭ জানুয়ারি, অপরটি ৮ ফেব্রুয়ারি। হ্যাঁ, ঠিকই ধরেছেন দেশ দুটি হলো বাংলাদেশ ও পাকিস্তান।

এই দুই নির্বাচনের মধ্যে আপাতত কোনো মিল না থাকলেও আলোচিত বিবেচনায় দুটিই কম-বেশি এক জায়গায়। বাংলাদেশের ৭ জানুয়ারির নির্বাচন নিয়ে আমেরিকার নেতৃত্বে পশ্চিমা দেশগুলো বেশি সক্রিয় ছিল। তাদের নিত্যদিনের বিবৃতি, প্রতিক্রিয়ায়–অভ্যস্ত হয়ে উঠেছিল এ দেশের মানুষ। এর পক্ষে-বিপক্ষে নানা মত থাকা সত্ত্বেও সাংবিধানিক বাধ্যবাধকতা মেনে ৭ জানুয়ারি নির্বাচন হয়ে গেছে।

অন্যদিকে পাকিস্তানে সংবিধান অনুযায়ী নির্বাচন হওয়ার কথা ছিল গত বছর ১৪ নভেম্বরের মধ্যে। কিন্তু সে দেশের 'কথিত' তত্ত্বাবধায়ক সরকার তা করতে ব্যর্থ হয়েছে। এ নিয়ে তেমন কোনো মাথাব্যথা বা প্রতিক্রিয়া আমেরিকা ও তার মিত্রদের মধ্যে দেখা যায়নি। বরং বিষয়টিকে এড়িয়ে যাওয়ার কৌশলই তাদের কাছে শ্রেয় বলে মনে হয়েছে।

বাংলাদেশের ৭ জানুয়ারির নির্বাচনে অন্যতম বড় দল বিএনপিসহ বেশ কিছু রাজনৈতিক দল অংশ নেয়নি। বিএনপির দাবি ছিল, নির্বাচনকালীন নির্দলীয় নিরপেক্ষ সরকার। সেই দাবি পূরণ না হলে নির্বাচনে অংশ নেবে না–এই সিদ্ধান্ত বিএনপি অনেক আগে থেকেই নিয়ে রেখেছিল। তাই দাবি পূরণ না হওয়ায় তারা ভোটে অংশ নেওয়ার পথে পা বাড়ায়নি।

এ জন্য তৎকালীন সরকার, নির্বাচন কমিশন, আইন–শৃংখলা রক্ষাকারীবাহিনীসহ বিভিন্ন পক্ষকে চাপের মধ্যে রাখাই ছিল পশ্চিমা দেশগুলোর নীতি। এর মধ্যে জনপ্রিয় উদাহরণ হলো আমেরিকার ভিসা নিষেধাজ্ঞার ঘোষণা। এর উদ্দেশ্য হিসেবে বলা হয়েছিল—বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পথে যারাই বাধা হবে, তারাই ভিসা নিষেধাজ্ঞার আওতায় পড়বে। বাংলাদেশের মতো তৃতীয় বিশ্বের দেশগুলোর লোকজনের 'স্বপ্নের দেশ' আমেরিকায় যাওয়ার এবং সেখানে স্থায়ী হওয়ার আকাঙ্ক্ষা অস্বীকার করার কোনো উপায় নেই। বিশেষ করে বিত্তশালী ও ক্ষমতাবানদের জন্য।

তাঁদের মনের ভয় ধরাতে এমন মহৌষধের বিকল্প কমই আছে, মার্কিন শাসকেরা এমনটাই মনে করেছিল।

অন্যদিকে পাকিস্তানে দেখুন, আনোয়ারুল হক কাকারের নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় বসার পর দিন থেকেই সে দেশে একটি বিশেষ দল বা জোটকে ক্ষমতায় আসার পথ সুগম করতে ব্যস্ত ছিল। রাজনৈতিক দলগুলোর জন্য সুষম নির্বাচনী ময়দান বা লেভেল প্লেয়িং ফিল্ড তৈরির কোনো ইচ্ছাই পাকিস্তান নির্বাচন কমিশনের (পিইসি) মধ্যে দেখা যায়নি। যে কারণে পাকিস্তানের সাংবাদিক, একাডেমিক, রাজনৈতিক কর্মী হুসেন হাক্কানি এই নির্বাচনকে 'রিগড ইলেকশন' (কারচুপির নির্বাচন) না বলে 'ফিক্সড ইলেকশন' (পূর্ব নির্ধারিত নির্বাচন) বলে বর্ণনা করেছেন। এ ক্ষেত্রে সংবিধান মেনে ঠিক সময়ে নির্বাচন করতে না পারা বা সব দলের জন্য নির্বাচনে সমান সুযোগ তৈরিতে ব্যর্থ হওয়ার পরও পাকিস্তান নিয়ে আমেরিকা বা তার মিত্ররা টু-শব্দটি পর্যন্ত করেনি।

জাতীয় নির্বাচনের ব্যাপারে বাংলাদেশ ও পাকিস্তানের ক্ষেত্রে দ্বৈত নীতি নিয়ে বাইডেন প্রশাসন সব সময় প্রশ্নবিদ্ধ ছিল। এখন টাইম ম্যাগাজিনের মতো পত্রিকা বাইডেন প্রশাসনের গণতন্ত্রের প্রতি অঙ্গীকার ও দ্বৈত পররাষ্ট্রনীতি নিয়ে প্রশ্ন তুলেছে। পশ্চিমা সংবাদমাধ্যমের একটাই প্রশ্ন—পাকিস্তানের জেনারেলদের (পড়ুন সেনাপ্রধান জেনারেল আসিম মুনির) কত দূর পর্যন্ত ছাড় দেওয়া হবে এবং কেন? যদিও সবাই জানে, এমন প্রশ্নের কেউই জবাব দেবে না। নির্বাচন শেষ হওয়ার দুদিন পরও পূর্ণাঙ্গ ফল প্রকাশে



**পাকিস্তানের নির্বাচন নিয়ে পিটিআই সমর্থকদের প্রতিবাদ।** ছবি: রয়টার্স

ব্যর্থ হওয়া, ফল প্রকাশে টালবাহানা–এসব দেখে তাদের টনক কিছুটা হলেও নড়েছে। এখন বলছে, নির্বাচনে কারচুপি হয়েছে। এর তদন্ত দরকার। একটি পারমাণবিক শক্তিধর দেশে রাজনৈতিক শক্তির ক্ষমতায় অধিষ্ঠিত থাকার গুরুত্ব অনুধাবন করতে ব্যর্থ হয়েছে পশ্চিমা দেশগুলো। তারা সব সময় পাকিস্তানের রাজনৈতিক নেতাদের, এমনকি প্রধানমন্ত্রীর চেয়ে সেনাপ্রধানকে গুরুত্বপূর্ণ ও দায়িত্বশীল বলে মনে করে।

এ তো গেল দুই দেশের সরকারি পর্যায়ের বিষয়-আশয়। এবার একটু চোখ ফেরানো যাক দুই দেশের নির্বাচনী ময়দানের মূল খেলোয়াড়, অর্থাৎ রাজনৈতিক দলগুলোর দিকে। বিশেষ করে, খালেদা জিয়ার নেতৃত্বাধীন বিএনপি এবং ইমরান খানের নেতৃত্বাধীন তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) ভূমিকার দিকে। দুটি দলই নির্বাচনের সময় ক্ষমতার বাইরে ছিল। কিন্তু অভিযোগের সুর একই—সরকার ও ক্ষমতাসীন দল তাদের ওপর অত্যাচার-নিপীড়ন চালিয়ে যাচ্ছে। ভোটের মাঠে তারা যাতে না দাঁড়াতে পারে, সে জন্য গোটা রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করছে সরকার।

বিএনপি বিভিন্ন মেয়াদে চারবার দেশের ক্ষমতায় ছিল। কিন্তু দীর্ঘ ১৭ বছরের বেশি সময় ধরে তারা ক্ষমতার বাইরে। তাদের অভিযোগ, সরকারসহ ক্ষমতাসীনদের সবাই তাদের প্রতি খড়্গহস্ত। অতএব এই সরকারকে বিদায় না করে নির্বাচনে যাওয়া যাবে না। অথচ গত ২৮ অক্টোবর পর্যন্ত বিএনপি টানা দেড় বছর ধরে সভা-সমাবেশ করে গেছে। এর লক্ষ্যই ছিল দাবি আদায়।

অন্যদিকে পিটিআই-এর কথাই ধরুন। ইমরান খানের এই দল ১৯৯৬ সালে গঠিত হওয়ার পর মাত্র একবারই (২০১৮-২২) ক্ষমতায় বসার সুযোগ পেয়েছে। তা-ও সেনাবাহিনীর বদান্যতায়। আবার তাদেরই অঙ্গুলি হেলনে ক্ষমতা থেকে অসময়ে বিদায় নিতে হয়েছে। আর বিদায় নেওয়ার পর যা ঘটেছে, তা যেকোনো অল্পবয়সী রাজনৈতিক দলের জন্য টিকে থাকার লড়াই করাটা খুবই কঠিন কাজ।

দলের প্রধান ইমরান খানসহ ওপরের সারির সব নেতাকে গ্রেপ্তার করেছে তত্ত্বাবধায়ক সরকার। এদের কেউ কেউ প্রকাশ্যে দল ছাড়ার ঘোষণা দিয়ে জেলে আটক থাকার হাত থেকে রক্ষা পেয়েছেন। পাননি ইমরান। আদালতের মাধ্যমে তাঁকে সাজা দিয়ে নির্বাচনে অযোগ্য ঘোষণা করা হয়েছে। দলের নির্বাচনী প্রতীক (ক্রিকেট ব্যাট) বাতিল করেছে নির্বাচন কমিশন। কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে গিয়েও কোনো লাভ হয়নি দলটির। কিন্তু তারপরও তারা ভোটের মাঠ ছেড়ে যায়নি। এ জন্য পিটিআই-এর প্রার্থীরা স্বতন্ত্র হিসেবে বিভিন্ন প্রতীকে নির্বাচন করতে বাধ্য হয়েছেন। দলটিকে কোথাও নির্বাচনী সমাবেশ করতে দেওয়া হয়নি, যাতে ওই স্বতন্ত্র প্রার্থীরা কোনোভাবেই নিজেদের ইমরানের দলের প্রার্থী হিসেবে পরিচিত করাতে পারেন। নিরুপায় পিটিআই প্রার্থীরা সোশ্যাল মিডিয়া ছাড়া কোথাও নিজেদের কথা বলতে পারেননি।

এর সবই করা হয়েছে এ কারণে, যাতে ইমরানের দল নির্বাচনে না আসে। না এলেই জেনারেল আসিম মুনিরের জন্য পরিকল্পনা অনুযায়ী কাজ করাটা সহজ হয়ে যেত। সেনাকর্তারা আগেই দেশের ভবিষ্যৎ প্রধানমন্ত্রী হিসেবে মিয়াঁ নওয়াজ শরিফের সাথে চুক্তিবদ্ধ হয়েছেন। যার ফলে যাবজ্জীবন কারাদণ্ড, সারা জীবনের জন্য দেশের রাজনীতিতে অযোগ্য বলে সুপ্রিম কোর্টের রায় পাল্টে গেছে ম্যাজিকের মতো। লন্ডনের নির্বাসিত জীবন ছেড়ে নওয়াজ শরিফ দেশে ফেরেন বীরের বেশে।

কিন্তু বিধি বাম। জেনারেল মুনির বা নওয়াজ শরিফ–কেউই দেশের মানুষের মনের গতি-প্রকৃতি বোঝেননি। বুঝলে হয়তো ভোটের ছক অন্যভাবে সাজাতেন। এত কিছু করে সাজানোর পর ভোটের ফল প্রকাশের প্রাথমিক ঘোষণাতেই পাশার দান উল্টাতে থাকে। একের পর এক আসনে এগিয়ে যেতে থাকেন পিটিআই-সমর্থিত স্বতন্ত্র প্রার্থীরা। পাকিস্তানের বেসরকারি টিভি চ্যানেলগুলোর খবরে তখন চমকের পর চমক। নওয়াজের মতো প্রার্থীও প্রথম দিকে পিছিয়ে ছিলেন। এরপর হঠাৎই ফল ঘোষণা বন্ধ হয়ে যায়।

ইমরানের দলের নেতাদের দাবি—ন্যাশনাল অ্যাসেমব্লির ২৬৬টি আসনের মধ্যে তারা ১৭০টিতে জিতেছেন। যদিও নির্বাচন কমিশনের হিসেবে তা এখনো ৯৩। তারপরও এককভাবে গরিষ্ঠ ইমরানের দলের স্বতন্ত্র প্রার্থীরা। এত সুযোগ পেয়েও দ্বিতীয় ও তৃতীয় স্থানে আছে নওয়াজ শরিফের পিএমএলএন (৭৫) ও বিলাওয়াল ভুট্টো জারদারির পিপিপি (৫৪)। এদিকে ম্যাজিকের মতো বদলে গেছে আদালতের কর্মকাণ্ড। ইসলামাবাদের সন্ত্রাসবিরোধী আদালত (এটিসি) গত শনিবার ১২টি মামলায় ইমরান খানকে জামিন দিয়েছেন। অথচ ভোটের আগে যেসব মামলায় তাঁর সাজা হয়েছে, সেখানে তিনি নিজের আইনজীবী পর্যন্ত নিয়োগ দেওয়ার সুযোগ পাননি। অতীত কর্মকাণ্ডের জন্য ইমরানকে বাহবা দেওয়ার কিছু নেই। কিন্তু লড়াইয়ের অংশ হিসেবে শত প্রতিকূলতা সত্ত্বেও নির্বাচনে অংশ নিয়ে তাঁর দল যেভাবে ঘুরে দাঁড়িয়েছে, তা প্রশংসনীয়।

আসলে নির্বাচনে অংশ না নেওয়ার অধিকার যেকোনো রাজনৈতিক দলের আছে। আবার অংশ না নেওয়ার জন্য সমালোচনাও তাদের মানতে হবে। ৭ জানুয়ারির নির্বাচনে অংশ না নেওয়ার জন্য পরোক্ষভাবে বিএনপিকে যারা উৎসাহিত করেছিল, তাদের অনেকেই এখন এই সিদ্ধান্তের সমালোচনায় মুখর। ইমরানের দলের এই ঘুরে দাঁড়ানোর লড়াই থেকে বিএনপি কি কিছু শিখবে?

লেখক: নির্বাহী সম্পাদক, ডিজিটাল বিভাগ, ইনডিপেনডেন্ট টেলিভিশন

# বইমেলাটাও কি নষ্টদের দখলে চলে গেল!

ইমরান ইমন

সবকিছু বুঝি নষ্টদের দখলে চলে গেল! আমরা যারা লেখালেখি কিংবা সৃজনশীল কর্মকাণ্ডে নিয়োজিত রয়েছি তাদের কাছে বইমেলা মানে প্রাণের মেলা, এক বিশেষ আবেগ ও গুরুত্বের জায়গা। জাতীয়ভাবে এ বইমেলার বিশেষ গুরুত্ব থাকলেও জাতি হিসেবে আমরা এ বইমেলার গুরুত্ব কতটুকু উপলব্ধি করতে পারি বা একুশকে কতটুকু ধারণ করতে পারি—সে প্রশ্ন না উঠে পারে না।

বইমেলা এখন আর বইমেলার জায়গায় নেই। বইমেলাটাও চলে গেল নষ্টদের দখলে! জাতি হিসেবে আমাদের আর বাকি রইলো কী? সম্প্রতি তিশা-মুশতাক, ডা. সাবরিনা ইস্যুতে সামাজিক যোগাযোগমাধ্যম সয়লাব। এর প্রভাব কিন্তু জাতীয়ভাবে পড়ছে—তাই না লিখে পারা গেল না।

তিশা-মুশতাকের ব্যক্তিগত জীবন নিয়ে কাদাছোড়াছুড়ি তথা তারা কে কাকে কত বছর বয়সে বিয়ে করেছে, সেটা আমার প্রশ্ন কিংবা লেখার বিষয়বস্তু নয়। আমার প্রশ্ন হলো, তারা সামাজিক যোগাযোগমাধ্যমে নিজেদের একান্ত ব্যক্তিগত বিষয়ের বিজ্ঞাপন ছড়িয়ে সমাজকে নেতিবাচকভাবে প্রভাবিত করেছেন। যেটাকে নার্সিসিজম (Narcissism) বলা যায়।

তারা এখানেই ক্ষান্ত হননি। সম্প্রতি বইমেলায় তারা তাদের এইসব ব্যক্তিগত নেতিবাচক বিষয়ের অবতারণা করে বই ছাপিয়েছেন। এখানেই তিশা-মুশতাক দম্পতি সর্বোচ্চ লেভেলের বাড়াবাড়িটা করে ফেলেছেন। তাদের উক্ত বইয়ের পৃষ্ঠাগুলো দেখে চোখ কপালে ওঠলো! সে বইয়ের ১০০তম পৃষ্ঠায় জনাব মুশতাকের একটি ছবি দিয়ে ছবির নিচে লেখা আছে: 'আমি যে বেল্ট পরেছি তাতে T লেখা তিশার T আর সেজন্যই এই বেল্টি কিনেছিলাম'। এরকম আরও অনেক...

এটা কি কোনো বইয়ের পর্যায় পড়ে? এখান থেকে জাতি কী শিখবে? এখন যারা বাংলা অ্যাকাডেমির মতো বইমেলায় এই বই ছাপিয়েছেন তারা কি দায় এড়াতে পারেন? যদিও এদেশে এখন কোথাও কোনো কিছুতে কারও কোনো দায় নেই! এমন বই ছাপিয়ে প্রশ্নবিদ্ধ করা হয়েছে বাংলা অ্যাকাডেমিকে, কলুষিত করা হয়েছে অমর একুশে বইমেলাকে। প্রতিবছর বইমেলা উপলক্ষ্যে লক্ষ লক্ষ কাগজ অপচয় হয় শুধু বইয়ের নামে এমন সব অখাদ্য-কুখাদ্য ছাপিয়ে।

এছাড়া কয়েকটা প্রকাশনী ছাড়া বেশিরভাগ প্রকাশনী লেখকদের সঙ্গে প্রতারণা করে থাকেন। বই ছাপানোর আগে তারা যে চুক্তিতে আবদ্ধ হন, বই ছাপানোর পর তারা আর সে কমিটমেন্টে থাকেন না। বই বিক্রি হলেও লেখককে রয়েল্টি দেন না। বেশিরভাগ লেখক এ যন্ত্রণায় নিদারুণভাবে ভোগেন, কিন্তু কোনো প্রতিকার পান না। অথচ এসবের নিয়ন্ত্রণের বা দেখভালের দায়িত্ব যেসব প্রতিষ্ঠানের, এক্ষেত্রে সেসবের ভূমিকা 'ঠুঁটো জগন্নাথের' মতো।

মুশতাকের মতো কিংবা ডা. সাবরিনার মতো জাতীয় প্রতারকরা যখন বইয়ের নামে অখাদ্য-কুখাদ্য ছাপায় এবং সেটা জাতির মাঝে ছড়িয়ে দেয় চমৎকারভাবে, তখন আর বোঝার বাকি থাকে না জাতি হিসেবে আমাদের অবস্থান কোথায় গিয়ে ঠেকেছে!

অন্যদিকে মুশতাক সাবরিনার যতো অখাদ্য-কুখাদ্যের ভিড়ে ভালো বইগুলো, ভালো লেখাগুলো আলোচনার বাইরে চলে যায়। দেশের সংবাদমাধ্যমগুলোর সারাবছর কোনো হুশ থাকে না দেশের বই নিয়ে, লেখক নিয়ে। কিন্তু এই ফেব্রুয়ারি এলেই তারা ঝাঁপিয়ে পড়েন কাভারেজে। কিন্তু সেখানেও ভিউ আর টিআরপির দৌড়ে তাদের কর্মকাণ্ড মূল ফোকাস থেকে সরে যায়।

সাম্প্রতিক সময়ে সামাজিক যোগাযোগমাধ্যমে একটু জনপ্রিয়তা পেলেই বই ছাপানো যেন ফরজ হয়ে গেছে আমাদের দেশের মানুষের! এখন পাঠক হওয়ার আগেই লেখক! কিন্তু মলাট ওল্টাতে ভেতরে আর পড়া যায় না। কিন্তু এরাই দিনশেষে বেস্ট সেলার লেখক হন। আর ভালো লেখকদের বই বিক্রি হয় না। বাংলাদেশের মানুষের মাঝে বর্তমানে একটা রোগ মারাত্মকভাবে বিস্তার লাভ করেছে। তা হলো: "ফেসবুক রোগ"। এখন মানুষ ঠুনকো জনপ্রিয়তার দিকে দৌড়াচ্ছে কিন্তু মানের দিকে কোনো মনোযোগ নেই। এ প্রসঙ্গে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' রচনার উদ্ধৃতির কথা মনে পড়ে গেল। বঙ্কিমচন্দ্র সেখানে উল্লেখ করেছেন: "খ্যাতির জন্য লিখিবেন না, এতে খ্যাতিও হইবে না, লেখাও হইবে না।" কবি শামসুর রাহমানের ঠিক "উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ"-এর মতোই আমাদের এখনকার অবস্থা।

আমাদের একেক করে সবকিছু নষ্টদের দখলে চলে যাচ্ছে। শেষমেশ বইমেলাটাও চলে গেল! চারিদিকে যে প্রগাঢ় অন্ধকার তা থেকে আমরা কবে আলোতে ফিরবো?

# KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]




সততা এবং বিশ্বস্ততাই আমাদের বৈশিষ্ট্য

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

NYS
Department of
Health CDPAP



**Mohammed Hasem,** MBA
President and CEO

হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ $৮০০ | আজই আসুন

**347-621-6640**
Fax: 347-338-6799
karnafullyhc@gmail.com
hasem@lovetocarehhc.com
info@lovetocarehhc.com

**Main Office**
167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

**Jackson Heights Branch**
37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

**Buffalo Branch**
1114 Walden Avenue
Buffalo, NY, 14211

**www.lovetocarehc.com**


শুভ উদ্বোধন
Khalil Biryani House
حلال
Halal
GRAND OPENING
JACKSON HEIGHTS BRANCH
21ST FEB. 2024
6PM
74-10 Broadway
Jackson Heights
NY 11373
929. 328.0680
All Are Invited
www.KHALILSFOOD.com

# Law Offices

# এক্সিডেন্ট কেইসেস

## মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

# 917-282-9256

(To schedule appointment only)

বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা জর্জিয়া ও ভার্জিনিয়াতে আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompart, Esq
Attorney at Law



- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

## IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নুন্যতম ৫০ ডলার

# Law offices of Timothy Bompart

**37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

**Immigration Petitions & Adjustment of Status.**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

### সংসদে শেখ সেলিম

## বিএনপি-জামায়াতের রাজনীতি নিষিদ্ধ করলে বঙ্গবন্ধুর আত্মা শান্তি পাবে

**ঢাকা অফিস**



শেখ সেলিম

বিএনপি-জামায়াতকে সন্ত্রাসী হিসেবে আখ্যায়িত করে দল দুটির রাজনীতি নিষিদ্ধের দাবি জানিয়েছেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম। তিনি বলেছেন, ‘এরা রাষ্ট্রের শত্রু, স্বাধীনতার শত্রু, গণতন্ত্রের শত্রু। সন্ত্রাসী, জঙ্গি, স্বাধীনতাবিরোধী বিএনপি-জামায়াতের রাজনীতি নিষিদ্ধের দাবি করছি।’

সোমবার জাতীয় সংসদে রাষ্ট্রপতির ভাষণের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এ দাবি তুলে ধরেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টি আকর্ষণ করে শেখ ফজলুল করিম সেলিম বলেন, ‘বঙ্গবন্ধু এ দেশে স্বাধীনতাবিরোধীদের রাজনীতি নিষিদ্ধ করেছিলেন। বঙ্গবন্ধুর কন্যা হিসেবে আপনিই এটা পারবেন। বিএনপি-জামায়াত স্বাধীনতাবিরোধীদের নিষিদ্ধ করলে বঙ্গবন্ধুর আত্মা শান্তি পাবে।’

বাংলাদেশ ও দেশের স্বাধীনতাকে বাঁচাতে হলে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে উল্লেখ করে তিনি বলেন, ‘বাংলাদেশে কোনো স্বাধীনতাবিরোধী শক্তি যাতে রাজনীতি করতে না পারে, সে জন্য এ দাবি করছি। তাদের নিষিদ্ধ করতে হবে। এরা যেন রাজনীতির নামে বাংলাদেশে খুন, সন্ত্রাস ও অরাজকতা করতে না পারে। আর যাকেই ধরতে পারবেন, তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনো দয়া-মায়া দেখানোর সুযোগ নেই।’

শেখ সেলিম বলেন, বিএনপি কোনো রাজনৈতিক দল নয়। এরা জঙ্গি, সন্ত্রাসী, স্বাধীনতাবিরোধী গোষ্ঠী। তাদের এ দেশে রাজনীতি করার কোনো অধিকার নেই।



## জুয়ানার পিঠা উৎসব

**উত্তর আমেরিকা অফিস**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকার সংগঠন। ১০ ফেব্রুয়ারি শনিবার জ্যামাইকার ইকরা পার্টি হলে সন্ধ্যায় জুয়ানা- এর আয়োজনে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে ভিন্ন রকম এক পিঠা উৎসব। এদিন সন্ধ্যে ৫টা থেকে গভীর রাত পর্যন্ত চলে পিঠা উৎসব ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

উৎসবে বাংলাদেশের ঐতিহ্যবাহী গ্রাম বাংলার হরেক রকমের পিঠা ছাড়াও ছিল স্মৃতিচারণ, কবিতা আবৃত্তি, পিঠালেখা প্রতিযোগিতা ও মনোজ্ঞ সঙ্গীত পরিবেশনা। হাসি উচ্ছ্বাস, শুভেচ্ছা, অভিনন্দন এসবের মধ্য দিয়ে বসেছিল প্রবাসী জুয়ানা’র মিলন মেলা। চমৎকার এ আয়োজনে প্রতিধ্বনিত হয় ঐতিহ্যবাহী বাঙালী সংস্কৃতির জয়গান। পিঠা উৎসবে শোভা পাচ্ছিল ভাপাপিঠা, পাটিসাপ্টা, তেলে পিঠা, চিতই পিঠা, চানার সন্দেষ, ঝাল পিঠা, মাংশের পিঠা, নারিকেল পুলি, নিমকি, ডালপুরি, আনারস পিঠা সহ নাম না জানা নানা রকমের পিঠা।

জুয়ানা’র সভাপতি তোফাজ্জল হোসেন তোফার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আহমেদ সোহেল ও সহ-সভাপতি জিয়াউল হক জিয়ার সঞ্চালনায় এই জাকজমকপূর্ণ পিঠা উৎসবে শুভেচ্ছা বক্তব্য রাখেন জুয়ানা’র প্রতিষ্ঠাতা সেক্রেটারি সপ্তম ব্যাচ পরিসংখ্যানের মুজিবুর রহমান মুজিব, সপ্তম ব্যাচের মোহাম্মদ করিম, সপ্তম ব্যাচ ইতিহাসের শহীদুল্লাহ খান মানিক, অষ্টম ব্যাচ ফিজিক্সের মোজ্জাম্মেল হক দুলাল, অষ্টম ব্যাচ অর্থনীতির রানা রায়হান, নবম ব্যাচ পরিসংখ্যানের ফরিদ উদ্দিন, নবম ব্যাচ অর্থনীতির তোফাজ্জল হোসেন, নবম ব্যাচের আশুতোষ সাহা প্রমুখ।


আমন্ত্রিত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন মূলধারার রাজনীতিবিদ ও বিশিষ্ট ব্যাবসায়ী ইমিগ্র্যান্ট এল্ডার হোম কেয়ারের কর্ণধার গিয়াস আহমেদ, অবসরপ্রাপ্ত সিনিয়র ডিস্ট্রিক্ট জাজ নূর মোহাম্মদ জাহাঙ্গীর সরকার, বিশিষ্ট ব্যাবসায়ী দুলাল বেহুদু, নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের সাবেক প্রেসিডেন্ট আহসান হাবিব, বিশিষ্ট কমিনিটি এক্টিভিস্ট মাকসুদুল হক চৌধুরী, রিয়্যাল স্টেট ব্যাবসায়ী আব্দুর রশিদ বাবু, এ আর মাহবুবুল হক প্রমুখ। অনুষ্ঠানে ব্যবসায়ী, সাংস্কৃতিক কর্মী, সাংবাদিক, সমাজকর্মীসহ নানা শ্রেণী পেশার বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। ফুল দিয়ে অতিথিসহ নবাগত জুয়ানাদের বরণ করে নেয়া হয়।

অসংখ্য জাবিয়ান এলামনাই ও তাদের পরিবারের উপস্থিতিতে ইকরা পার্টি সেন্টারটি কানায় কানায় ভরে যায়। একপর্যায়ে উপচেপড়া ভিড় পার্টি সেন্টারের বাইরেও চলে যায়। আয়োজক ও তাদের বন্ধু-বান্ধবীদের হাতে তৈরী বাংলার ঐতিহ্যবাহী নানান স্বাদ আর নানা রঙের এসব পিঠা সকলের জন্যে ছিল ফ্রী। আয়োজনকে প্রাণবন্ত করে রাখে আকর্ষণীয় এসব মজাদার বাঙালী পিঠা আর সাংস্কৃতিক পরিবেশনা। অনুষ্ঠানে আয়োজকদের পক্ষ থেকে সেরা পিঠা সরবরাহকারী বিজয়ীদের পুরস্কৃত করা হয়।

এক মিনিটে পিঠার নাম লেখার প্রতিযোগিতায় হেলেন (জেইউ ৯) প্রথম, শাহানা রুহুল দ্বিতীয় ও ফ্লোরা করিম তৃতীয় হয়েছেন।

## মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় ঝরে গেলো প্রবাসী দম্পতির প্রাণ!

**আরিফ ইসলাম**



মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় বাংলাদেশি প্রবাসী দম্পত্তির করুণ মৃত্যু হয়েছে। নিউইয়র্ক শহরের অদূরে উশবেরির লং মাউন্টেন পার্কওয়েতে ৯ ফেব্রুয়ারি শুক্রবার দিবাগত ভোর রাতে এ দুর্ঘটনা ঘটেছে। দুর্ঘটনায় দম্পতির বেঁচে যাওয়া দুই সন্তানের একজন আহত অবস্থায় হাসপাতালে রয়েছে। হৃদয় বিদারক এ দুর্ঘটনায় যুক্তরাষ্ট্র জুড়ে বাংলাদেশিদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। মহাসড়কে অন্য একটি গাড়িকে পুলিশ ধাওয়া করতে গিয়ে মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটেছে বলে জানা গেছে। নিহত হয়েছেন হাফিজ আহমেদ এবং তার স্ত্রী সাথী আহমেদ।(ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জানা গেছে, রাজ্য পুলিশ শুক্রবার গভীর রাতে উডবারির শহরে লং মাউন্টেন পার্কওয়ে - রুট ৬ এ গুরুতর দুর্ঘটনাটির বিস্তারিত তদন্ত শুরু করেছে।

ঘটনাস্থল থেকে পুলিশ জানিয়েছে , তারা ভিন্ন একটি গাড়ির অতিরিক্ত স্পীডের কারনে গাড়িটির গতিরোধ করার চেষ্টা করছিল। কিন্তু পুলিশের ধাওয়া পাওয়া গাড়িটির চালক না থেমে, আরো দ্রুতগতিতে গাড়ি চালাতে শুরু করে। ঘন্টায় ১০০ মাইলের বেশি স্পিডে চলছিল পুলিশের ধাওয়া পাওয়া গাড়িটি। একই মহাসড়ক দিয়ে হাফিজ দম্পতি তাদের দুই সন্তান সহ বিংহ্যামটন শহরের দিকে যাচ্ছিলেন। অতিরিক্ত স্পীডের কারণে ধাওয়া খাওয়া চালক নিয়ন্ত্রণ হারিয়ে এসইউভিকে আঘাত করে। এসইউভি গাড়িটির যাত্রী ছিলেন নিহত হাফিজ আহমেদের পরিবার। এর জের ধরে সেসময় অন্য কয়েকটি গাড়িসহ পুলিশের একটি গাড়িও দুর্ঘটনার শিকার হয়। ঘটনাস্থল থেকে বেশ কয়েকজনকে গুরুতর আহত অবস্হায় ভালহাল্লার ওয়েস্টচেস্টার মেডিকেল সেন্টার এবং ওয়ালকিল শহরের গার্নেট হেলথ মেডিকেল সেন্টারে নিয়ে যাওয়া হয় বলে পুলিশ জানিয়েছে।

কে-৯, অরেঞ্জ কাউন্টি সোয়াট টিম, ড্রোন এবং রকল্যান্ড কাউন্টি থেকে হেলিকপ্টার সহ দুর্ঘটনায় জড়িত চালক ও তার সহযোগীকে গ্রেফতারের জন্য হ্যারিম্যান স্টেট পার্কের জঙ্গলে খুঁজতে দেখা গেছে। ধাওয়া খাওয়া গাড়ি থেকে দুর্ঘটনার পরপরই দুই ব্যক্তি গাড়ি থেকে নেমে পায়ে হেঁটে জঙ্গলের দিকে পালিয়ে গেছে বলে পুলিশ মনে করছে।

কমিউনিটিতে ব্যাপকভাবে পরিচিত ছিলেন দুর্ঘটনায় প্রাণ হারানো সাথী আহমেদ এবং তার স্বামী হাফিজ আহমেদ এঞ্জেল। বিংহ্যামটনে সন্তানদের নিয়ে নিজ বাড়িতে বসবাস করতেন তারা।দুর্ঘটনার সময় পরিবারটি নিজ ঘরে ফিরছিল বলে স্বজনরা জানিয়েছেন। সাথী আহমেদ নিউইয়র্ক গাজীপুর সোসাইটির সাংস্কৃতিক সম্পাদক ছিলেন।আহত মেয়ের অবস্থা হাসপাতালে সংকটজনক বলেও এ রিপোর্ট লেখা পর্যন্ত জানা গেছে।দম্পতির মরদেহ বিভিন্ন আনুষ্ঠানিকতার পর স্বজনদের কাছে হস্তান্তর করা হবে।

হাফিজ আহমেদের দেশের বাড়ি গাজীপুর, স্ত্রী সাথী আহমেদের দেশের বাড়ি বরিশাল। পরিবারের তিন সদস্য স্বামী-স্ত্রী এবং তাদের ৮ বছরের সন্তান মেয়ে রাইদা কে নিয়ে যাচ্ছিলেন l তাদের ৮ বছরের মেয়ে রাইদা লাইফ সাপোর্ট আছে। আরেক সন্তান ১৮ বছরের ছেলে- ইশাম।

## হারানো যৌবন ফিরে পেতে চায় নবীগঞ্জের শাখা বরাক নদী

### ১০১টি স্থাপনা উচ্ছেদ

**মতিউর রহমান মুন্না**, নবীগঞ্জ, হবিগঞ্জ



হবিগঞ্জ জেলার নবীগঞ্জের শাখা বরাক তার হারানো যৌবন ফিরে পেতে আকুতি জানাচ্ছে কিন্তু কেউই যেন শুনছে না। আকুতি-মিনতি, ফরিয়াদ কোন কিছুই যেন কানে ডুকছেনা কানওয়ালা কর্তা বাবুদের। শাখা বরাকের মায়াবি বুকে প্রতিদিন ফেলা হচ্ছে শহরের ময়লা-আর্বজনা। একদিকে নদীতে তৈরি হচ্ছে ভাগাড় অন্যদিকে এই ভাগাড়ে আগুন দেওয়ায় ধোঁয়ায় আশপাশের মানুষ শ্বাসকষ্টে ভুগছেন বলে অভিযোগ করছেন শহরবাসী।

তবে আশার আলো জ্বলেছিল ২০২০ সালে কিন্ত করোনা মহামারি সেই আলো নিভিয়ে দিয়ে গেছে। আর কেউ আলো দেখাতে পারেনি। এবার নদী দূষণ ও দখলের বিরুদ্ধে সামাজিক সচেতনা তৈরী করতে রিভার উইংস নামের একটি সংগঠন প্রতিষ্ঠা করা হয়েছে।

গল্পের শুরুটা ২০২০ সালের ২ মার্চ। নবীগঞ্জের শাখা বরাক নদী সচল ও প্রবাহমান রাখতে হবিগঞ্জ জেলা প্রশাসন আনুষ্ঠানিক সংবাদ সম্মেলন করে ঘোষনা দেয়। তৎকালিন জেলা প্রশাসক কামরুল হাসানের নির্দেশে নবীগঞ্জ উপজেলার শাখা বরাক নদী থেকে উচ্ছেদ অভিযান শুরু করে স্থানীয় উপজেলা প্রশাসন। করা হয় অবৈধ স্থাপনার তালিকা প্রণয়ন। নবীগঞ্জের শাখা বরাক নদীর ১০১টি স্থাপনা উচ্ছেদ করার সিদ্ধান্ত হয়। আশার আলো জ্বলে নবীগঞ্জবাসীর মনে। আনন্দের জোয়ার দেখা যায় প্রকৃতি প্রেমিদের মাঝে। জেলা প্রশাসনের এই উদ্যোগকে সাধুবাদ জানান নবীগঞ্জবাসী। অনেকেই মনে করেছিলেন হয়তো হারানো যৌবন ফিরে পাবে শাখা বরাক। ওই সময় পানি উন্নয়ন বোর্ড, নবীগঞ্জ ভূমি অফিস ও পৌরসভার সার্ভেয়াররা সরেজমিনে দখলদারদের নাম তালিকাভূক্ত করে বিভিন্ন বাসা-মার্কেটে লাল রঙ দ্বারা চিহ্নিত করেন। পরে প্রশাসন অভিযান করে বেশ কিছু স্থাপনা উচ্ছেদ করেন। কিন্তু করোনা সংক্রমন বাড়ায় অভিযান শুরুর কিছুদিন পরই বন্ধ হয়ে যায়। এখন পর্যন্ত নদী সচল ও প্রবাহমান রাখতে আর কোন কার্যক্রম লক্ষ্য করা যায়নি। শাখা বরাক তার যৌবন ফিরে পেতে আকুতি জানালেও আর কেউ শুনেননি। বর্তমানে শাখা বরাক নদীতে ফেলা হচ্ছে শহরের সকল ময়লা-আবর্জনা। বর্তমানে ডাক বাংলোর সামনে, সবজি বাজারের পেছনে, নোয়াপাড়া পয়েন্টে, শিবপাশা ব্রিজের নিকটে ও হাসপাতাল সংলগ্ন শাখা বরাকে ফেলা হচ্ছে এসব ময়লা। এতে দ,ষিত হচ্ছে পরিবেশ, বাড়ছে দূষণ ছড়িয়ে পড়ছে রোগব্যাধি। কিন্তু নাকওলা জনপ্রতিনিধি বা সংশ্লিষ্ট কারো নাকেই যেন এই পচা গন্ধ লাগছে না। যদিও স্থানীয়দের অভিযোগ তারা দামী গাড়ি দিয়ে দাপিয়ে বেড়ান তাই গাড়ির ভেতর দিয়ে গন্ধ তাদের নাকে পৌঁছায় না।

সরেজমিনে ঘুরে দেখা যায়, এক সময়ের উত্তাল স্রোতের বরাক নদী কালেরগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। নদীপথ ফিরে পেতে বিভিন্ন সময়ে মানববন্ধন ও প্রতিবাদ সভা করেও যেন সুফল মিলছেনা হতভাগা এলাকাবাসীর। রাঘব বোয়ালদের চরাঞ্চল দখলের মহোৎসব চলছে। সচেতন মহলের অভিযোগ রহস্যজনক নীরবতা পালন করছে প্রশাসন। এর ফলে শহরের গুরুত্বপূর্ণ সড়কপথগুলো বর্ষা মৌসুমে চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। সামান্য বৃষ্টিতেই শহরতলির সড়কগুলো পানির নিচে তলিয়ে যায়। নবনির্মিত সড়কগুলো অকালেই ভেঙ্গে পড়ে। এ নিয়ে পৌর কর্তৃপ॒রে বিরুদ্ধে উদাসীনতার অভিযোগও রয়েছে। যদিও চলতি বছরে ড্রেন নির্মাণের মেগা প্রকল্পের কাজ চলমান রয়েছে।

স্থানীয়দের অভিযোগ, নবীগঞ্জ শেরপুর সড়কের ১নং ব্রিজের নিচ দিয়ে যে খালটি শিবপাশা ঠাকুর পাড়ার ভেতর প্রবাহিত হয়ে নোয়াপাড়া-শাখা বরাক নদীতে মিলিত হয়েছে এর অনেকটাই এখন দখলদারদের কবলে বিলীন হয়ে গেছে। প্রায় শত কোটি টাকার ডিসির খতিয়ানভুক্ত খাস ভ,মি দখল নিয়ে প্রশাসনের ভ,মিকায় তীব্র ॒োভ দেখা দিয়েছে। ঐতিহ্যবাহী শাখা বরাক নদীটি কালের আবর্তে দখলদারদের কবলে পড়ে একটি নালায় পরিণত হয়েছে। এসব যেন দেখার কেউই নেই। মানুষের বেঁচে থাকার জন্য সুন্দর ও সুস্থ পরিবেশ প্রয়োজন। শহরের সেই পরিবেশ এখন হুমকির মুখে।

এ ব্যাপারে আলাপকালে প্রবাসী সাংবাদিক মতিউর রহমান মুন্না বলেন, ‘নবীগঞ্জের অ·িজেন শাখা বরাব তার হারানো যৌবন ফিরে পেতে আকুতি জানাচ্ছে, কিন্তু কেউই শুনছে। উল্টো দিন দিন ময়লা আবর্জনা পেলে আরো নির্যাতন করা হচ্ছে। সাংবাদিক মুন্না আরো বলেন- ‘একযুগ আগেও যে নদীতে ৫/৬শত মন ওজনের নৌকা ধান, ইট, বালু, বাঁশ নিয়ে যাতায়াত করত।

## বীর মুক্তিযোদ্ধা নূরপুর গ্রামের মীর আবু তাহের ইন্তেকাল করেছেন

**তোফাজ্জল** সোহেল, হবিগঞ্জ



শায়েস্তাগঞ্জ উপজেলার নুরপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা, অবসরপ্রাপ্ত বিডিআর কর্মকর্তা মীর মো: আবু তাহের (৭৫) ১২ ফেব্রুয়ারি ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন।) তিনি স্ত্রী, ৪ ভাই, ৫ বোন, ২ মেয়ে নাতি-নাতনীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার নূরপুর স্কুল মাঠ প্রাঙ্গনে জানাজা শেষে তাঁকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

মুক্তিযোদ্ধা মীর আবু তাহের এর মৃত্যুতে শোক প্রকাশ ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) হবিগঞ্জের সভাপতি অধ্যাপক মো: ইকরামুল ওয়াদুদ ও সাধারণ সম্পাদক তোফাজ্জল সোহেল।



## HOUSE & BUSINESS FOR SALE IN MICHIGAN CALL M. NASSER : (313)505-4568




Brick 5 Bedrooms, Beautiful 2206+ square feet colonial house sitting on park like lot. First floor has Living room with Fireplace, Formal Dining room, Kitchen, Family room, one Bedroom, Full Bathroom; Second floor has 4 Bedrooms, Full Bathroom, lots of storage spaces and 3rd floor is partially finished attic; Full finished Basement has a recreation room, living room, 1/2 bathroom with laundry facility and lots of storage spaces. Very large deck and a large shed in the backyard, 2 1/2 car Garage. Price $324,900. City of Warren



Ready to move in four bedroom house located in the heart of Hamtramck. 4 Bedrooms, Very large living room, two full bathroom, 2 Laundry facilities: one in the basement and other one on the second floor. Many updates includes bathrooms & Kitchen, garage and many more updates. Newer roof (2018), Kitchen remodeled in 2018, Aluminum siding, 2 car garage with remote door opener. Near Hamtramck Schools, shopping centers and major highways.




Commercial building on a main street, two miles to midtown. With established business. Apartments / Vacation Rentals. DBA/ Veterans Park Hotel. It is 2-story structure with 12 units, one storefront and a utility area with laundry and storage. Property is for sale with the business. and inventory for $1488500.00



CITY OF TROY FRESHLY PAINTED FOUR BED ROOMS, HUGE MASTER BED HAS ATTACHED FULL BATH WITH DUAL FACILITIES- TUB AND STANDING SHOWER + WALKING CLOSET,TWO AND HALF BATHS,LIVING-DINING-KITCHEN-BREAKFAST NOOK-FAMILY ROOM WITH FIRE PLACE-LIBRARY ROOM IN FIRST FLOOR HAS BUILT IN BOOKSHELVES (CAN BE USE AS FIFTH BED ROOM)-FIRST FLOOR LAUNDRY ROOM-NEWLY BUILT EXTRA FOUR SEASON /FLORIDA ROOMS WITH WEATHER PROOF WINDOWS. ROOF 2013,WINDOWS VINYL SIDINGS,FURNACE 2008,AC 2011.WASS ELEMENTARY, LARSON MIDDLE AND TROY ATHENS SCHOOL. Price $439,900



Well updated freshly painted house three bedroom one and half bath located walking distance from Elementary, Middle, High School & School Administrative office. Walk in closets on two bedrooms, Master bedroom includes attach half bath. Third bedroom's everything are new wall to ceiling. One third of the house roof is brand new. Electrical panel, AC & Furnace with all heating docks done on 2022. Third room is done just a few weeks ago. Hardwood finish, carpet, paint, kitchen ceramic tile, granite countertop, backsplash, chandeliers, sinks, bathroom vanities, sinks, toilets all of them Are year 2022 & 2023 Price $264, 900. City of Center Line.



Three bedroom one an half bath house Updates include: Vinyl windows, cement, carpet, electrical box, Furnace & A/C,12 years old, roof 9 years beautiful main bath (has handicap railing and shower is barrier free). Family room has fireplace with gas line (not sure if working or hooked up), door leads to rear of home. 1/2 bath opens directly to primary bedroom and hall. Basement is partially finished with loads of storage, cedar closet, nice rec area, office w/walk-in closet, large utility room with laundry tub and closets. Nice size front porch and extended cement in back would be great for patio parties. 2+ garage is deep & yard is fenced. Price $259,100. City of Warren.

## REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যগাযগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

**Hasan Malik, Esq.**

**718-433-9243**

37-13 74TH ST. FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

## দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী




এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।

**PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688**

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

## Wasi Choudhury & Associates LLC

### আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

■ ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

**Wasi Choudhury, EA**
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member: naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে
ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377



## এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

## MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

**Appointment:**
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
| --- | --- |
| 30-04, 36th Avenue | 170-12 Highland Avenue |
| LIC, NY 11106 | Jamaica Estates, NY- 11432 |
| Tel: 718-383-4500 | www.drmrahman.com |



## Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary

**INCOME TAX**
Income Tax Serice & Direct Deposit quick Refund & Electronic Filling

**IMMIGRATION SERVICES**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

**REAL ESTATE**
For Buying & Selling houses
mortgage services

IRS e-file

**PIER TAX AND EXECUTIVE SERVICES**

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com



দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায়

## সকল ধরনের ইনস্যুরেন্সের জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান



আপনার গাড়ি বাড়ি ব্যবসা ও TLC ইন্সুরেন্সের
জন্য আমাদের প্রফেশনালদের সহায়তা নিন

Low Down Payment
No Extra Fee
6 Hours DDC Classs

Experienced
Tax Professional
IRS e-file
IRS Authorized e-file Provider

**Auto Home Business & TLC Insurance**
**TDS Insurance Brokerage Corp.**

BROOKLYN
118 Beverley Road, Brooklyn, NY 11218
Phone: 718-483-9310, Fax: 718-483-9311
Email: team@tdsinsurance.com

## জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে সিপিএ'র মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

**TAX FILING 2023**
WE DO ALL TYPES OF TAXES

**CONTACT**
KALIANNA LAKSHMANAN,CPA,PC
7232 BROADWAY,SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 646 4818369
Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com



আবু জামান
ম্যানেজার
Tel: 6462844776



KALIANNA LAKSHMANAN
CPA,PC
Tel: 347-279-6001

## জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্মক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে দেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

**এম এ জামান** (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভেলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

## বাড়ি ক্রয়ে ২৫% ডাউন পেমেন্ট দিলে নো ব্যাকগ্রাউন্ড চেক

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-নেগোসিয়েশন কেনাবেচার ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাড (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সসহ যাবতীয় সহযোগিতার জন্য কথা বলুন




Please call or text
**646 284 4776**
**Abu Zaman**
Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com



**Silver & Gold Realty**

## MITU DISABILITY CENTER
### MITU PHYSICAL THERAPY P.C.
### MITU HOME CARE LLC.



**RONJAN**
(Disability Consultant)
646-730-8416

আপনি যদি অসুস্থ হন তাহলে প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন



**JABBAR SHARIFF**
Attorney & Counselor at Law

পরীক্ষা ছাড়াই আমেরিকার সিটিজেনশীপ

**N-648 WAIVER**

**MITU DISABILITY CENTER**
- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

**MITU PHYSICAL THERAPY P.C.**
আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হাটুর ব্যাথা, গোড়ালীর ব্যাথা, মাজার ব্যাথা, অবশ হওয়া, ঝিনঝিন করা, মাথা ধরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।
**Nagah A. Alaidy**
(ফিজিক্যাল থেরাপিষ্ট)

**MITU HOME CARE LLC.**
আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

**B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ**

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



FRANCHISE BROKER ACADEMY
Member

| H1B | L1A VISA |
| EB5 | E2 VISA |
| POLITICAL ASYLUM | |

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

## Captor USA, Inc.
**Franchise & Business Consulting Firm**
37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
New addres 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

# টিকে থাকতে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে

## নিউইয়র্কে ইহলান ওমর

**উত্তর আমেরিকা অফিস**



যুক্তরাষ্ট্রে দিন দিন মুসলিম কমিউনিটি প্রসারিত হচ্ছে। প্রতিটি রাজ্যে মুসলমানদের সংখ্যা বাড়ছে। আমেরিকা আর বিশ্ব রাজনীতির চলমান পরিস্থিতিতে মুসলিম কমিউনিটিকে টিকে থাকতে হলে সকল মুসলিমকে ঐক্যবদ্ধ হতে হবে, মূলধারার রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হতে হবে। এজন্য নিজেদের ভোটাধিকার প্রয়োগের বিকল্প নেই। কংগ্রেসওম্যান ইলহাম ওমর তাঁর সম্মানে নিউইয়র্কে ফান্ড রেইজিং অনুষ্ঠানে এসব কথা বলেন।

যুক্তরাষ্ট্রের মিনিসোটা রাজ্য থেকে নির্বাচিত ইউএস কংগ্রেস সদস্যদের মধ্যে আলোচিত সদস্যদের মধ্যে ইহলান ওমর একজন। ৩ ফেব্রুয়ারি শনিবার সন্ধ্যায় আয়োজিত ফান্ড রেইজিং অনুষ্ঠান

জ্যামাইকার আল মামুর স্কুল অনুষ্ঠিত হয়। আয়োজিত ফান্ড রেইজিং অনুষ্ঠানের মূল আয়োজক ছিলেন কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী আব্দুল আজিজ ভূইয়া এবং আফতাব মান্নান। হোস্ট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ ওয়াহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ফান্ড রেইজিং পর্ব পরিচালনা করেন আব্দুল আজিজ ভূইয়া ও আল মামুর স্কুলের ছাত্রী জানাইল কাশারি।

সঙ্গত কারনেই ইউএস কংগ্রেসের আলোচিত মুসলিম এই নারী কংগ্রেসওম্যান ছিলেন অনুষ্ঠানের মধ্যমনি। খুব সাদাসিধে পোশাকে অনুষ্ঠানে উপস্থিত হন তিনি। অনুষ্ঠানের মূল পর্বের আগে ও পরে খোলামেলা কথা বলেন আর শুভেচ্ছা বিনিময় করেন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে।

উল্লেখ্য, অনুষ্ঠানে বাংলাদেশী ও পাকিস্তানী কমিউনিটিসহ বিভিন্ন মুসলিম কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অংশ নেন। এই ফান্ড রেইজিং অনুষ্ঠান থেকে প্রায় ৭৫ হাজার ডলার সংগৃহীত হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

অনুষ্ঠানে নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলিম্যান জোহরান মামদানী সহ অন্যান্যের মধ্যে জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান ও কো হোস্ট ডা. নাজমুল এইচ খান, কো চেয়ারম্যান হাবিব উদ্দিন আহমেদ, জেএমসি'র সভাপতি ডা. মাহমুদুর রহমান, নাসাও কাউন্টির ফাইভ টাউন মসজিদের প্রেসিডেন্ট তানভীর আহমেদ, ইসলামিক সার্কেল অব নর্থ আমেরিকা (ইকনা)-এর সভাপতি তারিকুর রহমান, নিউইয়র্ক মুসলিম ট্রাসফোর্সের সভাপতি ডা. মোহাম্মদ ওয়াহিদুর রহমান, ডা. জাকির সাব্বির, জেএমসি পরিচালনা কমিটির সেক্রেটারী আফতাব মান্নান, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক, ইমিগ্র্যান্ট এল্ডার হোম কেয়ারের প্রেসিডেন্ট গিয়াস আহমেদ প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে ইহলান ওমর দৃঢ়তার সাথে আরো বলেন, আমি মুসলমানদের পক্ষে সত্য কথা বলি বলেই আমার বিরুদ্ধে মিলিয়ন মিলিয়ন ডলার খরচ করে ষড়যন্ত্র করা হচ্ছে। বিশেষ করে রিপাবলিকান পার্টির সদস্যরা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। তিনি বলেন, সকল মুসলিম কমিউনিটিকে ঐক্যবদ্ধ হয়ে মুসলমানদের বিরুদ্ধে যেসব ষড়যন্ত্র হচ্ছে তা মোকাবেলা করতে হবে। তিনি বলেন, মূলধারার রাজনীতিবিদদের সঙ্গে বন্ধুত্ব করতে হবে। মূলধারায় সম্পৃক্ত হতে না পারলে কোনোভাবেই মুসলমানদের ন্যায্য অধিকার আদায় করা সম্ভব নয়। তিনি আরো বলেন, এই দেশে জন্ম নেয়া এবং বেড়ে ওঠা নতুন প্রজন্মকে মূলধারার রাজনীতিতে অংশগ্রহণ করতে হবে।

গাজা প্রসঙ্গে তিনি বলেন, হামাস যখন ইসরায়েলে হামলা চালিয়েছিল আমরা সেই হামলার নিন্দা জানিয়েছিলাম, কিন্তু মাসের পর মাস যখন ইসরায়েল নিরপরাধ ফিলিস্তিনীদের ওপর হামলা চালাচ্ছে, তখন আমরা মাত্র পাঁচ জন সদস্য নিন্দা জানিয়েছি, অন্যরা সব বিরত থাকছে। উল্টো ইসরায়েলকে অর্থ দেওয়ার জন্য তারা সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। যা কাম্য নয়।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে আয়োজক কমিটির কো হোস্ট আমীর খান, ডা. আতাউল ওসমানী, ডা. এম পাটোয়ারি, সায়েদ রহমান, মাহবুবুর রহমান, সায়েদ মুজাফ্ফর, আক্তার শাহীন, মোহাম্মদ হাশেম, মোহাম্মদ বেলাল ভুইয়া, খাজা মিজানুল হাসান, ডা. সিদ্দিকুর রহমান, ডা. আসাদুর রহমান, ডা. জান্নুন চৌধুরী, জোহেব চৌধুরী, মনজুর চৌধুরী, মোহাম্মদ সোয়েব বখত, আজহার হক, ডা. ইমরান হোসাইন, ডা. আব্দুস সবুর, ডা. মাসুদুর রহমান, সালেহ আহমেদ, একেএম ফজলে রাব্বী, জ্যামাইকা মুসলিম সেন্টারের জয়েন্ট সেক্রেটারী ফখরুল ইসলাম দেলোয়ার প্রমুখ উপস্থিত ছিলেন।

# ভয়াবহ তুষারঝড়, দুর্ঘটনা, তীব্র রাতে ৯০ জনের মৃত্যু

**ইমা এলিস**

যুক্তরাষ্ট্রে ভয়াবহ তুষারঝড় প্রবাহিত হচ্ছে। চলতি বছরের সবচেয়ে বড় এই তুষারঝড় স্থানীয় সময় ১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার সকাল থেকে শুরু হয়েছে। বিশেষ করে উত্তর-পূর্বাঞ্চলীয় এলাকার প্রায় ৩০টি অঙ্গরাজ্যে ইতোমধ্যে ১২ থেকে ২০ ইঞ্চি পর্যন্ত বরফের স্তর জমেছে। শীত মৌসুমের শুরু থেকেই বিভিন্ন দুর্ঘটনা ও শীতজনিত কারণে এ পর্যন্ত ৯০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। মঙ্গলবার দিনব্যাপী তুষারঝড় অব্যাহত থাকবে বলে এক আবহাওয়া দপ্তর এক বার্তায় জানিয়েছে। যুক্তরাষ্ট্রের ৩০টির বেশী অঙ্গরাজ্যে জরুরী অবস্থা ঘোষনা করেছে কর্তৃপক্ষ।

নিউ ইয়র্ক ছাড়াও তুষার ঝড়টি আঘাত হানবে নিউ জার্সী অঙ্গরাজ্যের উত্তরাঞ্চলসহ হাডসন ভ্যালী এবং কানেকটিকাট অঙ্গরাজ্যে। সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগের ফলে সিটির পাবলিক স্কুলগুলো খোলা থাকলেও ইনপার্সন কোন ক্লাশ হবে না। তবে ক্লাশ চলবে রিমোর্টে। সিটির ক্যাথলিক এলিমেন্টারি স্কুলগুলোও বন্ধ থাকবে। এদিকে উদ্ভুত পরিস্থিতিতে জনগনের নিরাপত্তার বিষয়টি সর্বাধিক গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় বার্তার পাশাপাশি সকল ব্যবস্থা গ্রহণ করেছে সিটি প্রশাসন। প্রয়োজন ছাড়া ঘর থেকে বের না হওয়ার জন্য নিউ ইয়র্কারদের প্রতি সতর্কবার্তা জানিয়ে প্রশাসন।

নিউ ইয়র্কের ন্যাশনাল ওয়েদার সার্ভিস বলছে, মঙ্গলবার ২৫/৩০ মাইল বেগে ঝড়ো হাওয়া বইতে পারে। প্রবল বাতাসের তীব্রতা শেষ বিকেলের মধ্যে শেষ হলেও উপকূলীয় এলাকায় দুই ফুট পর্যন্ত বন্যা দেখা দিতে পারে। সম্ভাব্য পরিস্থিতি নিয়ে মেয়র এরিক এডামস সোমবার (১২ ফেব্রুয়ারি) সকালে সংবাদ সম্মেলনে বিস্তারিত তুলে ধরেন। এসময় স্যানিটেশন বিভাগের কমিশনার জেসিকা টিশ সহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। অপরদিকে ষ্টেট গভর্ণর ক্যাথি হোকল দুর্যোগ পরিস্থিতি পর্যবেক্ষন করছেন। তার অফিস আর সিটি মেয়র অফিস যৌথভাবে পরিস্থিতি পর্যক্ষেণ করছে।

মঙ্গলবার সকাল থেকে হাজার হাজার বিমান বাতিল ও সময়সূচি পরিবর্তন হয়েছে প্রায় ৭ হাজার বিমান। বরফ সরানোর জন্য বন্ধ করা হয় নিউ ইয়র্কের জেএফকে, লাগোর্ডিয়া, ফিলাডেলফিয়ার আন্তর্জাতিক ও নিউজার্সির নিউওয়ার্ক লিবার্টি ইন্টারন্যাশনাল বিমানবন্দর।

# গ্রিন কার্ড পেতে সহযোগিতা করছে গেহি এসোসিয়েটস

**উত্তর আমেরিকা অফিস**

গ্রিন কার্ড- যা যুক্তরাষ্ট্রে আনুষ্ঠানিকভাবে স্থায়ী বাসিন্দা কার্ড হিসাবে পরিচিত। এটি একটি পরিচয় নথি যা প্রমাণ করে যে ব্যক্তিটির মার্কিন যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাস রয়েছে৷ তবে গ্রিন কার্ড শব্দটা শুনতে যতটা সহজ, তা পাওয়া অনেক দুঃসাধ্য ব্যাপার। অনেক কাঠখড় পুড়িয়ে পেতে হয় এই কার্ড। যথাযথ আইনি প্রক্রিয়ায় আবেদন করতে পারেন না বলে যুক্তরাষ্ট্রে পাড়ি জমিয়েও অনেকে সহজে গ্রিন কার্ড বা নাগরিকত্ব পান না।

তবে এক্ষেত্রে বাংলাদেশিদের বিভিন্নভাবে সহায়তা দিয়ে আসছে যুক্তরাষ্ট্রের স্বনামধন্য আইনি সেবাদাতা প্রতিষ্ঠান গেহি এন্ড এসোসিয়েট। এই প্রতিষ্ঠানটির তত্ত্বাবধানে প্রতিবছর বাংলাদেশিসহ বিশ্বের বিভিন্ন দেশের অসংখ্য অভিবাসন প্রত্যাশী যুক্তরাষ্ট্রে গ্রিন কার্ড লাভ করছেন।

গেহি এন্ড এসোসিয়েট যুক্তরাষ্ট্রের একটি বিশ্বস্ত ও স্বনামধন্য আইনি সেবা দাতা প্রতিষ্ঠান। যেটি ইমিগ্রেশন, ব্যাংক্র্যাপসি, ক্রেডিট কার্ড মেটার, ডিভোর্স, সিটিজেনশিপ, চাইল্ড কাস্টডি, চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন ও সব ধরনের ভিসা এবং ফিয়ানসি ভিসা প্রসেসিং সেবা তুলনামূলক কম ফি'তে দিয়ে থাকে।

নিউইয়র্কের জ্যাকসন হাইটস, ওজোন পার্কের লিভারটি অ্যাভিনিউ ও জ্যামাইকা অ্যাভিনিউতে প্রতিষ্ঠানটির অফিস রয়েছে।

বাংলাদেশি কমিউনিটি তো বটেই, দক্ষিণ আমেরিকার কলম্বিয়া, ইকুয়েডর, আর্জেন্টিনা, ভারতীয় উপমহাদেশের ভারত, পাকিস্তান, তিব্বত, নেপালের কমিউনিটির কাছে প্রতিষ্ঠানটি ব্যাপকভাবে জনপ্রিয়তা পেয়েছে।

গেহি এন্ড এসোসিয়েটের কর্নধার নরেশ গেহি জানান, রাজনৈতিক সংঘাত, ব্যাংক্র্যাপসি, বর্ডার ক্রসসহ বিভিন্ন সমস্যা নিয়ে যারা যুক্তরাষ্ট্রে আসেন, আমরা তাদের গ্রিন কার্ডের জন্য সহায়তা করে থাকি৷ ব্যবসায়িক কারণে দেউলিয়া হয়ে যাওয়া, ঋণ খেলাপি, রাজনৈতিক সংঘাতের কারণে যারা এসাইলাম আবেদন করেন, আমরা তাদের গ্রিন কার্ড লাভে সহায়তা করে থাকি। গ্রিন কার্ডের জন্য আবেদন করা অবস্থায় স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটলে এক্ষেত্রেও আমাদের প্রতিষ্ঠান গ্রিন কার্ড লাভে যাবতীয় সহযোগিতা করে থাকে। এছাড়া বর্ডার ক্রস করে যারা যুক্তরাষ্ট্রে আসেন, যারা ইংরেজি জানেন না, যাদের বয়স ৬০ এর কাছাকাছি তাদের গ্রিন কার্ড লাভে আমরা সহযোগিতা করি।

নরেশ গেহি আরও বলেন, আমাদের প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলাদেশি কমিউনিটি তো বটেই, দক্ষিণ আমেরিকার কলম্বিয়া, ইকুয়েডর, আর্জেন্টিনা, ভারতীয় উপমহাদেশের ভারত, পাকিস্তান, তিব্বত, নেপালের কমিউনিটির অসংখ্য মানুষ গ্রিন কার্ড লাভ করেছে।

# মাদক ও অপরাধ প্রতিরোধে সেমিনার ১৭ ফেব্রুয়ারি

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কে যুব তরুণদের মধ্যে মাদক সমস্যা ও অপরাধ বেড়ে যাওয়ায় উদ্বেগ দেখা দিয়েছে সর্বত্র। সাম্প্রতিক সময়ে বেশ কিছু যুব তরুণের অকাল মৃত্যু ঘটেছে মাদকের সাথে সংশ্লিষ্টতার কারণে। গাড়ি ছিনতাইসহ নানা অপরাধে জড়িত হয়ে পড়ছে তরুণ যুবকেরা। গ্রেফতারের ঘটনা ঘটছে প্রায়ই। এসব নিয়ে উদ্বিগ্ন জনসমাজ আয়োজন করেছেন সচেতনতা বৃদ্ধির সেমিনার।

কনসার্ন পিপল অফ নিউইয়র্কের ব্যানারে ১৭ ফেব্রুয়ারি শনিবার জামাইকায় অনুষ্ঠিত হবে 'স্টপ ড্রাগস এন্ড ক্রাইমস - সেইভ আওয়ার চিলড্রেন' শিরোনামে সেমিনার। হিলসাইড ১৬৭ স্ট্রিটের খলিল বিরিয়ানির দোতালায় সন্ধ্যা ৬টায় সেমিনার শুরু হবে। সেমিনারটির সাংগঠনিক আয়োজন করছেন এবং পরিচালনা করবেন কমিউনিটির পর্বিন ব্যক্তিত্ব নাসির খান পল। রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম এবং আনোয়ার হোসেনের পৃষ্ঠপোষকতায় সেমিনারটির আয়োজনে অন্যান্যদের মধ্যে রয়েছেন সৈয়দ আল আমীন রাসেল, আহসান হাবিব এবং আনহাফ আলম।

সেমিনারে সরকারি ও বেসরকারি প্রতিনিধিসহ সমাজে প্রভাব রাখেন এমন ব্যক্তিরা কথা বলবেন। করণীয় ও প্রতিকার নিয়ে সুপারিশমালা প্রণয়ন করা হবে।

# যুক্তরাষ্ট্রে 'কৃষ্ণ মৃত্যু' বিউবোনিক প্লেগ রোগী শনাক্ত

**উত্তর আমেরিকা ডেস্ক**

চতুর্দশ শতকে বিউবোনিক প্লেগে আক্রান্ত হয়ে বিশ্বজুড়ে অন্তত ২০ কোটি মানুষের মৃত্যু হয়েছিল। কেবল ইউরোপেই মারা গিয়েছিল আড়াই কোটিরও বেশি মানুষ। তারপর থেকে বিশ্বের উন্নত দেশগুলোতে এই রোগের খুব বেশি আলামত বা প্রমাণ দেখা যায়নি। অবশেষে যুক্তরাষ্ট্রে এই রোগে আক্রান্ত একজনের সন্ধান পাওয়া গেছে।

বার্তা সংস্থা এএফপির প্রতিবেদনে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের অরেগনে বিউবোনিক প্লেগে আক্রান্ত ওই ব্যক্তির খোঁজ পাওয়া গেছে। অরেগন অঙ্গরাজ্যের কর্মকর্তাদের অনুমান, ওই ব্যক্তির পোষা বিড়াল থেকেই হয়তো রোগটি ছড়িয়েছে। অরেগনের রাজ্য সরকার এই রোগকে বিপজ্জনক হিসেবেই বিবেচনা করছেন।

অরেগনের কর্মকর্তারা বিউবোনিক প্লেগে আক্রান্ত ব্যক্তির পরিচয় প্রকাশ করেননি। তবে তাঁরা জানিয়েছেন, তাঁকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে এবং চিকিৎসা দেওয়া হয়েছে। প্রাথমিকভাবে তাঁরা অনুমান করছেন, এই রোগ ওই ব্যক্তির পোষা বিড়ালের মাধ্যমে ছড়িয়েছে।

অরেগনের ডেশ্যুটস কাউন্টির চিকিৎসা কর্মকর্তা ডা. রিচার্ড ফচেট জানিয়েছেন, গত সপ্তাহেই ওই ব্যক্তির বিউবোনিক প্লেগে আক্রান্ত হওয়ার খবর পাই আমরা।



# নিউইয়র্কে সুরঞ্জিত সেনগুপ্তের ৭ম মৃত্যুবার্ষিকী পালন

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কে গভীর শ্রদ্ধা-ভালোবাসায় পালিত হয়েছে বরেণ্য রাজনীতিবিদ সুরঞ্জিত সেনগুপ্তের ৭ম মৃত্যুবার্ষিকী। ১০ ফেব্রুয়ার শনিবার সন্ধ্যায় ব্রঙ্কসের এশিয়ান ড্রাইভিং স্কুল হল রুমে এক স্মরণ সভার আয়োজন করে সুরঞ্জিত সেনগুপ্ত স্মৃতি পরিষদ, যুক্তরাষ্ট্র।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনআরবি কমার্শিয়াল ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও সুরঞ্জিত সেনগুপ্ত স্মৃতি পরিষদের উপদেষ্টা ইঞ্জিনিয়ার ফরাসত আলী। প্রধান আলোচক ছিলেন সুরঞ্জিত সেনগুপ্ত স্মৃতি পরিষদের প্রধান উপদেষ্টা, দিরাই উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি তোফায়েল চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক এমএ সালাম।

সুরঞ্জিত সেনগুপ্ত স্মৃতি পরিষদের সভাপতি রুহেল চৌধুরীর সভাপতিত্বে এবং সংগঠনের সাধারণ সম্পাদক সুব্রত তালুকদারের পরিচালনায় সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক সায়্যেদ মুজিবুর রহমান, ওবায়েদ আজমান চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা এমএ নাসির, সাংবাদিক মনোয়ারুল ইসলাম, তপন কান্তি দে, অধ্যাপক সানা উল্লাহ, সুধাংশু কুমার মন্ডল, সাংবাদিক জহিরুল ইসলাম, সুরঞ্জিত সেনগুপ্ত স্মৃতি পরিষদের কার্যকরী সদস্য শামসুল ইসলাম চৌধুরী, জাকির চৌধুরী, সাবেক ছাত্রনেতা সমীর সরকার, সুজন তালুকদার প্রমুখ।

# প্রিপেইড ফুড কার্ড পাচ্ছেন এসাইলাম প্রার্থীরা

**উত্তর আমেরিকা ডেস্ক**

এসাইলাম প্রার্থীরা পাচ্ছেন প্রিপেইড ফুড কার্ড, ক্রেডিট কার্ড নয়। ১২ ফেব্রুয়ারি মঙ্গলবার মেয়র এরিক এডামস আলবেনিতে নিউইয়র্ক স্টেট লেজিসলেটিভ বাজেট হেয়ারিং এ অংশ নিয়ে এ কথা বলেন। তিনি বলেন, মাইগ্র্যান্টদের আমেরিকান এক্সপ্রেসের ক্রেডিট কার্ড দেয়া হচ্ছে বলে ভূল তথ্য প্রচারিত হচ্ছে। সিটি মাইগ্র্যান্টদের খাবার চাহিদা পূরনে ৫৩ মিলিয়ন ডলারের পাইলট প্রোগ্রাম হাতে নিয়েছে। এর আওতায় তাদের এই ফুড কার্ড দেয়া হবে।



মেয়র এরিক এডামস হেয়ারিং এ অংশ নিয়ে বলেন, আমরা এসাইলাম প্রার্থীদের আমেরিকান এক্সপ্রেসের ক্রেডিট কার্ড দিচ্ছি না। ফুড ডেলিভারির মাধ্যমে খাবার বিতরনে খরচ হচ্ছে বেশি।আমরা তাদেরকে 'প্রিপেইড ফুড কার্ড' দিচ্ছি। তা দিয়ে তারা খাবার কিনে খাবে। এতে শতকরা ২০ ভাগ খরচ কম হবে। প্রাথমিকভাবে ৫০০ জন এসাইলাম প্রার্থীকে এই ফুড কার্ড দেয়া হবে।

মেয়র বলেন, ডেলিভারির মাধ্যমে খাবার সরবরাহ করলে তা অপচয় হয়। অনেক খাবার নষ্ট হয়। সাশ্রয় পরিকল্পনা থেকে এই প্রোজেক্ট হাতে নেয়া হয়েছে। ৫৩ মিলিয়ন ডলারের প্রোজেক্টে প্রতিবছর ৬.৭ মিলিয়ন ডলার সাশ্রয় হবে। ফুড কার্ডের মাধ্যমে তারা কেবল খাবার ও বেবি সাপ্লাই কিনতে পারবে। প্রত্যেক মাইগ্র্যান্ট প্রতিমাসে ফুড ও বেবি সাপ্লাই এর জন্য ৩৫০ ডলার করে পাবেন। নিউইয়র্ক স্টেটের দরিদ্র পরিবারগুলো 'স্ন্যাপ' পেয়ে থাকেন। সাপ্লিমেন্টাল নিউট্রিশন এসিসট্যান্স প্রোগ্রাম (স্ন্যাপ) এর আওতায় দরিদ্র নিউইয়র্কারা প্রতিমাসে ২৯১ ডলার পান খাদ্য সহায়তায়। মাইগ্র্যান্টরা এরচেয়ে প্রায় ৪০ ডলার করে বেশি পাবেন।






# MONEY TRANSFER
# মানি ট্রান্সফার



বিদেশ থেকে বৈধ পথে টাকা পাঠানোর সহজ উপায়

2.5% Incentive
Highest Rate
No Fees
bKash




Notary Public

Fast, Secure & Reliable Remittance

Contact Us
718-406-9745
We Are Authorized Agents
World Tours & Travel
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA



# জব জবহেল্প জব

## JOB HELP & APPLICATION PROCESSING SERVICES



| সরকারি জব | বেসরকারি জব | এপ্লিকেশন প্রসেসিং |
| --- | --- | --- |
| ১. পোস্টাল জব | ১.কাস্টমার সার্ভিস | ১.নিউ পাসপোর্ট/নবায়ন |
| ২. সিটি জব | ২.অফিস অ্যাডমিন | ২. ডুয়েল সিটিজেনশিপ |
| ৩.সিভিল সার্ভিস জব | ৩.ম্যানুফ্যাকচারিং জব | ৩.পাসপোর্ট কারেকশন |
| ৪.ইউ, এস, এ জব | ৪. ডেলিভারি জব | ৪. ফুড স্ট্যাম্প |
| ৫.এম, টি , এ জব | ৫. রেস্টুরেন্ট জব | ৫.NYC হাউজিং /এফোর্ডএবল |
| ৬. আই ,টি ইঞ্জিনিয়ার | ৬. ট্রান্সপোর্টেশন জব | ৬. মেইক রেজুমি /কভার লেটার |

ট্রেনিং প্রোগ্রাম :

১।পোস্টাল জব (USPS)---(শনিবার—বৃহস্প তিবার)---------- (স:১০টা --বি: ৬টা)
২। ট্রাফিক এন.এজেন্ট ------------------রবিবার ----------(বি: ২টা --বি: ৪টা )
৩।স্কুল সেফটি এজেন্ট ------------------মঙ্গলবার ----------(দু :১২টা --বি: ২টা)
৪ ।বেসিক কম্পিউটার ------------------শনিবার----------(বি:৩ টা --বি: ৫টা
৫।৬ঘন্টা ডি.ডি.সি (ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স)----------(স: ১০টা --বি: ৬টা)
৬।ট্যুরস এন্ড ট্রাভেলস --(নায়াগ্রাফলস/W .DC /PA/নিউ ইয়র্ক এর ২০ টি স্থানে 1/2/3/5 দিনের ভ্রমণ।

## POSTAL JOB : (করণীয়):

১। একবার পাশ করলে ৫০টি স্টেটের যেকোনো স্টেটে জব নেয়া সম্ভব।
২। সব স্টেটে বেতন আউটডোর পজিশন 19.33/ঘন্টা , ইনডোর পজিশন 20.05/ঘন্টা। পেনশন, প্রমোশন, ওভারটাইম, ছুটি, ইন্সুরেন্স, ইত্যাদি সকল সুবিধা বিদ্যমান।
৩। পরীক্ষায় খুব ভাল স্কোর নিয়ে পাশ করতে হয়।
৪। গ্রীন কার্ড /সিটিজেন (৫ বৎসরের রেসিডেন্স ) বয়স কমপক্ষে ১৮ বৎসর ,উর্দ্ধসীমা নাই।
৫। এব্যাপারে এক্সাম এর জন্য "জব হেল্প "সেন্টারের সহযোগিতা নিতে পারেন।
৬। নিয়মিত জব সার্চ এর ব্যাপারে "জব হেল্প" থেকে প্রশিক্ষণ দেয়া হয়।
৭। একবার ফেল করলে বা ইমপ্রোভমেন্ট দিতে হলে ২ বৎসর অপেক্ষা করতে হয়।
৮। আবেদন দাখিলের পর নিয়মিত ই-মেইল চেক করতে হয়. ইন্টারভিউ, ড্রাগটেস্ট, এক্সেসেপ্ট/ডিক্লাইন , ব্যাক-গ্রাউন্ড চেক ও ফিঙ্গারপ্রিন্ট এর ব্যাপারে অত্র প্রতিষ্টান জব পাওয়ার পূর্ব পর্যন্ত সার্বিক সহযোগিতা দিয়ে থাকে।

Job Help –Mob: **917-500-3937** Off: PH/FAX: **917-300-6160**
148-45, Hillside Ave(2nd FL), Suite 203(A), Jamaica, NY 11435 By 'F' Train or BusQQ40,Q43,Q44,Q20A,Q20B to Sutphin Blvd.



# জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

## GRAND RE-OPENING SALES



আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
## Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্লুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

## আস্-সালাম ফার্মেসি



(সাটফিন ব্লুবাড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭



# Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudhesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. M Nayeem
Podiatric Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT
**718-431-0009**
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218




# সহস্রাধিক প্রবাসীর অংশগ্রহণে বাফেলো হলো 'ভালোবাসায় বসন্ত উৎসব'

**মতিউর রহমান লিটু**

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মাসে-ভালোবাসার দিন "ভ্যালেন্টাইনস ডে" কে সামনে রেখে ১০ ফেব্রুয়ারি শনিবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের বাফেলো শহরে আর জে প্রোডাকশনের আয়োজনে অনুষ্ঠিত হলো ভালোবাসায় বসন্ত উৎসব। ১২০ আলেকজান্ডার এভিনিউয়ে অবস্থিত কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হওয়া ভালোবাসায় বসন্ত উৎসব অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিলেন টেলিভিশন তারকা নাট্যাভিনেতা টনি ডায়েস ও প্রিয়া ডায়েসের মনোমুগ্ধকর অভিনয় ও জমজমাট নাচ। এছাড়া কবিতা আবৃত্তি, নাচ ও গানের তালে তালে অনুষ্ঠানটি ছিল অত্যন্ত উপভোগ্য।

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ও প্রধান অতিথি হিসেবে সম্মান জানানো হয়েছে নিউইয়র্ক থেকে আগত আলেগ্রা হোমকেয়ার সার্ভিস এবং বাংলা সিডিপ্যাপ সার্ভিসের কর্ণধার ড: আবু জাফর মাহমুদকে। বিকেল থেকে রাত এগারোটা অবদি চলতে থাকা মনোমুগ্ধকর এই অনুষ্ঠানে প্রায় সহস্রাধিক প্রবাসীদের আগমন ঘটে। আগত সকল শিল্পীদের গান, কবিতা আবৃত্তি, নাচের আসর ছিল ভীষণভাবে উপভোগ্য তবে কয়েকজন শিল্পীর হিন্দি গানের তালে তালে সকলকে আনন্দ দেয়াকে কিছুটা দৃষ্টিকটু মনে হয়েছে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বাংলাদেশী আয়োজকদের অনুষ্ঠানে হিন্দি গান গাওয়াটাকে দর্শকরা সুন্দরভাবে গ্রহণ করেননি। অনেকেই প্রকাশ্যে কিংবা অপ্রকাশ্যে প্রতিবাদ করেছেন।

প্রথমেই কোরআন শরীফ তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুরু হয়। বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীত বাজিয়ে শুরু হয় কবিতা আবৃত্তি। এরপরে ধাপে ধাপে নাচ ও গানের মাধ্যমে একটি উপভোগ্য অনুষ্ঠান হিসাবে দর্শকের জনপ্রিয়তা অর্জন করেন। অনেক শিল্পীদের মাঝে উল্লেখযোগ্য শিল্পী হিসাবে গান পরিবেশন করেছেন স্থানীয় শিল্পী হাফিজুর রহমান হাফিজ, বিশ্বজিৎ দত্ত সহ বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের নামিদামি শিল্পীবৃন্দরা।

অনুষ্ঠানে বক্তব্যের তেমন কোন বালাই না থাকলেও প্রধান অতিথি ড: আবু জাফর মাহমুদ প্রবাসী সকলকে তাদের নিজস্ব সাহিত্য, কৃষ্টি ও কালচার ধরে রাখার আহবান জানান। তিনি বলেন জন্মের পরে আমরা মুসলিম হিসাবে শুনেছি আজানের ধ্বনি আর হিন্দুরা শুনেছে উলু ধ্বনি তাই এটাই আমাদের কৃষ্টি ও কালচার। এটাকে ধরে রাখাই আমাদের কালচার, পরিবারকে ভালোবাসায় আগলে রাখা আমাদের অহংকার। দেশে এবং বিদেশের মাটিতে আমাদের নিজস্ব পরিচয় ধরে রাখতে হবে।

প্রায় ডজন খানেক স্টল ছিল আনন্দের আরেকটি স্তর। কেওবা ফুসকা, ঝালমুড়ি, বিরিয়ানি বিক্রি করছিলো কেওবা আবার শাড়ী, লুঙ্গি, গহনা। সব মিলিয়ে বেশ আনন্দের একটি বিকেল পেয়েছিলো বাফেলো বাসিরা। অনুষ্ঠানের নিরাপত্তা ছিল চোখে পরার মতো, গাড়ী পার্কিং থেকে শুরু করে অনুষ্ঠানস্থল পর্যন্ত সকলেই নিরাপত্তা বেষ্টনীতে নির্ভিধায় শিশুদের নিয়ে সময় কাটাতে পেরেছেন।

উল্লেখ্য: যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের বাফেলো শহর বাংলাদেশিদের পদচারণায় মুখরিত একটি শহর। দ্রুততম সময়ে বেড়ে ওঠা বাংলাদেশী কমিউনিটিতে আস্তে আস্তে সব কিছুই মিলে যাচ্ছে। সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় ইনশাল্লাহ অচিরেই বাফেলো হয়ে উঠবে সকল প্রবাসীদের স্বপ্নের শহর।

# পরীক্ষা ছাড়াই নিউইয়র্ক স্টেট এজেন্সি কর্মী নিয়োগ করছে

**এইচ বি রিতা**

নিউইয়র্ক স্টেট এজেন্সিগুলি ক্রিটিক্যাল ডিরেক্ট কেয়ার এবং হেলথ এন্ড সেফটি পদে সমস্ত নিউইয়র্ক স্টেটে লোক নিচ্ছে। এর জন্য সিভিল সার্ভিস বিভাগ একটি নিয়োগ প্রোগ্রাম তৈরি করেছে। এই প্রোগ্রামের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়াকে ত্বরান্বিত করা হবে এবং সংস্থাগুলিকে এই গুরুত্বপূর্ণ চাকরিগুলি পূরণে এজেন্সিগুলিকে সহায়তা করতে কোনো পরীক্ষা ছাড়াই সর্বস্তরের দক্ষ কর্মী নিয়োগ করতে অনুমতি দিবে। HELP প্রোগ্রামের মাধ্যমে নিয়োগকৃত নিউ স্টেট কর্মচারীদের স্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে।

স্টেটের বিভিন্ন সংস্থা হাজার হাজার পদের জন্য ১০০টিরও বেশি 'ডিরেক্ট কেয়ার, হেলথ এন্ড সেফটি টাইটেল' থেকে অস্থায়ীভাবে সিভিল সার্ভিস পরীক্ষার প্রয়োজনীয়তা সরিয়ে দিয়েছে। এই পদে যুক্ত হওয়া এখন অনেকটাই সহজ হয়ে উঠবে। ২০২৩ সালের এপ্রিলে HELP প্রোগ্রামের সূচনা থেকে, এই গুরুত্বপূর্ণ পদগুলিতে ৬,৫০০টিরও বেশি নিউ ইয়র্কবাসীকে নিয়োগ করা হয়েছে। ২০২৪ সালের মে মাসে সমস্ত উন্মুক্ত প্রতিযোগিতামূলক পদের জন্য নিয়োগ প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে একটি বর্ধিত প্রোগ্রাম, NY HELPS চালু করার পরিকল্পনা রয়েছে। NY HELPS-এর অংশ হিসাবে, কিছু সংস্থা ইতোমধ্যেই চাকরির প্রস্তাব দেওয়া শুরু করেছে।

উপলব্ধ চাকরিগুলির খোঁজ নিতে অনুগ্রহ করে এই লিঙ্কটি ক্লিক করে জেনে নিন- StateJobsNY - Home। সাইটটিতে গিয়ে 'For the General Public' ক্লিক করুন। তারপর 'Vacancies' এবং সবশেষে সার্চবক্সে 'NY HELPS' টাইপ করুন।

অতীতে, আবেদনকারীদের HELP প্রোগ্রামের অধীনে পূরণ করা পদের জন্য যোগ্য হতে একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা দিতে হতো। HELP প্রোগ্রামের সময়কালে এই পরীক্ষার প্রয়োজন হবে না

# চায়না টাউনকে ঢেলে সাজানোর ব্যাপক পরিকল্পনা

**ফরিদা ইয়াসমীন**



খুব শীঘ্রই ম্যানহাটনের চায়নাটাউনের প্রধান রাস্তাটির সংস্কার করা হবে যা পাবলিক স্পেসকে উল্লেখযোগ্যভাবে উন্নত ও প্রসারিত করবে। চ্যাথাম/কিমলাউ স্কোয়ারে ট্রাফিক সঙ্কট বেশ সেই সাথে সমসাময়িক গাড়ি-কেন্দ্রিক স্থাপত্য রয়েছে। NYC অনুসারে, পার্ক রো এবং চ্যাথাম/কিমলাউ স্কোয়ার এলাকাটিকে নিরাপদ এবং আরও পথচারী-বান্ধব করে তোলার জন্যই সংস্কার করা হবে।

গথামিস্টের মতে, এই এলাকায় বসবাসকারী বাসিন্দারা অনেক সমস্যার মধ্য দিয়ে দিন যাপন করছেন।এক ব্যক্তি জানান, এই এলাকায় ব্যাপক ভাবে সংস্কার প্রয়োজন কারণ এখানে প্রচুর ইঁদুরের উপদ্রব রয়েছে যা কিনা এখানে বসবাসকারী মানুষের জন্য এবং গাড়ি চলাচলের জন্য হুমকি স্বরূপ। দায়িত্বশীল বাসিন্দারা এবং সম্প্রদায়ের নেতারা এই এলাকায় স্টেট এবং শহরের বিনিয়োগ নিয়ে সমালোচনা করেছেন। তারা দাবি করেছেন যে এই বিনিয়োগ অপর্যাপ্ত। তবে, শহরটি আজ ঘোষণা করেছে যে "চায়নাটাউন কানেক্টেড" প্রকল্পটি $৫৬ মিলিয়ন তহবিল পাবে, যার মধ্যে $৪৪.৩ মিলিয়ন সিটি ক্যাপিটাল ফান্ড এবং $১১.৫ মিলিয়ন স্টেটের ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ দ্বারা প্রণীত পুরস্কার থেকে আসবে।

মেয়র এরিক অ্যাডামসের অফিস দ্বারা বলা হয়েছে চায়নাটাউন প্রবেশের জন্য প্রাপ্য। এই সংস্কার করা প্রবেশপথটি আশেপাশের কোম্পানিকে প্রচার করবে এবং আশেপাশের সাংস্কৃতিক প্রাসঙ্গিকতাকে তুলে ধরবে। তবে, কোনও নকশা প্রস্তাব করার আগে গেটওয়ে দ্বারা ট্রাফিক অধ্যয়ন করা, অঞ্চলের বর্তমান পরিস্থিতির একটি মূল্যায়ন, এবং সম্প্রদায়ের সম্পৃক্ততা, এসব দেখা হয়। কাজেই এটির ফলাফল কেমন হবে তা এখনও অজানা। গথামিস্টের মতে, সম্প্রদায়ের সংগঠকরা আশা করেন যে খিলানটি অন্য ল্যান্ডমার্কের প্রতিরূপের পরিবর্তে ম্যানহাটনের চায়নাটাউনের জন্য স্বতন্ত্র এবং একটি উপযুক্ত শ্রদ্ধাঞ্জলি হবে। শহরটি বলেছে যে, এই উপাদানগুলির জন্য বরাদ্দ করা $২.৫ মিলিয়নের পরিপূরক করা নির্ভর করছে ব্যক্তিগত তহবিলের উপর, তবে এটি কখন স্থাপন করা হবে তার কোনও নির্দিষ্ট তারিখ নেই।

শহরের মতে, এই ব্যস্ত পাঁচ রাস্তার ইন্টারসেকশনে অনেক দ্বন্দ্বমূলক পয়েন্ট রয়েছে যা সাইকেল চালক, পথচারী এবং যানবাহনকে বিপন্ন করে। গোথামিস্টের মতে, বেশ কিছু স্থানীয় কর্তৃপক্ষ বিশ্বাস করে যে, প্লাজার বর্তমান অবস্থা সেই ব্যক্তির কাছে অবমাননাকর, যার নামে এটির নামকরণ করা হয়েছে।

মূলত, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় একজন চীনা-আমেরিকান বোমারু বিমান চালকের সম্মানে, কিমলাউ স্কোয়ারের নামকরণ করা হয়েছিল। চীনা-আমেরিকান সৈন্যরা যারা মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য লড়াই করে প্রাণ হারিয়েছে তাদের স্মরণ করা হয় এবং স্কোয়ারে একটি ১৪ ফুট লম্বা স্মারক দিয়ে তাদের সম্মানিত করা হয়।

সম্প্রদায়ের সাথে পরামর্শ করার পরে, ইন্টারসেকশন এবং স্কোয়ারকে পুনরায় ডিজাইন করতে শহরটি সরাসরি



# বাইডেনের জায়গা নিতে প্রস্তুত কমলা হ্যারিস

**উত্তর আমেরিকা ডেস্ক**

প্রয়োজনে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের জায়গা নিতে প্রস্তুত ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। মার্কিন সংবাদমাধ্যম ওয়াল স্ট্রিট জার্নালকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেছেন। তিনি এমন এক সময়ে এ কথা বললেন, যখন আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির হয়ে লড়ার ক্ষেত্রে বাইডেনের বয়স ও স্মৃতিশক্তি নিয়ে প্রশ্ন উঠেছে।

গতকাল সোমবার ওয়াল স্ট্রিট জার্নালে প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের কাছে জানতে চাওয়া হয়—প্রয়োজনে তিনি বাইডেনের জায়গা নিতে প্রস্তুত কি না, বিশেষ করে বাইডেনের স্মৃতিশক্তির যে অবস্থা, সেই প্রেক্ষাপটে।

জবাবে কমলা হ্যারিস বলেন, 'আমি দায়িত্ব পালনে প্রস্তুত। এ বিষয়ে কোনো সন্দেহ নেই।' তবে বাইডেনের দুর্বল স্মৃতিশক্তি বিষয়টি নিয়ে ভোটারদের আশ্বস্ত করার প্রয়োজন আছে কি না, বিষয়টি উড়িয়ে দেন তিনি। মার্কিন ভাইস প্রেসিডেন্ট আরও বলেন, 'আমি আমার নেতৃত্ব দেওয়ার সক্ষমতা নিয়ে পুরোপুরি সচেতন।'

বিশ্লেষকেরা বলছেন, কমলা হ্যারিস নিজের নেতৃত্ব দেওয়ার ক্ষমতা নিয়ে যতই আত্মবিশ্বাসী হোন না কেন, তাঁকে অবশ্যই তাঁর ক্রমহ্রাসমান জনপ্রিয়তার বিষয়ে ভোটারদের আশ্বস্ত করতে হবে। সম্প্রতি মার্কিন সম্প্রচারমাধ্যম এনবিসির এক জরিপে দেখা গেছে, মার্কিন ভোটারদের ৫৩ শতাংশই মনে করেন কমলা হ্যারিস যোগ্য নন। মাত্র ২৮ শতাংশ ভোটার মনে করেন কমলা হ্যারিসের নেতৃত্ব দেওয়ার সক্ষমতা আছে।

কমলা হ্যারিসের মন্তব্য এমন এক সময়ে এল, যার মাত্র সপ্তাহখানেক আগেই বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের বিরুদ্ধে পরিচালিত রাষ্ট্রীয় গোপন নথি নিজ বাড়িতে নিয়ে অরক্ষিত রাখার এক মামলার তদন্তে বাইডেনকে 'দুর্বল স্মৃতির বুড়ো' বলে আখ্যা দেওয়া হয়েছে। তদন্তে আরও বলা হয়েছে, বাইডেন জনসমক্ষে ক্রমেই বেশি বেশি 'দুর্বল আচরণ' দেখাচ্ছেন। তবে বাইডেন ও হোয়াইট হাউস এই তদন্তকে প্রত্যাখ্যান করেছে।

# NYCHA-কে ঘুষের দায়ে সমস্ত পাবলিক হাউজিং চুক্তি প্রকাশ করতে হবে

**এইচ বি রিতা**



ব্রঙ্কস ডেমোক্রেটিক রিপাবলিক রিচি টরেস বৃহস্পতিবার NYCHA ঘুষ কেলেঙ্কারির প্রতিক্রিয়ায় কংগ্রেসে একটি বিল প্রস্তাব করেছেন। রিচি টরেস দ্বারা রচিত এই বিলটি NYCHA ঘুষ কেলেঙ্কারির একটি সরাসরি প্রতিক্রিয়া যা মঙ্গলবার প্রকাশিত হয়েছিল। এই উত্থাপিত বিলের অধীনে নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটিকে নো-বিড এবং মাইক্রোকন্ট্রাক্ট সহ ডলারের পরিমাণ নির্বিশেষে - সমস্ত চুক্তির তথ্য প্রকাশ্যে প্রকাশ করতে হবে। চুক্তি প্রদানের বিনিময়ে ঠিকাদারদের কাছ থেকে ২ মিলিয়ন নগদ ঘুষ নেওয়ার অভিযোগে NYCHA এর সত্তরটিরও বেশি বর্তমান এবং প্রাক্তন কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে। সুপারিনটেনডেন্ট এবং অ্যাসিস্ট্যান্ট সুপারিনটেনডেন্ট যারা প্রতিযোগিতামূলক বিডিং প্রক্রিয়া ছাড়াই চুক্তি করতে ক্ষমতা রাখেন, তারা লাভবান হতে গোপনে একটি সংগঠিত অপরাধ নেটওয়ার্কে কাজ করার জন্য অভিযুক্ত হয়েছেন।

বর্তমান আইন অনুসারে, NYCHA-এর জনসাধারণের কাছে ছোট-ডলার মূল্যের পরিসরে চুক্তি সংক্রান্ত তথ্য সরবরাহ করার প্রয়োজন নেই। তবে টরেস দাবি করেছেন যে, উন্মুক্ততার এই অভাব সরকারী আবাসন সংস্থার মধ্যে দুর্নীতিকে সহজতর করেছে।

সিটি কাউন্সিলের সদস্য টরেস বলেন, "গত পাঁচ বছর ধরে NYCHA-এর নো-বিড চুক্তির উপর নজরদারির অভাবের বিষয়ে উদ্বেগ প্রকাশ করে আসছি যা সহজেই জালিয়াতি, দুর্নীতি এবং অপব্যবহারের আশ্রয়স্থল হয়ে উঠতে পারে। একটি ঘুষের ঘটনাকে বহিরাগত হিসাবে ব্যাখ্যা করা যেতে পারে। কিন্তু ঘুষের ৭০টি ঘটনা যা NYCHA সম্পত্তির এক-তৃতীয়াংশকে প্রভাবিত করে, ব্যবস্থাপনা এবং তত্ত্বাবধানে কাঠামোগত বিপর্যয় নির্দেশ করে। এটি একটি দুর্নীতিগ্রস্ত সংস্কৃতি নির্দেশ করে।"

টোরেসের বক্তব্যের প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে, NYCHA এর মুখপাত্র বারবারা ব্রান্সাসিও বলেছেন যে, কর্তৃপক্ষ ইতোমধ্যেই এর ক্রয় প্রক্রিয়াগুলিতে যথেষ্ট সংস্কার করেছে। ২০২১ সাল থেকে পরিষেবাগুলিতে ক্ষুদ্র ক্রয়ের ব্যয় প্রায় ৫০ শতাংশ হ্রাস বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, যদিও কর্মচারীরা ক্ষুদ্র ক্রয়ের কারণে উন্নয়ন স্তরে সঙ্কটগুলির জন্য দ্রুত এবং অভিযোজিতভাবে প্রতিক্রিয়া জানাতে পারে, তবে এই দুঃখজনক ঘটনাগুলি সম্প্রতি দেখায় যে আরও নিয়ন্ত্রণের প্রয়োজন।

হাউস অফ রিপ্রেজেন্টেটিভস-এ উপস্থাপনের আগে টরেসের আইনের একটি অনুলিপি দ্য নিউজকে দেওয়া হয়েছিল। এই আইনের অধীনে, এজেন্সি ইউএস ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্টকে বাধ্যতামূলক করবে যে দেশব্যাপী সমস্ত পাবলিক হাউজিং এজেন্সিগুলি যে কোনও প্রাইভেট আউটসোর্সিং চুক্তির বিষয়ে তথ্য প্রদান করবে। বিলের পাঠ্য অনুসারে, এই প্রকাশগুলি চুক্তির তারিখ, এতে অন্তর্ভুক্ত পণ্য এবং পরিষেবাগুলির বিশদ বিবরণ, সেইসাথে চুক্তির অনুরোধকারী সংস্থার কর্মকর্তার নাম এবং এটি সম্পাদনকারী বিক্রেতার নাম প্রকাশ করবে।

প্রসিকিউটররা দাবি করেছেন যে কুইন্স, হ্যামেল হাউস এবং কার্লটন ম্যানরের যৌথভাবে পরিচালিত NYCHA সম্পত্তির একজন সুপার জুয়ান মের্কাডো এপ্রিল ২০১৪ থেকে এই বছরের জুলাইয়ের মধ্যে কমপক্ষে ৩ লাখ ১৪ হাজার ৩০০ ডলারের ঘুষ চেয়েছিলেন এবং গ্রহণ করেছিলেন। এটি তাকে কেলেঙ্কারির শীর্ষ অপরাধী করে তোলে।

৭ ফেব্রুয়ারি, বুধবার NYCHA এর প্রধান নির্বাহী কর্মকর্তা লিসা বোভা-হিয়াটকে একটি চিঠিতে, টরেস দুঃখ প্রকাশ করে বলেন, ২০১৯ এর আবেদনের পরে সংস্থাটি মাইক্রো-ক্রয় সংগ্রহের বিষয়ে কখনই নিয়ম কঠোর করেনি। আমি চুক্তিবদ্ধ বিপদজনক এলাকায় তদারকি বাড়াতে সংস্থাটিকে অনুরোধ করেছিলাম এবং এজেন্সির নেওয়া প্রতিটি পদক্ষেপের বিষয়ে বিস্তারিত তথ্য জানাতে বলেছিলেন।

একটি প্রেস ব্রিফিংয়ে, ম্যানহাটনের ইউএস অ্যাটর্নি ড্যামিয়ান উইলিয়ামস বলেছেন যে, অভিযুক্ত সুপাররা এমন একটি পরিবেশ তৈরি করেছে যেখানে মাইক্রো-ক্রয় দরদাতারা সচেতন ছিল যে তারা আগে থেকে ঘুষ না দিলে তাদের চুক্তি দেওয়া হবে না।

# শীতের দিনে 'উইন্টার ব্লুজ' এড়াতে মনোবিজ্ঞানীর পরামর্শ

**রোকেয়া দীপা**



আপনি কি শীতের সময় কখনো হতাশ হয়েছেন? বলতে পারেন, হতাশা কী ঋতু বোঝে আসে? হ্যাঁ, আসতে পারে। এমডি অ্যান্ডারসনের ইন্টিগ্রেটিভ মেডিসিনের ক্লিনিক্যাল সাইকোলজিস্ট ক্যাথরিন পাওয়ারস-জেমস(পিএইচডি) বলেছেন, এটা সম্ভব।শীতের মাসগুলিতে, কিছু লোক হতাশার মতো অনুভূতি অনুভব করে। মূলত এটাকে উইন্টার ব্লুজ বলে। শীতের দিন ছোট হয় এবং অন্ধকারের রাতগুলি বড়ো হয় যা আমাদের অলস মেজাজকে বাড়িয়ে তুলতে পারে। এমনকি দৈনন্দিন জীবনে বিচ্ছিন্ন বোধ করাতে পারে। দিনের আলো আমাদের শরীরকে জানান দেয় যে আমরা কখন জেগে থাকবে এবং ঘুমাবো। সুতরাং, বেশি সূর্যালোক আমাদের সতর্ক করে তুলে এবং কম সূর্যালোক আমাদেরকে অস্থির করে তুলতে পারে।

শীতকালীন মন্দা এড়াতে বা কাটিয়ে উঠতে পাওয়ারস-জেমস এক কিছু পরামর্শ আপনাকে সহায়তা করতে পারে।

(১) একটি স্বাস্থ্যকর খাদ্যের অভ্যাস করুন। উইন্টার ব্লু-বোধ আপনাকে চর্বি, শর্করা এবং চিনির উচ্চ খাবারের ইচ্ছা জাগাতে পারে। তবে লোভ সামলাতে হবে। কার্বোহাইড্রেট- এবং চিনি-সমৃদ্ধ খাদ্য আমাদের রক্তে শর্করাকে বাড়িয়ে তোলে আবার তা কমে যায়। কাজেই, যদিও আমরা প্রাথমিকভাবে কার্বোহাইড্রেট খাবারে শক্তি পাই, কিন্তু দীর্ঘমেয়াদে এটি আমাদের ক্লান্তি এবং মেজাজের অনুভূতিকে তীব্র করে তুলতে পারে। তাই স্বাস্থ্যকর খাবারে কার্বোহাইড্রেট কম রাখা ভালো। পরিবর্তে, প্রোটিন, শাকসবজি, বাদাম এবং মটরশুটি, ফল এবং হোল গ্রেইন খাওয়া যেতে পারে।আপনার শক্তির মাত্রা পুনরুদ্ধার করতে আপনি এতে ভিটামিন, খনিজ এবং প্রোটিন পাবেন। এছাড়াও, এটি আপনার ক্যান্সারের ঝুঁকি কমাতে একটি স্বাস্থ্যকর ওজন বজায় রাখতে সাহায্য করবে।

(২) নিয়মিত ব্যায়াম করুন। বিছানায় শুয়ে থাকা বিশ্রাম হতে পারে কিন্তু ব্যায়াম নয়। পাওয়ারস-জেমস বলেছেন, ব্যায়ামের সময় ভালো রাসায়নিকগুলি উদ্বেগ কমাতে এবং মানসিক স্বাস্থ্যের উন্নতি করতে সাহায্য করতে পারে। ব্যায়াম ইমিউন সিস্টেমকে শক্তিশালী করে, আমাদের স্বাস্থ্যকর ওজন বজায় রাখতে সাহায্য করে এবং কোলন, স্তন এবং এন্ডোমেট্রিয়াল ক্যান্সারের ঝুঁকি কমায়। প্রতি সপ্তাহে আপনাকে অন্তত আড়াই ঘণ্টার শারীরিক ক্রিয়াকলাপ বা এক ঘণ্টা ১৫ মিনিটের জোরালো শারীরিক ক্রিয়াকলাপে লক্ষ্য করা উচিত।

(৩) সূর্য থেরাপি চেষ্টা করুন। শীতকাল মানে সাধারণত কম আলো এবং আরও অন্ধকার, যার ফলে আপনি হাইবারনেট করতে চান। অর্থাৎ কম্বলের তলে থাকাই আরামদায়ক হয়ে উঠে। পরিবর্তে, সূর্য উঠার পর বাইরে যান। তবে সানস্ক্রিন ব্যবহার করতে ভুলবেন না। পাওয়ারস-জেমস বলেছেন, সূর্যের আলোর সংস্পর্শে আসা আমাদের শরীরকে জাগিয়ে তোলে এবং আমাদেরকে স্বাভাবিক ঘুম-জাগরণ চক্রের সাথে সামঞ্জস্য করতে দেয়।

(৪) সামাজিক মিথস্ক্রিয়া বৃদ্ধি করুন। পরিবার এবং বন্ধুরা যারা আপনার মেজাজকে ভালো বোধ করাতে পারে এবং আপনি যে জিনিসগুলি উপভোগ করেন তা করতে আপনাকে অনুপ্রাণিত করে, তাদের সাথে মিশুন। সিনেমা দেখতে যান, অনুষ্ঠানে যোগ দিন বা একজন বন্ধু সহকর্মীর সাথে এক কাপ গ্রিন-টি খেতে পারেন। প্রিয় বন্ধুর সাথে ফোনকলে কথা বলতে পারেন, দৈনন্দিন কাজ শেয়ার করতে পারেন। এটি আপনাকে খুশি রাখবে, প্রাণোচ্ছল রাখবে এবং দুশ্চিন্তা কমাবে। ইতিবাচক কারো সাথে কথা বললে আপনারও একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গি অর্জন হবে।

(৫)পর্যাপ্ত ঘুমান। ঘুম পুনরুদ্ধারকারী। ঘুম শরীর এবং মন নিরাময়ের জন্য একটি সময়। খুব কম বা খুব বেশি ঘুম হওয়া মেজাজহীনতা, স্মৃতিশক্তির সমস্যা, চিন্তাভাবনা এবং ফোকাস করার সমস্যা সৃষ্টি করতে পারে। আপনার প্রতি রাতে সাত থেকে আট ঘন্টা ঘুমের লক্ষ্য রাখা উচিত। এটি আপনাকে সতেজ বোধ করতে সাহায্য করবে।

(৬)রিলাক্স থাকার কৌশল অনুশীলন করুন। উদ্বেগ এবং মানসিক চাপ প্রায়ই শীতের মন্দার সাথে আসতে পারে।উভয়ই আপনার স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। আপনার শক্তি এবং মেজাজ ঠিক রাখার জন্য, রিলাক্স থাকার চেষ্টা করুন। ম্যাডিটেশন করতে পারেন যা আপনাকে রিলাক্সবোধ করাবে।

পাওয়ারস-জেমস, স্ব-সম্মোহন, পেশী শিথিলকরণ, নির্দেশিত ভিজ্যুয়ালাইজেশন এবং রিলাক্সের পদ্ধতি হিসাবে ম্যাসেজের পরামর্শ দেন। পাওয়ারস-জেমস বলেছেন, যদি আপনার লক্ষণগুলি গুরুতর হয় বা বসন্ত এবং গ্রীষ্মে অব্যাহত থাকে, তাহলে একজন মানসিক স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে কথা বলতে পারেন। তারা আরও কার্যকর থেরাপি বা ওষুধ দিতে পারে। উইন্টার ব্লুজ প্রতিরোধ করার জন্য আপনার সেরা কাজটি হতে পারে, বছরব্যাপী একটি স্বাস্থ্যকর জীবনধারায় নিযুক্ত থাকা। এতে আপনি ভাল বোধ করবেন এবং আপনার ক্যান্সারের ঝুঁকি কম হবে।



# জ্যাকসন হাইটসে এ্যাংকর ট্রাভেলসের উদ্বোধন

**উত্তর আমেরিকা অফিস**

অনাড়ম্বর আনুষ্ঠানিকতায় নিউইয়র্কে বাংলাদেশিদের কোলাহলের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসে উদ্বোধন হয়েছে এ্যাংকর ট্র্যাভেলস। পেশাদারিত্বের সাথে দেশ বিদেশে ভ্রমণে এয়ার লাইন্সের টিকেট সহ একই প্রতিষ্ঠান থেকে হোম মর্টগেজ এবং মানি ট্রান্সফার করা যাবে।

৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার দোয়া ও মোনাজাতের মাধ্যমে বাংলাদেশি মালিকানাধীন এ প্রতিষ্ঠানটির উদ্বোধন করা হয়। নিউইয়র্কে এশিয়ানদের টাইম স্কয়ার নামে পরিচিত ডাইভারসিটি প্লাজা সংলগ্ন সাবওয়ে যাওয়া আসার পথেই প্রতিষ্ঠানটির অবস্থান। ৭৩-০৫, থার্টি সেভেন স্ট্রিট ঠিকানায় এ্যাংকর ট্রাভেলস এর উদ্বোধনে উদ্যোক্তা এ এস এম মাইনুদ্দিন পিন্টু প্রতিষ্ঠানটির সাফল্যের জন্য সকলের সহযোগিতা কামনা করেছেন। প্রতিযোগিতা মূল্যে এয়ার টিকেট ছাড়াও বাড়ি কেনার জন্য মর্টগেজ ওয়ার্ল্ড ব্যাঙ্কার্সের মাধ্যমে গৃহঋণ গ্রহণের সেবা পাওয়া যাবে। পাশপাশি সানমান গ্লোবালের মাধ্যমে এ্যাংকর ট্রাভেলসে বসেই দেশে অর্থ প্রেরণ করা যাবে। সেবা গ্রহণের জন্য এ্যাংকর ট্রাভেলসে সরাসরি যোগাযোগ করা এবং এ সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য ৫১৬-৮৫০-১৩১১ নাম্বারে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।

# বাইডেনের শীর্ষ মন্ত্রীকে অভিশংসনের পক্ষে ভোট

**উত্তর আমেরিকা ডেস্ক**

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন সরকারের একজন শীর্ষ মন্ত্রীকে অভিশংসনের পক্ষে ভোট দিয়েছে মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদ। তিনি হোমল্যান্ড সিকিউরিটি-বিষয়ক মন্ত্রী আলেহান্দ্রো মায়োরকাস। বার্তা সংস্থা রয়টার্স এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

স্থানীয় সময় মঙ্গলবার এ ভোটাভুটি অনুষ্ঠিত হয়। অভিশংসনের পক্ষে ভোট পড়েছে ২১৪টি। আর বিপক্ষে পড়েছে ২১৩ ভোট। রয়টার্স জানিয়েছে, মায়োরকাসকোর বিরুদ্ধে মার্কিন অভিবাসন আইন প্রয়োগ না করার অভিযোগ তুলে অভিশংসন ভোটের অনুমোদন দেয় প্রতিনিধি পরিষদ।

রিপাবলিকান এমপিদের অভিযোগ, অভিবাসন আইন প্রয়োগ না করার কারণে আমেরিকা–মেক্সিকো সীমান্তে অভিবাসীদের ঢল নেমেছে। এ জন্য অভিবাসন বিষয়কমন্ত্রী আলেহান্দ্রো মায়োরকাসই দায়ী। তিনি অভিবাসন বিষয়ে কংগ্রেসে মিথ্যা বিবৃতি দিয়েছেন বলেও দাবি করেছেন রিপাবলিকানরা।

আমেরিকার মন্ত্রীসভার কোনো সদস্যকে অভিশংসনের জন্য ভোটাভুটির ঘটনা গত দেড় শ বছরের মধ্যে এই প্রথম ঘটল। তবে এখনই তিনি ক্ষমতাচ্যুত হচ্ছেন না।

















PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
www.surdezperezlaw.com



Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন
$২১ প্রতি ঘন্টা
নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
আজই যোগাযোগ করুন:
গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮
Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813
Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549
Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813
Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308
Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

# প্রবাসীদের কাছে বিশ্বস্ত প্রতিষ্ঠানের তালিকায় সানম্যান এক্সপ্রেস

**উত্তর আমেরিকা অফিস**

দিনে দিনে প্রবাসীদের কাছে সানম্যান এক্সপ্রেস বাংলাদেশে রেমিট্যান্স পাঠাতে বিশ্বস্ত প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সর্বোচ্চ রেটে দেশে অর্থ পাঠাতে বাংলাদেশিদের পাশে রয়েছে সানম্যান এক্সপ্রেস। ৯ ফেব্রুয়ারি শুক্রবার প্রতিষ্ঠানটির অফিসে গিয়ে দেখা যায় তারা রেট দিচ্ছে প্রতি ডলারে ১২২ ডলার। এর ওপর রয়েছে ২.৫ ভাগ ইনসেনইটভ। অর্থাৎ রেট দাঁড়ালো ১২৪ ডলার ৫০ সেন্টস। শুধু তাই নয়, প্রেরিত রেমিট্যান্স অগ্রণী ব্যং◌াক একাউন্টে জমা হলে ইনসেনটিভ দেয়া হয় শতকরা ৫ ভাগ। মোট রেট ডলারে ১২৭ টাকা। তারা কমিশনও নিচ্ছে না। অথচ একইদিনে স্ট্যান্ডার্ড ব্যংকের রেট ছিল ১২১ টাকা ৫০পয়সা। এর উপর কমিশন নিচ্ছে ২ ডলার করে। সরকারি প্রতিষ্ঠান সোনালী এক্সচেঞ্জের রেট তলানীতে। তা ১০৯ টাকা ৫০ পয়সা।

**বাড়তি বোনাস ৫%**



কমিউনিটির সেবায় সানম্যান এক্সপ্রেস নিউইয়র্ক সিটিতে ৪টি ব্রাঞ্চের মাধ্যমে প্রবাসীদের অর্থ দেশে পাঠাচ্ছে। শাখাগুলো হচ্ছে জ্যাকসন হাইটস (২টি), জামাইকা ও এস্টোরিয়া। ২২টি এজেন্সীও এই প্রতিষ্ঠানের হয়ে কাজ করছে। সানম্যান এক্সপ্রেস এর মাধ্যমে বাংলাদেশের অধিকাংশ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে অর্থ পাঠানো সম্ভব। উল্লেখযোগ্য প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে অগ্রণী ব্যাংক, উত্তরা ব্যাংক, এসবিএসি ব্যাংক, যমুনা ব্যাংক, পূবালী ব্যাংক, ঢাকা ব্যাংক, আল আরাফাহ ইসলামী ব্যাংক, সাউথইস্ট ব্যাংক, সোশাল ইসলামী ব্যাংক, ইউসিবি ব্যাংক, নগদ, বিকাশ ও উপায়। পাকিস্তান, ইন্ডিয়া ও নেপালেও তারা রেমিট্যান্স পাঠিয়ে থাকে। সানম্যান এক্সপ্রেস রেমিট্যান্স পাঠানো আরও সহজতর করেছে। স্বশরীরে গ্রাহদের আর অফিস বা মানি ট্রান্সফার প্রতিষ্ঠানে

যাবার প্রয়োজন নেই। অনলাইনেই সানম্যান গ্লোবাল এক্সপ্রেসে অর্থ পাঠালে তারা সরাসরি বাংলাদেশে পাঠিয়ে দেবে। ক্যাশ না থাকলেও সমস্যা নেই। ডেবিট কার্ডের মাধ্যমে পেমেন্ট করা যায়।

সানম্যান গ্লোবাল এক্সপ্রেসের কর্নধার মাসুদ রানা তপনের মতে মানি ট্রান্সফার শুধুই একটি ব্যবসা নয়। বিশ্বস্ততার সাথে কমিউিনিটিকে সেবা প্রদানের যোগসূত্র। প্রবাসীরা কঠোর পরিশ্রমে রোজগার করেন। দেশে তাদের প্রেরিত অর্থ প্রাপকের হাতে পৌঁছে দেয়া একটি ঈমানী দায়িত্বও।

# আটলান্টিক সিটিতে 'মুসলিম ঐতিহ্য মাস' পালিত

**সুব্রত চৌধুরী**



১৩ ফেব্রুয়ারি মঙ্গলবার সন্ধ্যায় নিউজার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে 'মুসলিম ঐতিহ্য মাস' পালন উপলক্ষে শোবোট হোটেলে অনুষ্ঠানমালার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল সুধী সমাবেশ, কথামালা, ধর্মীয় পুস্তক প্রদর্শনী ইত্যাদি। পবিত্র কুরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। রেহমান হাবীব এর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি আলোচক ছিলেন ইমাম আমিন মুহাম্মদ,ইমাম আবদুল মুইজ, ডঃ রেমন্ড ব্রক, খতিব মুহাদ্দিস আজিমউদ্দিন ।


অনুষ্ঠানে নিউ জার্সি রাজ্যের এসেম্বলিম্যান ডন গার্ডিয়ান, আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মল, আটলান্টিক কাউন্টির শেরিফ জোসেফ ও ডনোগু,সিটির পুলিশ প্রধান জেমস সারকোস,সিটি কাউন্সিল সহ সভাপতি কলিম শাহবাজ, কাউন্সিলম্যান আনজুম জিয়া, আটলান্টিক সিটি স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, বিএএসজে সভাপতি জহিরুল ইসলাম বাবুল, বিএএসজে ট্রাস্টি বোর্ড সভাপতি আব্দুর রফিক, বিএএসি সভাপতি শহীদ খান প্রমুখ উপস্হিত ছিলেন। অনুষ্ঠানের আয়োজক ছিল আটলান্টিক সিটি মার্চেন্ট এসোসিয়েশন ও সাউথ এশিয়ান এসোসিয়েশন অব সাউথ জার্সি।

আয়োজকদের পক্ষে আসাদ চৌধুরী, আমের কাশ্মীরি, মালিক সোহেল, হাবিব রেহমান, আদিল মালিক, সরফরাজ আহমেদ, মঈন খান, মোঃ ইমরান, কামরান আজিজ, বেনহর সলোমন, মোঃ জামিন, মোঃ ওয়াইস, মুহাম্মদ সেলিম অনুষ্ঠান সফল করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন।

নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

Foot Specialist
ALAM PODIATRY
পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
70-17 37 Ave. Jackson Heights, NY 11372
166-05 Highland Ave. Suite L1, Jamaica, NY 11432
OUR SERVICES
Diabetic Foot Exam
Heel Injection
Ingrown Toenail
Fungal Toenails
Fracture Management
Diabetic Shoes
Foot Surgery
Vascular and nerve Testing
On-site X-ray Avaialbe
We Accept all Major insurance Plan
Dr. Sadi Alam, DPM
নিউ ইয়র্কে বাংলাদেশি চিকিৎসকের পরামর্শ নিন


CONTACT US
347-509-4470
www.alampodiatry.com
Accepting New Patients


ABRAMS
LAW GROUP
ABRAMS LAW GROUP
ABRAMSLAWGROUPPC
ABRAMSLAWGROUPPC

LET'S FIGHT TOGETHER
FOR YOUR JUSTICE
OUR SERVICES
TRUCK ACCIDENTS | ট্রাক দুর্ঘটনা
UBER/LYFT ACCIDENT | UBER/LYFT দুর্ঘটনা
ASYLUM APPLICATIONS | আশ্রয়ের আবেদনপত্র
FIANCE VISA PETITIONS | বাগদত্তা ভিসা পিটিশন
EB1/E82 PETITIONS | EB1/E82 পিটিশন
UNCONTESTED DIVORCE | অপ্রতিদ্বন্দ্বী বিবাহবিচ্ছেদ
CAR ACCIDENTS | গাড়ি দুর্ঘটনা
TRIP AND FALL | ট্রিপ এবং পতন
DEPORTATIONS | নির্বাসন
VAWA PETITIONS | তাদের পিটিশন আছে
FAMILY PETITIONS | পারিবারিক পিটিশন
ATTORNEY AT LAW
MELANIE ABRAMS, ESQ.
RECOVERED MILLIONS FOR OUR CLIENTS.
718-997-9797
CONTACT US
718-997-9797
ABRAMSLAWGROUPNY.COM
HTTPS://G.CO/KGS/IC36XA
ABOUT US
LET US PROTECT YOUR RIGHTS AND RECOVER THE FULL AMOUNT DUE FROM THE INSURANCE COMPANIES AND RESPONSIBLE PARTIES.
104-70 QUEENS BOULEVARD, SUITE 502
FOREST HILLS, NY 11375


WE ACCEPT EBT
ADI'S SUPERMARKET
1375 CASTLE HILL AVE, BRONX, NY 10462 TEL: 718-684-2135
Sales Promotion Valid from Friday to Thursday (February 16 - 22, 2024) | Promo Code : PSP19
WE ACCEPT EBT CARDS
WE ACCEPT OTC CARDS
FREE
PURCHASE OF $75 AND UP 1 BAG ONION FREE
BEEF WITH BONE SINA MIX $3.49/LB
CHICKEN QUARTER LEG NO CUT NO CLEAN 99¢/LB
HILSHA A&A BRAND SIZE 800-1000 $15.99/EA
ROHU 6 KG $2.99/LB
MRIGEL 5 KG $3.99/EA
CROWN FARM KESKI BLOCK 250 GM 2/$5.00
CROWN FARM KOI BLOCK 250 GM 2/$5.00
CROWN FARM CHAPILA BLOCK 250 GM 2/$5.00
HAOR PANGASH STEAK 2 LB BAG $7.99/EA
EZ PEELED SHRIMP 21/25 2 LB BAG $9.99/EA
NOYA PARBOILED BASMATI RICE 20 LB $19.99/EA
RUPSHA PARBOILED RICE 20 LB $20.99/EA
ESSENTIAL CHINIGURA RICE 10 LB $15.99/EA
KAWAN PARATHA 25 PCS 2/$13.99
NIDO POWDER MILK 2.5 KG $39.99/EA
OVALTINE CAN 1200 G $9.99/EA
MILO CAN $12.99/EA
PREEMA'S SUNFLOWER OIL 5 LTR $14.99/EA
NESTLE COFFEE CREAMER $7.99/EA
BUMBLE BEE TUNA 3/$5.99
WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE"
STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER.
THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. ADI'S STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.



PREMIUM SUPERMARKET
HALAL
Sales Promotion Valid from Friday to Thursday (February 16 - 22, 2024) | Promo Code : PSP59
FROZEN REGULAR GOAT CUBE $3.99/LB
FRESH REGULAR WHOLE CHICKEN $2.49/LB
FRESH CHICKEN QUATER LEG NO CUT NO CLEAN 99¢/LB
HILSHA SHAHJALAL BRAND 900 GM $14.99/EA
ROHU SHAHJALAL BRAND SIZE 4 KG $19.99/EA
ROHU (A & A) BRAND SIZE 5 KG $2.89/LB
KATLA CROWN FARMS SIZE 5/8 KG $2.49/LB
MRIGEL (A & A) BRAND SIZE 5 KG $3.89/LB
CK OR SHAHJALAL BRAND KORAL SIZE 1 KG $3.99/LB
CK OR SHAHJALAL BRAND MAGUR LOOSE 500 GM $3.99/LB
A & A OR CROWN FARMS SHOR PUTI SIZE 1/2 KG $2.49/LB
TILAPIA CROWN FARMS SIZE 1/2 KG $2.49/LB
DELTA PARBOILED RICE 50 LBS BAG $33.99/EA (With Additional Purchase of $150.00)
KRISHOK PARBOILED BASMATI RICE 20 LBS BAG $21.99/EA
PREEMA'S EVERYDAY EXTRA LONG AGED BASMATI RICE 10 LBS BAG $9.99/EA
OLIO VILLA BLENDED POMACE OIL 1 GALLON $12.99/EA
FAMILY PACK KAWAN PLAIN PARATHA 25 PCS 2/$14.99
COFFEE MATE NESTLE 56 OZ $9.99/EA
MEHERBAN PITTED DATES 24 OZ 2/$6.99
SUPER FRESH GRAM FLOUR (BESAN) 3.31 LB $4.99/EA
PREMIUM SUPERMARKET CONTACT WhatsApp Number
168-13 HILLSIDE AVE, JAMAICA, NY 11432 ... 347-626-8798
256-11 HILLSIDE AVE, GLEN OAKS, BELLEROSE, NY 11004 ... 347-657-8911
1196 LIEBERTY AVE, BROOKLYN, NY 11208 ... 347-658-0972
74-18, 37TH AVE, JACKSON HEIGHTS, NY 11372 ... 347-658-4362
2101, STARLING AVE, BRONX, NY 10462 ... 347-658-0134
FREE PARKING IN BELLEROSE STORE
WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE"
STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER.
THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. PREMIUM STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.


GLOBAL MULTI SERVICES INC.
Quick Refund
IRS Authorized Agent
Our Services
TAX (Federal & State)
IMMIGRATION
CORPORATION
BUSINESS SERVICES
CONSULTING
Tareq Hasan Khan
CEO
Open 7 Days
A Week
IRS e-file
37-18 74th Street, Suite 202, Jackson Heights, NY 11372
Tel: 718-205-2360, Email: globalmsinc@yahoo.com


SARAH CARE USA
CDPAP & HOME CARE SERVICES
CDPAP/ PCA/ HHA
No Certificate Required
Highest pay With Benefit
We speak Bangali, Hindi, Urdu, Punjabi, Spanish & Creole
Dr.Gee Cee pat
Vice President
Dr.Shajadi Parvin
CEO/President
WITH
Best income
Up to
$85.000
Annually
LAN/RN
OT/PT/DIETICIAN
Medical Supply
WORK
AT HOME
NEED JOB?
CALL US: 917-745-0949
আমরা ট্রান্সফার কেইসের ক্ষেত্রে
সর্বোচ্চ রেট দিয়ে থাকি
FREE SERVICE: to Apply & Renew DOH/Medicaid/Medicare/SNAP
Corporate Office:
37-18-73rd Street, Suit 301,
Jackson Height, NY 11372
Jamaica Office:
170-05 Hillside Ave, NY 11432
185-08, Hillside Ave, NY 11432
Brooklyn Office:
2033 Bath Ave,
Brooklyn NY 11214
Bronx Office:
2148 Starling Ave,
Bronx, NY 10482
Buffalo Office:
3685 Harlem RD
Cheektowaga, NY 14215
We have offices in Queens, Brooklyn, Bronx, Manhattan, Staten Island, Syracuse, Westchester, Nassau & Suffolk Country
cdpap@sarahcareusa.com| Fax: 201-489-8035
Phone: 347-919-5256, 347-919-5254 | www.sarahcareusa.com


BUSINESS INCOME TAX RETURN
PERSONAL INCOME TAX RETURN
OTHER SERVICES
Bookkeeping, Formation of corporation LLC , Payroll Processing, Business Licenses, Notary Service, & Application of ITIN.
এখন আপনার ব্যক্তিগত আয়কর রিটার্ন এবং ব্যবসায়িক আয়কর রিটার্ন দাখিল করার সময়। আমরা আপনাকে অন্যান্য সমস্ত পরিষেবা প্রদান করতে পারি যেমন, (বুককিপিং, কর্পোরেশন এবং এলএলসি গঠন, বেতন প্রক্রিয়াকরণ, ব্যবসায়িক লাইসেন্স, নোটারি পাবলিক সার্ভিস এবং আইটিআইএন অ্যাপ্লিকেশন)
OFFICE NAME: H&Y (HELMADECH & YOUNG)
Address: 456 Main St, Catskill, NY 12414,United States
website: www.bitaccounting.com
Phone: 518-943-2000
OFFICE NAME: Black Ink Tax & Accounting Services
Address: 1839 Flatbush Ave Brooklyn NY 11210
Website: www.bitaccounting.com
Phone: 877-220-5556
OFFICE NAME: GUARDIAN TAX
Address: 1839 Flatbush Ave Brooklyn NY 11210
Website: www.bitaccounting.com
Phone: 718-338-7654
OFFICE NAME: TAX CITY
Address: 1839 Flatbush Ave Brooklyn NY 11210.
Website: www.Taxcity.com
Phone: 718-859-4555
TAX CITY
INCOME TAX
REHAN USMANI {EA,MBA}
OWNER


sunman express
global money transfer
টাকা পাঠানো
এখন আরো
সহজ
DOWNLOAD
MOBILE APP
SUNMAN EXPRESS MOBILE APP
sunmanexpress.com
718-505-2224
DHAKA BANK LIMITED
EXCELLENCE IN BANKING
aibl
UCB
bKash


GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
HHA/PCA & CDPAP SERVICE
FREE
যারা হোম কেয়ার সার্ভিস পাচ্ছেন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে
প্রতিমাসে ৮০০ ডলার পেতে পারেন
আজই যোগাযোগ করুন
প্রশিক্ষণ ছাড়াই
ঘরে বসে আপনজনকে
সেবা দিয়ে অর্থ
উপার্জন করুন
৫জি আনলিমিটেড ইন্টারনেটসহ
স্যাংসাম গ্যালাক্সী ট্যাব
সম্পূর্ণ ফ্রি
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
CALL: (718) 775-7852
SHAH NAWAZ MBA
President & CEO
Cell: 646-591-8396
Email: info@goldenagehomecare.com
Jackson Hts Office
71-24 35th Avenue
Jackson Hts, NY 11372
Ph: 718-775-7852
Fax: 917-396-4115
Bronx Office
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
Yonkers Office
558 E Kimball Ave
Yonkers, NY 10704
Ph: 718-844-4092
Fax: 917-396-4115
Jamaica Ave. Office
180-15 Jamaica Ave
Jamaica, NY 11432
Ph: 718-785-6883
Fax: 917-396-4115
www.goldenagehomecare.com

# বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ



## ডাঃ শামসি রহমান

PRIMARY CARE PHYSICIAN
Board Certified in Internal Medicine
Affiliated with Queens Hospital Center and
North Shore University Hospital

মেডিসিন বিশেষজ্ঞ মহিলা ডাক্তার

## ডাঃ মোঃ আব্দুল বাছিত



মেডিসিন বিশেষজ্ঞ
Board Certified in Internal Medicine
Assistant Professor of Medicine
Mount Sinai School of Medicine
Queens Hospital Center

**সেবা সমূহ**

Same Day Appointment
Walk-in Welcome

- প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
- অফিসেই রক্ত, প্রশাব পরীক্ষা ও ইকেজির ব্যবস্থা আছে।
- ফ্লু, হজ্বসহ অন্যান্য ভ্যাকসিন।
- জব, স্কুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
- যাদের হেলথ্ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।

জামাইকা অফিস - রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।

ওজনপার্ক অফিস - রোগী দেখার সময় ঃ
মঙ্গলবার থেকে শুক্রবার ঃ বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ঃ বিকাল ৩টা থেকে ৫:৩০ মিঃ পর্যন্ত।

## বাছিত মেডিকেল কেয়ার

| JAMAICA OFFICE: | JACKSON HEIGHTS OFFICE: | OZONE PARK OFFICE: |
|---|---|---|
| 166-41 88th Ave, | 40-37 74th Street | 97-47 77th Street, |
| Jamaica, NY 11432 | Elmhurst, NY 11373 | Ozone Park, NY 11416 |
| Tel: 917-780-4510 | Tel: 917-780-4510 | Tel : 718-307-5796 |
| Fax: 347-875-3911 | Fax: 347-875-3911 | Fax : 347-875-3911 |

# IMMIGRATION LAW OFFICE

ইমিগ্রেশন 'ল অফিস



Dilli R. Bhatta
Attorney at Law

Shamim Shahed
Certified Paralegal

- Immigration
- Asylum & Defence from Deportation
- Family Law
- Accident & Injury
- Business Law
- Any Kind of Visa Processing

BHATTA LAW & ASSOCIATES
☎ (631) 805 1051
37-07 74th Street, Suite # 3
Jackson Heights, NY-11372

Parkchester Medical

# PARKCHESTER MEDICAL

# পার্কচেষ্টার মেডিক্যাল




1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610

INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY

WE ARE OPEN:

| MONDAY & THURSDAY | TUESDAY, WEDNESDAY & FRIDAY | SATURDAY |
|---|---|---|
| 8:30AM-8:00PM | 8:30AM-6:00PM | 9:00AM-3:00PM |

WE ACCEPT ALL
MEDICAID / MEDICARE
MOST INSURANCES
ACCEPTED INCLUDING
WORKERS COMP.
NO-FAULT, SLIP AND FALL.



শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র

আমরা বাংলায় কথা বলি

মেডিক্যাল সময়সূচি:
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!

সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা

মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা

শনিবার
সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা

আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপুরন
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া



# সফলতার ৬ বছরে আশা হোম কেয়ার

**উত্তর আমেরিকা ডেস্ক**

সফলতার ৬ বছর পূর্ণ করেছে আশা হোম কেয়ার ও আশা সোসাল এডাল্ট ডে কেয়ার। নিউইয়র্কে হোম হেলথ কেয়ার সেবায় বাংলাদেশী কমিউনিটির সর্বাধিক জনপ্রিয় এ দুটি প্রতিষ্ঠান স্বল্প সময়ে দ্রুত প্রসার লাভ করেছে। নিউইয়র্ক থেকে বাফেলো। লং আইল্যান্ড থেকে স্টেটেন আইল্যান্ড । কমিউনিটির সিনিয়রদের ঘরে বাইরে হোম কেয়ার ও ডে কেয়ার সেবায় সুনামের সাথে এগিয়ে যাচ্ছে আশা পরিবার।আশা হোম কেয়ার সেবার মানে অতি স্বল্প সময়ে অর্জন করেছে নিউইয়র্ক স্টেট , নিউইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের সফল সম্মাননা। পেয়েছে বৃহত্তর লং-টার্ম কেয়ার এনথেম ব্লুক্রস এওয়ার্ড , এশিয়ান আমেরিকান চেম্বার এওয়ার্ড , নিউইয়র্ক স্টেট এসেম্বলি মেরিট সার্টিফিকেট , কুইন্স কাউন্টি বেষ্ট বিজনেস এওয়ার্ডসহ সরকারি ও বেসরকারি পর্যায়ের বহু সম্মাননা সনদ।সিডিপেপ ও পিসিএ হোম হেলথ কেয়ার সেবায় নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির প্রথম সারির হোম কেয়ারে স্থান করে নিয়েছে আশা হোম কেয়ার।

নিউইয়র্কে কমিউনিটির সার্বিক সহায়তায় দিন দিন ব্যবসা প্রসারে এগিয়ে যাওয়ার ৬ বছর পূর্তিতে মংগলবার থেকে সপ্তাহসপ্তাহব্যাপী অর্ধযুগ পূর্তি অনুষ্ঠানের আয়োজন করেছে আশা পরিবার। মংগলবার জ্যামাইকা আশা সোসাল এডাল্ট ডে কেয়ারে সেবা গ্রহিতা সিনিয়রদের নিয়ে কেক কাটেন আশা হোম কেয়ারের প্রসিডেন্ট ইঞ্জিনিয়ার আকাশ রহমান। ২৩ ফেব্রুয়ারী শুক্রবার সন্ধ্যায় নিউইয়র্কের ওয়ার্ল্ড ফেয়ার মেরিনায় অনুষ্ঠিত হবে ৬ বছর পূর্তি অনুষ্ঠান ।

# বাফেলোতে ভালোবাসা উৎসবে আবু জাফর মাহমুদ

**উত্তর আমেরিকা ডেস্ক**

বাংলাদেশের পয়লা ফাল্গুন আর বিশ্বব্যাপী উদযাপিত ভ্যালেন্টাইন্স ডে'কে উপলক্ষ করে ভালোবাসার উৎসব অনুষ্ঠিত হয়ে গেল নিউইয়র্কের বাফেলোতে। বাফেলো ১২০ আলেকজা-র এভিনিউতে আর জে প্রোডাকশন আয়োজিত বর্ণাঢ্য সঙ্গীত ও নাট্যানুষ্ঠানের নাম ছিল 'বসন্ত এসে গেছে'। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ান কমান্ডার, গ্লোবাল পিস অ্যামব্যাসেডর, নিউইয়র্কে হোম কেয়ার সেবার পথিকৃৎ, ভলোবাসার ফেরিওয়ালা খ্যাত স্যার ড. আবু জাফর মাহমুদ ছিলেন অনুষ্ঠানের প্রধান অতিথি। তিনি বলেন, একজন বাঙালি সন্তানের জন্মগ্রহণের পর প্রথম যে শিক্ষাটি লাভ করে সেটি হচ্ছে ভালোবাসা ও মমতার শিক্ষা। আমাদের শিক্ষা ও সংস্কৃতির প্রধান সুর ভালোবাসা। ভালোবাসাই একজন মানুষকে শুদ্ধ করতে পারে। তিনি মানুষের জীবনে ধর্মাচারের অপরিহার্য প্রভাবের



কথা তুলে ধরে বলেন, জন্মের পর প্রথম শুনেছি আজানের ধ্বনি। আমার জীবনের প্রথম কৃষ্টি, প্রথম সংস্কৃতি আজান। প্রত্যেক বাঙালি মুসলমান একই কৃষ্টিতে লালিত। আমরা যেন আমাদের কৃষ্টি ভুলে না যাই। এই কৃষ্টি নিয়েই সকল উৎসব করতে হবে। ষড়ঋতুর বাংলাদেশে প্রত্যেক ঋতুতেই উৎসব আছে। বসন্তের উৎসবের মতো অন্য ঋতুতেও আছে উৎসব।

বাংলাদেশের ই-পাসপোর্টের অনলাইন আবেদন প্রসেস করা হয়
অস্ট্রেলিয়া, কানাডা, বৃটেন, সেনজেন, চায়না, ইন্ডিয়া, আমিরাত (দুবাই)সহ সৌদী আরবের ভিসা আবেদনে সহায়তা করা হয়
Old Club Man
(718) 724-9688
16308 HILLSIDE AVE, JAMAICA, NY 11432
SAUDI (UMRAH) | UAE (DUBAI) | EUROPE | BANGLADESH
CANADA | AUSTRALIA | NEW ZEALAND | UK (LONDON) | BRAZIL | CHINA | THAILAND | INDIA

ভিজিট বা ষ্টুডেন্ট অথবা ট্রানজিট বা অন্য যে-কোন ভিসায়
কিংম্বা মেক্সিকো বর্ডার দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি'র ১০০% নিশ্চয়তা
E2 | EB3 | L1A | EB5 | SIJS | VAWA | POLITICAL ASYLUM
আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতায় গ্রীনকার্ড থেকে কন্ডিশন রিমোভ করতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। মনে রাখবেন, আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড রিভোক করার কোন ক্ষমতা-ই আপনার স্পাউসের নেই। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।
এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ
ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে
(718) 839-5812 টেক্সট করুন, আমরা কল ব্যাক করবো
163-10 HILLSIDE AVE, JAMAICA, NY 11432

প্রথম আলো
Prothom Alo North America

# জ্যামাইকা শাখা বিএনপির কর্মী সভা

**উত্তর আমেরিকা অফিস**

১১ ফেব্রুয়ারি রোববার সন্ধ্যা ৭টার সময় জ্যামাইকা স্টার কাবাব রেস্টুরেন্টে নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপির কুইন্সের জ্যামাইকা শাখা বিএনপির কমিটি গঠনের লক্ষ্যে এক কর্মী সভা অনুষ্ঠিত হয়।

নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপির সংগ্রামী আহবায়ক অসুস্থ থাকা সত্ত্বেও কর্মী সভায় উপস্থিত ছিলেন।

কর্মী সভা টি নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপির আহবায়ক হাবিবুর রহমান সেলিম রেজার সভাপতিত্বে এবং সদস্য সচিব মোহাম্মদ বদিউল আলমের সঞ্চালনায় অত্যন্ত সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়।

কর্মী সভার শুরুতেই অসুস্থ হাবিবুর রহমান সেলিম রেজা, মোহাম্মদ বদিউল আলমের অসুস্থ মা, মোহাম্মদ রিপন মিয়া ও শাহাদাত হোসেন রাজুর পরলোকগত মা সহ সকলের জন্য দোয়া করা হয়।

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান, অসুস্থ বেগম খালেদা জিয়া এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জন্যও দোয়া করা হয়।

কর্মী সভায় সকলেই বিএনপির শক্তিশালী অবস্থান এবং জ্যামাইকা কমিটি গঠনের পরামর্শ দেন। বক্তারা জ্যামাইকায় বিএনপির শক্ত ঘাটি তৈরির কথা বলেন এবং এই রকম আরও কর্মী সভা, জ্যামাইকা বিএনপির নেতাকর্মীদের নিজেদের মধ্যে আরও যোগাযোগ স্থাপন করার জন্য আরো সভা করার কথা তুলে ধরেন।

সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা কমিটি গঠনের জন্য সকলের মতামতকে স্বাগত জানান। সঞ্চালক মোহাম্মদ বদিউল আলম সকলের ভুল বোঝাবুঝির অবসান ঘটিয়ে এক সাথে কাজ করার কথা তুলে ধরেন।পরিশেষে সভাপতি তার সুস্থতার জন্য সকলের দোয়া কামনার জন্য ধন্যবাদ জানান এবং কর্মী সভার সমাপ্তি ঘোষণা করেন।

# প্রধানমন্ত্রী শেহবাজ

**প্রথম পৃষ্ঠার পর**

প্রার্থীকে সমর্থন দেবে। তবে তিনি একইসঙ্গে প্রেসিডেন্ট হিসেবে তার পিতা আসিফ আলী জারদারির নাম প্রস্তাব করেছেন। ফলে ধারণা করা হচ্ছে, দ্বিতীয় দফা প্রেসিডেন্টের দায়িত্ব পেতে যাচ্ছেন তিনি।

জিও টিভি জানিয়েছে, মঙ্গলবার কেন্দ্রে সরকার গঠনের জন্য এক হয়েছে পাকিস্তানের ছয় রাজনৈতিক দল। দেশটির সাবেক সরকার পিডিএম-এর আদলেই নতুন সরকার গঠিত হবে বলে ধারণা করা হচ্ছে।

পিএমএল-কিউ সভাপতি চৌধুরী সুজাত হুসেনের বাসভবনে দলীয় প্রধানদের বৈঠকের পর এক সংবাদ সম্মেলনে পরবর্তী জোট সরকারের জন্য ছয়দলীয় জোটের ঘোষণা দেন আসিফ আলী জারদারি। তিনি বলেন, একসঙ্গে সরকার পরিচালনার সিদ্ধান্ত হয়েছে।

তবে কেন্দ্রে সরকার গঠনে অংশ নেবে না তারা। এতদিন বিলাওয়ালের প্রধানমন্ত্রী হওয়ার আগ্রহের বিষয়ে যেসব খবর বেরিয়েছিল তা মিথ্যা প্রমাণিত হলো তার ওই বক্তব্যের মধ্যদিয়ে। তবে তিনি প্রেসিডেন্ট হিসেবে তার পিতার নাম প্রস্তাব করেন। তিনি বলেন, আমি চাই আসিফ আলী জারদারিকে প্রেসিডেন্ট করা হোক। কারণ পাকিস্তান যখন জ্বলছে, তখন একমাত্র তিনিই এই আগুন থামানোর ক্ষমতা রাখেন।

এদিকে একটি সূত্র জানিয়েছে, প্রেসিডেন্ট পদ ছাড়াও বেলুচিস্তানের মুখ্যমন্ত্রীর পদের দিকেও নজর রয়েছে পিপিপি'র। দলটিকে এসব দাবিতে সমর্থন দেয়ার আশ্বাস দিয়েছে পিএমএল-এন। তাই বড় কোনো পরিবর্তন না হলে পাকিস্তান পিএমএল-এন দলের প্রধানমন্ত্রী ও পিপিপি দলের প্রেসিডেন্ট পেতে যাচ্ছে। প্রধানমন্ত্রী না হলেও রাজনীতি থেকে দূরে সরছেন না নওয়াজ। বুধবার তার মেয়ে ও পিএমএল-এন ভাইস প্রেসিডেন্ট মরিয়ম নওয়াজ জানান, রাজনীতিতে সক্রিয় থাকবেন তার পিতা। এক এক্স পোস্টে তিনি বলেন, নওয়াজ আগামী পাঁচ বছর শুধু সক্রিয়ভাবে রাজনীতিই করবেন না, তিনি পাঞ্জাব ও কেন্দ্রে পিএমএল-এন সরকারের সব ইস্যু দেখবেন। মরিয়ম আরও বলেন, শেহবাজ শরীফ ও আমি নওয়াজেরই সৈনিক। আমরা তার আদেশ, নেতৃত্বে এবং তত্বাবধানে কাজ করবো। আল্লাহ আমাদের সফলতা দান করুন। আমিন।

এদিকে নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করেছেন জেইউআই-এফ প্রধান ফজলুর রেহমান। তিনি বলেছেন, প্রার্থীদের কাছ থেকে ঘুষ নেয়ার বিষয়টি এখন স্পষ্টভাবে দেখা যাচ্ছে। তিনি নওয়াজ শরীফের প্রতি আহ্বান জানিয়ে বলেন, পিএমএল-এন যেনো জেইউআই-এফের সঙ্গে বিরোধীদের কাতারে বসে। মাওলানা ফজলুর আরও বলেন, পাকিস্তানের নির্বাচন কমিশনের ভূমিকা প্রথম দিন থেকেই সন্দেহজনক ছিল। ইসলামাবাদে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, আমার দলের প্রার্থীদের দায়ের করা আবেদনগুলো প্রত্যাখ্যান করা হয়েছে। আগামী ২২শে ফেব্রুয়ারি আমরা স্থানীয় সাধারণ পরিষদের সঙ্গে একটি সভা করবো। এরপর ২৫শে ফেব্রুয়ারি আমরা বেলুচিস্তানে একটি সভা করবো, ২৭শে ফেব্রুয়ারি আমরা কেপিতে সভা করবো। এরপর করাচি ও লাহোরে ৩রা মার্চ এবং ৫ই মার্চ সভা হবে।

এদিকে খাইবার পাখতুনখোয়ায় জোট সরকার গঠনের জন্য পিটিআই'র আবেদন প্রত্যাখ্যান করেছে জামায়াত-ই-ইসলামী। প্রথমে রাজি হলেও শেষ মুহূর্তে এসে অবস্থান পরিবর্তন করে দলটি। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফরম এক্সে দেয়া এক পোস্টে জামায়াত-ই-ইসলামীর কেন্দ্রীয় নায়েবে আমীর লিয়াকত বালুচ বলেন, তার দল ৮ই ফেব্রুয়ারির নির্বাচনের পর পিটিআই-এর সঙ্গে একটি বৈঠক করেছিল। জামায়াত ভোটের ফলাফলে তার অসন্তোষ প্রকাশ করলেও জনগণের ম্যান্ডেটের মাধ্যমে জয়ী পিটিআই-সমর্থিত এমএনএদের স্বাগত জানিয়েছিল। তাই জামায়াত এই এমএনএদের সঙ্গে দলীয়, সাংবিধানিক ও সংসদীয় সুরক্ষার শর্তে এক হয়ে কাজ করার সিদ্ধান্ত নেয়। কিন্তু পিটিআই শেষ পর্যায়ে জানায় যে, তারা শুধুমাত্র খাইবার পাখতুনখাওয়াতেই সরকারের জন্য একটি জোট চায়। জামায়াত যেখানে সিদ্ধান্ত নিয়েছে যে, তারা জাতীয় স্তরে পিটিআইয়ের সঙ্গে জোট করবে, সেখানে পিটিআইর অবস্থান যদি এরকম হয় তাহলে তারা খাইবার পাখতুনখাওয়াতেও যার সঙ্গে ইচ্ছা জোট করে নিক।

# আন্দোলনে কি ফিরতে পারবে বিএনপি?

**প্রথম পৃষ্ঠার পর**

দলের ভূমিকা পালন করা কঠিন।

**বিএনপির বিরুদ্ধে মামলা**

২০০৯ সালের পর থেকে বাংলাদেশে রাজনৈতিক উত্তাপ চলছে। এরমধ্যে অনেক সহিংসতার ঘটনা ঘটেছে। যার মধ্যে বিএনপিও জড়িত ছিল । বিএনপি বলছে, অনেক গায়েবী মামলা দিয়ে তাদের হয়রানি করা হচ্ছে। তবে এবার ২৮ অক্টোবরে সমাবেশকে কেন্দ্র করে ব্যাপক সহিংসতা হয়। সেই ঘটনার পর নির্বাচনকে বয়কট করে বিএনপি। এরপর ট্রেন এবং বাসে আগুনসহ বিভিন্ন নাশকতার ঘটনা ঘটে। সেই সব ঘটনায় শুধু দ্বাদশ নির্বাচন কেন্দ্রিক রাজধানী ঢাকায় মামলা হয়েছে বিরুদ্ধে ২৩৪টি মামলা হয়েছে। এসব মামলায় নাম উল্লেখ করে আসামি করা হয় সাড়ে পাঁচ হাজার নেতা–কর্মীকে। অজ্ঞাতনামা আসামি আরও তিন হাজার।

তবে সব মিলিয়ে হিসেব করলে ২০০৯ সাল থেকে জানুয়ারি , ২০২৪ পর্যন্ত বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে প্রায় ১ লাখ ৩৮ হাজার ৭২ এসব মামলা আসামির সংখ্যা ৪০ লাখের ওপরে। এর মধ্যে ঢাকা মহানগরের ৫০ থানায় ১৭ হাজার ৮০০টি মামলা রয়েছে বলে দাবি বিএনপির।

**মির্জা ফখরুলের জামিন, রাজনীতির কোন মোড় ঘুরবে?**

১৪ ফেব্রুয়ারি প্রধান বিচারপতির বাসভবনে হামলার ঘটনায় ঢাকা মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সল আতিক বিন কাদেরের আদালত মির্জা ফখরুল এবং আমীর খসরুকে জামিন দিয়েছেন। এর ফলে তাদের বিরুদ্ধে সব মামলায় জামিন হয়ে গেছে। জামিনের আদেশ হওয়ায় তাদের মুক্তিতে বাধা নেই বলে জানিয়েছেন আইনজীবীরা। আসামিদের অসুস্থতা,বয়স,সামাজিক মর্যাদা বিবেচনা করে জামিনের প্রার্থনা করেন।

গত ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশের দিন প্রধান বিচারপতির বাসভবনে নাশকতামূলক কর্মকান্ড হয়। এ ঘটনায় মির্জা ফখরুলসহ বিএনপির ৫৯ নেতাকর্মীর বিরুদ্ধে রমনা থানায় মামলা করা হয়। গত ২৯ অক্টোবর মির্জা ফখরুলকে গুলশান-২ এর ৭১ নম্বর সড়কের ১৮ নম্বর বাড়ি থেকে গ্রেপ্তার করে ডিবি পুলিশ। এরপর থেকে তিনি কারাগারে রয়েছেন। আর ২ নভেম্বর দিবাগত রাত পৌনে ১টার দিকে গুলশানের বাসা থেকে আমির খসরুকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। পরদিন ৩ নভেম্বর তার ৬ দিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। ৯ নভেম্বর রিমান্ড শেষে তাকে কারাগারে পাঠানো হয়। এরপর থেকে তিনিও কারাগারে রয়েছেন। জামিন হওয়ার পর বৃহস্পতিবার তিনি মুক্তি পেতে পারেন।

এখন বিএনপি লিফলেট বিতরণ কর্মসূচি পালন করছে। মির্জা ফখরুল জেলে বাইরে আসলে নতুন করে কর্মসূচি দিতে পারে বলে জানা গেছে।

বিএনপি স্থায়ী কমিটির সদস্য বেগম সেলিমা রহমান সাংবাদিকদের বলেন, ৭ জানুয়ারি নির্বাচনের নামে কী হয়েছে, সারা দেশের মানুষসহ সারা বিশ্ব দেখেছে। নির্বাচনের পর আনুষ্ঠানিকভাবে নতুন করে বৃহৎ রাজনৈতিক জোট গঠনের বিষয়ে এখনো আলোচনা হয়নি।

# ট্রাম্প দ্রুত এগিয়ে যাচ্ছেন, তবে পথ

**প্রথম পৃষ্ঠার পর**

কি ট্রাম্প সমর্থকরা নৈরাজ্য সৃষ্টি করবে? দায়িত্ব এড়িয়ে সুপ্রিমকোর্ট কি বিষয়টি কংগ্রেসের ওপর ছেড়ে দেবে? এসব প্রশ্ন এখন ঘুরপাক খাচ্ছে। যাই ঘটুক, ট্রাম্প বিপদে আছেন।

প্রেসিডেন্ট বাইডেন হটাৎ মরে গেলে কি হবে? সংবিধান অনুযায়ী ভাইস-প্রেসিডেন্ট কমলা হ্যারিস প্রেসিডেন্ট হবেন। হ্যারিস প্রাইমারি প্রতিদ্বন্দ্বিতায় নামবেন। সেক্ষেত্রে অন্য প্রার্থীরা মাঠে নামবেন। প্রাইমারি চলা অবস্থায় প্রেসিডেন্ট মারা গেলে বিভিন্ন ষ্টেট প্রাইমারি বন্ধ রাখতে পারে, যেমনটা করেছিলো কোভিড-১৯'র সময়। প্রাইমারির শেষে, অথচ ডেমক্রেটিক কনভেনশনের আগে প্রেসিডেন্ট মারা গেলে দলীয় নেতারা নমিনেশন চাইতে পারেন, সেক্ষেত্রে দলের ভূমিকা গুরুত্বপূর্ণ। প্রেসিডেন্ট যদি দলীয় মনোনয়ন লাভের পর, অথচ নির্বাচনের আগে মারা যান, সেক্ষত্রে ডেমক্রেট ও রিপাবলিকানদের স্পষ্ট গাইডলাইন অনুযায়ী দল নুতন প্রার্থী দেবে।

আপিল বিভাগে ট্রাম্প আবেদন করেছিলেন যে, ৬ই জানুয়ারি ২০২০ তিনি যা করেছেন, তা প্রেসিডেন্ট হিসাবে করেছেন, এবং সেটি বিচার করার এখতিয়ার আদালতের নেই, তাই তার বিচার হতে পারেনা। ৩জন বিচারক নিয়ে গঠিত আপিল বিভাগ মঙ্গলবার ৬ই ফেব্রুয়ারি ২০২৪ সর্বসম্মতভাবে রায় দিয়েছেন যে, হোয়াইট হাউসের সাবেক বাসিন্দা বিচারের উর্দ্ধে নন, সুতরাং ট্রাম্পের বিচার চলতে পারে। আদালত আপিলের সুযোগ রেখেছেন। ট্রাম্প বলেছেন, তিনি সুপ্রিমকোর্টে আপিল করবেন। আপিল বিভাগ সুপ্রিমকোর্টের ঠিক একধাপ নীচের আদালত। ট্রাম্পের ভাগ্য এখন সুপ্রিমকোর্টের ওপর নির্ভরশীল।

ক্লাসিফাইড ডক্যুমেন্ট অযত্ন ও অবহেলায় রাখা, ও হস্তান্তরে বিঘ্ন সৃষ্টির দায়ে ফ্লোরিডায় ট্রাম্পের বিরুদ্ধে ফৌজদারি মামলা হয়। একই অপরাধে প্রেসিডেন্ট বাইডেনের বিরুদ্ধে মামলা হচ্ছেনা। ওয়াশিংটন টাইমস মঙ্গলবার (৬ই ফেব্রুয়ারি) জানায়, স্পেশাল কাউন্সিল রবার্ট হুড় নথিপত্র অবহেলায় বাইডেনের ওপর বিরক্ত, তবে বাইডেনের বিরুদ্ধে ফৌজদারি মামলা করার সুপারিশ করছেন না। ট্রাম্প এক টিভি সাক্ষাৎকারে বলেছেন, আমার চেয়ে ১০গুন্ বেশি ডক্যুমেন্ট ছিলো বাইডেনের কাছে, এবং তা অযত্ন ও অবহেলায় ছিলো।

তিন দশকে স্বল্পতম সময়ের মধ্যে ট্রাম্প হয়তো এবার রিপাবলিকান পার্টির প্রার্থী হতে যাচ্ছেন। মধ্য মার্চের আগেই সেটি সম্ভব। নেভাদা ককাস জয়ের পর সাউথ ক্যারোলিনা প্রাইমারি ২৪শে ফেব্রুয়ারি, মিশিগান ২৭শে ফেব্রুয়ারি, এবং এরপর একসাথে ১৬টি ষ্টেট , ৫ই মার্চ সুপার টুইসডে। এই ষ্টেটগুলো হচ্ছে: আলাবামা, আরকানসাস, আলাস্কা, ক্যালিফোর্নিয়া, কলোরাডো, আইওয়া, মেইন, ম্যাসাচুসেটস, মিনেসোটা, নর্থ ক্যারোলিনা, টেক্সাস, উত্তাহ, ভারমন্ট ও ভার্জিনিয়া। এতে প্রায় সবগুলো ষ্টেটে ট্রাম্প জয় পেতে পারেন। নিকি হেলি'র হয়তো সুপার টুইসডে পর্যন্ত রেসে থাকছেন।

গুরুত্বহীন নেভাদা প্রাইমারিতে (৬ই ফেব্রুয়ারি) নিকি হেলি মান-ইজ্জ্বত খুইয়েছেন। ট্রাম্প সেখানে প্রার্থী ছিলেন না, তবু নিকি হেলি দ্বিতীয় হয়েছেন। প্রথম হয়েছে 'নান'? ব্যালটে একটি ঘর ছিলো, 'নান, ওপরের কোন প্রার্থী না'- এই নান-এ ভোট পড়েছে ৬৩.২%, হেলি পেয়েছেন ৩০.৫%। রিপাবলিকানরা প্রেসিডেন্ট বাইডেনের হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি আলেহান্দ্রো মায়োর্কাস-কে অভিশংসন করতে ব্যর্থ হয়েছে। হাউসে ভোটে তা পাশ হয়নি। আইন বিশেষজ্ঞরা বলেছেন, হোয়াইট হাউস এবং রিপাবলিকানদের মধ্যে পলিসি নিয়ে বিতর্ক আছে, তবে আলেহান্দ্রো কোন অপরাধ করেননি।

# সাড়ে ৩ মাস কারাভোগ শেষে মুক্তি

**প্রথম পৃষ্ঠার পর**

১১ অক্টোবর রাতে নিজ বাসা থেকে গ্রেপ্তার করা হয় এ্যানীকে। এরপর থেকে কাশিমপুর কারাগারে বন্দী ছিলেন বিএনপির এই নেতা।

প্রধান বিচারপতির বাসভবনে হামলার ঘটনায় দায়ের করা মামলায় গতকাল বুধবার তাঁদের জামিন মঞ্জুর করা হয়। এর আগে সকালে বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান আজকের পত্রিকাকে জানিয়েছিলেন, বেলা ২টার দিকে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী কেরানীগঞ্জ কারাগার থেকে মুক্তি পেতে পারেন।

গতকাল বুধবার ঢাকার মহানগর দায়রা জজ আদালতের ভারপ্রাপ্ত বিচারক ফয়সাল আতিক বিন কাদের দুজনকে জামিন দেন।

এ দিন বিএনপির দুই শীর্ষ নেতার আইনজীবী জয়নুল আবেদীন মেজবাহ আজকের পত্রিকাকে জামিনের বিষয়টি নিশ্চিত করে বলেন, গত ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশকে কেন্দ্র করে বিভিন্ন নাশকতার মামলায় দুই বিএনপির নেতাকে গ্রেপ্তার দেখানো হয়। মির্জা ফখরুলকে ১১ মামলায় ও আমীর খসরুকে ১০ মামলায় গ্রেপ্তার দেখানো হয়। অন্যান্য মামলায় আগে দুজনই জামিন পেয়েছেন। সর্বশেষ মামলায় আজ জামিন পাওয়ায় তাঁদের কারামুক্তিতে আর কোনো বাধা নেই।

প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় এর আগে দুজনেরই জামিনের আবেদন কয়েক দফা নামঞ্জুর হয়। হাইকোর্টও মির্জা ফখরুলকে জামিন দেননি।

৬ ফেব্রুয়ারি দুজনের পক্ষে জামিনের আবেদন করার পর আজ শুনানির জন্য দিন ধার্য করেন। আজ জামিন আবেদনের পক্ষে শুনানি করেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী জয়নাল আবেদীন, মোহাম্মদ আসাদুজ্জামান, মাসুদ আহমেদ তালুকদার, ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন, জয়নুল আবেদীন মেজবাহ প্রমুখ।

মির্জা ফখরুলকে গত বছর ২৯ অক্টোবর সকালে আটক করার পর বিকেলে প্রধান বিচারপতির বাসভবনে হামলার মামলায় গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানো হয়। ওই দিন তাঁর জামিন নামঞ্জুর হয়। পরে ঢাকা মহানগর দায়রা জজ আদালত তাঁর জামিনের আবেদন নামঞ্জুর করেন। গত ১০ জানুয়ারি হাইকোর্ট মির্জা ফখরুলের জামিন নামঞ্জুর করেন।

মামলার সূত্রে জানা যায়, গত ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশকে কেন্দ্র করে বিএনপির নেতা-কর্মীরা বেলা ১টার দিকে প্রধান বিচারপতির বাসভবনে হামলা ও ভাঙচুর চালান।

প্রধান বিচারপতির বাসভবনে হামলা : মির্জা ফখরুলের জামিন আবারও নামঞ্জুরপ্রধান বিচারপতির বাসভবনে হামলা : মির্জা ফখরুলের জামিন আবারও নামঞ্জুর প্রধান বিচারপতির বাসভবনে হামলার অভিযোগে রমনা থানার পুলিশ পরিদর্শক মফিজুর রহমান মামলা দায়ের করেন।

২৯ অক্টোবর সকাল সাড়ে ৯টার দিকে গুলশানের বাসভবন থেকে মির্জা ফখরুলকে আটক করে ডিবি পুলিশ। ৩ নভেম্বর আমীর খসরু মাহমুদ চৌধুরীকে আটক করা হয় এবং একই মামলায় গ্রেপ্তার দেখানো হয়। ছয় দিনের রিমান্ড শেষে ১০ নভেম্বর তাঁকে কারাগারে পাঠানো হয়। এই মামলায় মির্জা আব্বাস, মির্জা ফখরুল, বরকত উল্লা বুলুসহ ৭২ জনকে আসামি করা হয়। এ ছাড়া অজ্ঞাতনামা আসামিও রয়েছেন। গত ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশকে কেন্দ্র করে রাজধানীর পল্টন, শাহজাহানপুর ও রমনা থানায় বেশ কয়েকটি মামলা হয়।

# ড. ইউনূসের ৮ প্রতিষ্ঠান দখলের

**প্রথম পৃষ্ঠার পর**

ঘটনার বিষয় জানতে চাইলে তাঁরা জানান, গত সোমবার বিকেলে গ্রামীণ ব্যাংকের ২০–২২ জন লোক জোর করে ভেতরে প্রবেশ করেন। এতে নেতৃত্ব দেন গ্রামীণ ব্যাংকের উত্তরাঞ্চলের বিভাগীয় প্রধান ফয়জুল হক।

এ বিষয়ে জানতে চাইলে গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক নাজমুল ইসলাম বলেন, 'গ্রামীণ ব্যাংকের লোকজন এসেছেন। তাঁরা মিলেমিশে কাজ করার প্রস্তাব দিয়েছেন। তবে এভাবে কাজ করা অস্বস্তিকর।'

গ্রামীণ টেলিকমের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে জানান, গ্রামীণ ব্যাংকের অন্তত ২০ জনের একটি দল সোমবার বিকেল ৪টার দিকে গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালককে খুঁজতে থাকেন। ওই দুই কর্মকর্তা নিচে গেলে তাঁদের বলা হয়, গ্রামীণ ব্যাংকের বৈঠক চলছে। সেখান থেকে একটি চিঠি আসবে। সেই চিঠি আসার আগে পর্যন্ত সবাইকে অপেক্ষা করতে হবে।

মামলা করতে চাইলে ড. ইউনূসের প্রতিষ্ঠানকে ৫৪ কোটি টাকা জমা দিতে হবেমামলা করতে চাইলে ড. ইউনূসের প্রতিষ্ঠানকে ৫৪ কোটি টাকা জমা দিতে হবে

তিনি বলেন, সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত অপেক্ষা করেও কোনো চিঠি না পেয়ে ভবনের ফটকে তালা লাগিয়ে দেন তাঁরা। তাঁরা মূলত গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণ, গ্রামীণ মৎস্য ও পশু সম্পদ ফাউন্ডেশন, গ্রামীণ কৃষি ফাউন্ডেশন, গ্রামীণ সামগ্রী, গ্রামীণ ফান্ড, গ্রামীণ শক্তি ও গ্রামীণ কমিউনিকেশন দখলের চেষ্টা করেন। তবে দখলের লক্ষ্যবস্তু ছিল গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণ ও গ্রামীণ শক্তি। এসবের মধ্যে গ্রামীণ কল্যাণ শান্তিতে নোবেল জয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের একটি সেবাধর্মী প্রতিষ্ঠান।

সূত্র জানায়, গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালক এ কে এম মইন চৌধুরী গ্রামীণ টেলিকম ভবনে বহিরাগতদের প্রবেশ ঠেকিয়ে নিরাপত্তা বাড়াতে শাহ আলী থানায় একটি জিডি করেছেন। নিয়ন্ত্রণ দখল করা কয়েকজন জানিয়েছেন, কোম্পানির চেয়ারম্যানকে অপসারণ করা হয়েছে। এতে ভীত সন্ত্রস্ত হয়ে পড়েছেন কর্মকর্তা–কর্মচারীরা।

খোঁজ নিয়ে জানা গেছে, গ্রামীণ ব্যাংক থেকে পাঠানো চিঠিতে গ্রামীণ ব্যাংকের সিনিয়র প্রিন্সিপাল অফিসার মো. গোলাম জাকারিয়া রহমানকে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়। সেখানে বলা হয়, 'গ্রামীণ টেলিকমের আর্টিকেল অব অ্যাসোসিয়েশনের ৩৫ (৩) ধারা মোতাবেক গ্রামীণ ব্যাংক পরিচালনামণ্ডলীর ১৫৫ তম সভার প্রদত্ত ক্ষমতাবলে আপনাকে ১২ ফেব্রুয়ারি থেকে গ্রামীণ টেলিকমের পরিচালক হিসেবে মনোনীত করা হলো।'

# ‘ভুল শুধরে সেরা ফোবানা সম্মেলন

**প্রথম পৃষ্ঠার পর**

অনুষ্ঠিত সাক্ষাত ও অভিবাদন (মিট অ্যান্ড গ্রিট) প্রস্তুতি সভায় এ আশা ব্যক্ত করেন ফোবানা নেতারা।

চলতি বছর গ্রেটার ওয়াশিংটন ডিসিতে লেবার ডে উইকেন্ডে ৩০-৩১ আগষ্ট এবং ১ সেপ্টেম্বর ভার্জিনিয়া আর্লিংটনের ক্রিস্টাল গেটওয়ে ম্যারিয়টে অনুষ্ঠিত হবে ৩৮তম ফোবানা সম্মেলন। এবারের সম্মেলনের আয়োজক সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব গ্রেটার ওয়াশিংটন ডিসি। আয়োজক সংগঠন এবং ফোবানা এক্সিকিউটিভ কমিটি একটি সফল সম্মেলন করবার জন্য ইতিমধ্যেই সকল প্রকার কর্মকাণ্ড শুরু করেছেন। আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) সন্ধ্যায় যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ার স্প্রিংফিল্ডের হলিডে ইন হোটেলে এ বিষয়ে বিস্তারিত তুলে ধরবেন নির্বাহী কমিটি ও আয়োজক সংগঠনে নেতারা।

৩৮তম ফোবানা সম্মেলনের কনভেনার রোকসানা পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৃহস্পতিবার সাক্ষাত ও অভিবাদন (মিট অ্যান্ড গ্রিট) প্রস্তুতি সভায় বক্তারা বলেন, অতীতের সকল সফল ও বিফল ফোবানা সম্মেলনের ভুল-ত্রুটি পর্যালোচনা এবারের ফোবানা সম্মেলনকে সাজানো হবে। অতীতের কোন ভুলের যেন পুনরাবৃত্তি না ঘটে সেদিকে অবশ্যই তারা খেয়াল রাখবেন। নতুন প্রজন্মকে উদ্বুত্ত করতে তাদের জন্য আকর্ষণীয় সব বিষয়ের বন্দোবস্ত করা হবে।

বক্তারা বলেন, ফোবানা একটি সম্মেলন, এটাকে শুধুমাত্র বিনোদন হিসেবে দেখলে হবে না। বহির্বিশ্বে বাংলাদেশিদের সর্ববৃহৎ সম্মেলন হচ্ছে ফোবানা। এ বিষয়টিকে সবসময় মাথায় রাখতে হবে। অতীতের সমস্ত ভুল-ত্রুটি থেকে আমাদের শিক্ষা নিতে হবে। অতীতে যেসব ভুলের কারণে ফোবানা সম্মেলন বিফল হয়েছিলে সে সমস্ত ভুল আগেই শোধরাতে হবে, তাহলেই একটি সফল ফোবানা সম্মেলন আমরা আশা করতে পারবো বলে উল্লেখ করেন বক্তারা। তবে এবারেই সবচেয়ে বেশী যুক্তরাষ্ট্রের অন্যান্য অঙ্গরাজ্য থেকে সাক্ষাত ও অভিবাদন (মিট অ্যান্ড গ্রিট) সভায় ফোবানার নেতারা যোগ দিয়েছেন।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন- ফোবানার চেয়ারপারসন মোহাম্মদ আলমগীর ও এক্সিকিউটিভ সেক্রেটারী আবীর আলমগীর, মাসুদ রব চৌধুরী, কনভেনার রোকসানা পারভীন, মেম্বার সেক্রেটারি আবু রুমি, প্রেসিডেন্ট নুরুল আমিন নুরু, চিফ কোঅর্ডিনেটর এন্থনি পিউস গোমেজ, প্রিয়লাল কর্মকার, কালচারাল কমিটির চেয়ারম্যান তাসকিন বিনতে সিদ্দিক, এটিএম অলম, ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ফখরুল ইসলাম স্বপন, গোলাম মোস্তফা, কচি খান, সুমন চৌধুরী, ডিউক খান, জয়নাল আবেদীন, মাহবুব রেজা রহিম, রবিউল করিম বেলাল, রেহান রেজা, নাহিদুল খান সাহেল, এম মাওলা দিলু, মাহবুবুর ভুঁইয়া, মহিন উদ্দিন দুলাল, কাজী নাহিদ, বাবুল হাই, খালেদ আহমেদ রউফ, শামসুদ্দিন মাহমুদ, মইন কাজী, সেলিম আকতার, নাসিমা খান, নাজনীন আখতার, সুলতানা, দোলা হোসেন, শিমুল ঘোষ, নাজমিন মেরী প্রমুখ।

আগামী ২৪ ফেব্রুয়ারি শনিবার ঢাকায় সাক্ষাতে অভিবাদন (মিট অ্যান্ড গ্রিট) অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। ভার্জিনিয়ার মিট এন্ড গ্রিট অনুষ্ঠানটি হবে ঢাকার সাক্ষাত ও অভিবাদন মিট এন্ড গ্রিট অনুষ্ঠানটি হবে হোটেল ইন্টারকন্টিনেন্টাল এর বলরুমে। ভার্জিনিয়ায় সাক্ষাত ও অভিবাদন (মিট অ্যান্ড গ্রিট) অনুষ্ঠানে অংশগ্রহন করতে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেট থেকে ফোবানার নেতৃত্ববৃন্দরা অনুষ্ঠানটি সফল করতে ঢাকায় যাচ্ছেন হোস্ট কমিটি এবং এক্সিকিউটিভ কমিটিসহ বেশ কয়েকজন সিনিয়র ফোবানার নেতৃত্ববৃন্দ। ঢাকার মিট এন্ড গ্রিট অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলাদেশ সরকারের বেশ কয়েকজন মন্ত্রী, বিশিষ্ট ব্যাক্তিবর্গ, সুধীজন, শিল্পী এবং বিভিন্ন মিডিয়ার কর্তা ব্যক্তিরাসহ বিভিন্ন স্পনসর প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী ব্যক্তিবর্গ।

# এমন দুর্যোগ কখনো দেখিনি

**প্রথম পৃষ্ঠার পর**

বৃহস্পতিবার দুপুরে গ্রামীণ টেলিকম ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন ড. ইউনূস। এই ভবনে ড. ইউনূসের গড়া মোট ১৬টি প্রতিষ্ঠান আছে, যার প্রতিটির চেয়ারম্যান তিনি।

সর্বশেষ খবর দ্য ডেইলি স্টার বাংলার গুগল নিউজ চ্যানেলে।

সংবাদ সম্মেলনে ড. ইউনূস বলেন, 'আমরা একটা ভয়ংকর অবস্থার মধ্যে পড়ে গেছি। আমরা এই সুন্দর বিল্ডিংটা বানিয়েছিলাম অতি সম্প্রতি। আমরা যখন গ্রামীণ ব্যাংকে ছিলাম, তখন আমাদের অফিস ওখানে ছিল। যখন আমাদের যাওয়ার পালা আসল তখন আমরা ভাবলাম আমরা সবাই মিলে একটা বিল্ডিং করি যেখানে আমরা শান্তিতে কাজকর্ম করতে পারব। এটাই সেই জিনিস; আমাদের স্বপ্নের বীজতলা। এটা তার একটা নমুনা।'

ড. ইউনূস আরও বলেন, 'হঠাৎ চারদিন আগে (১২ ফেব্রুয়ারি) দেখলাম বাইরের লোক এসে এটা জবরদখল করে নিচ্ছে। আমরা বাইরের লোক হয়ে গেলাম তাদের কাছে। তারা এটা তাদের নিয়মে চালানোর চেষ্টা করছে। আমি বুঝতে পারলাম না এটা কীভাবে হয়।'

ঘটনাটি পুলিশকে জানিয়েও কোনো লাভ হয়নি মন্তব্য করে এই নোবেলজয়ী আরও বলেন, 'আমরা পুলিশকে বললাম যে এরকম কাণ্ড হচ্ছে। আপনারা এসে দেখেন। ঠিক করে দেন। পুলিশ প্রথমে (অভিযোগ) গ্রহণই করল না। তারপর একবার এসে ঘুরে গেল। কোনো অসুবিধা দেখল না। আমরা তাদের বললাম—দেখেন আমাদের দরজায় তালা দিয়ে যাচ্ছে তারা। সকাল বেলা এসে তালা খুলে দিচ্ছে। এখনো সেই পরিস্থিতি বিরাজমান।'

দেশের আইন-আদালত কোথায় গেল—এমন প্রশ্ন রেখে ড. ইউনূস বলেন, 'আমরা সকাল থেকে শুনছি এখানে ঝাড়ু নিয়ে মিছিল হচ্ছে। কেন হচ্ছে তাও বুঝছি না। আমরা ঝাড়ুর যোগ্য হয়ে গেলাম হঠাৎ করে। আমরা তো নিজের বাড়িতেই আছি। নিজের ঘরে আছি। আর কারও ঝামেলার মধ্যে তো আমরা যাই না।'

তিনি আরও বলেন, 'আমাদের যত প্রতিষ্ঠান আমরা গড়ে তুলেছি তার প্রধান কার্যালয় এখানে। আমার পেছনে আমার পাশে যারা দাঁড়িয়ে আছে সারাজীবন ধরে তারা কাজ করে গেছে এগুলোকে সফল করার জন্য। দেশের মানুষের মঙ্গলের জন্য।'

এই ভবনে থাকা প্রতিটি প্রতিষ্ঠান ব্যবসার মুনাফার টাকায় গড়ে উঠেছে মন্তব্য করে ড. ইউনূস বলেন, এখানে হস্তক্ষেপ করার কোনো এখতিয়ার গ্রামীণ ব্যাংকের নেই। গ্রামীণ ব্যাংকের টাকায় এসব প্রতিষ্ঠান গড়ে উঠে নাই।

এর প্রতিকারে আদালতের দ্বারস্থ হবেন কি না, সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, আর কোথায় যাব?

সংবাদ সম্মেলনে যে আটটি প্রতিষ্ঠানে তালা লাগিয়ে দেওয়ার অভিযোগ করা হয় সেগুলো হলো—গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণ, গ্রামীণ মৎস্য ও পশু সম্পদ ফাউন্ডেশন, গ্রামীণ কৃষি ফাউন্ডেশন, গ্রামীণ সামগ্রী, গ্রামীণ ফান্ড, গ্রামীণ শক্তি ও গ্রামীণ কমিউনিকেশন।

সংবাদ সম্মেলনে গ্রামীণ টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক নাজমুল ইসলাম, গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালক এ কে এম মঈনুদ্দিন চৌধুরীসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।



# কুরআন একাডেমি ফর ইয়াং স্কলার্সের ফান্ডরেজিং ডিনার

**উত্তর আমেরিকা অফিস**

একাডেমি ফর ইয়াং স্কলারসের ব্রুকলীন ইসলামিক সেন্টার (বিআইসি) এর ফান্ডরেজিং ডিনার অনুষ্ঠিত হয়েছে। ৯ ফেব্রুয়ারি শুক্রবার অনুষ্ঠিত ফান্ডরেইজিং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রুকলীন ইসলামিক সেন্টার (বিআইসি) এর সভাপতি সাইফুল আলম। বিআইসির সহ সভাপতি ও মুনা নিউইয়র্ক সাউথ জোনের জাস্টিস অ্যান্ড হিউম্যান ডিগনিটি পরিচালক মাহবুবুর রহমানের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা) ন্যাশনাল প্রেসিডেন্ট হারুন অর রশিদ। প্রধান বক্তা ছিলেন ইসলামিক কালচারাল সেন্টার অব নিউইয়র্কের ৯৬ মসজিদের ইমাম ড, জাকির আহাম্মেদ, বিশেষ বক্তা ছিলেন মুনা ন্যাশনাল অ্যাসিষ্ট্যান্ট এক্সিকিউটিভ ডিরেক্টর আহাম্মেদ আবু ওবায়দা। অন্যদের মধ্যে আরো আলোচনায় অংশ নেন মুনা মজলিশে সুরার সদস্য আবু সামিহা সিরাজুল ইসলাম, মুনা নিউইয়র্ক সাউথ জোন সভাপতি সাফায়াত হোসেন সাফা ও মুনা নিউইয়র্ক নর্থ জোন সভাপতি রাশেদুজ্জমান। শিক্ষার্থীরা কোরআন থেকে তেলাওয়াত করেন।

প্রধান অতিথি হারুন অর রশিদ বলেন, কুরআন একাডেমি ফর ইয়াং স্কলারস বিআইসি ক্যাম্পাস ছাত্র-ছাত্রীদেরকে শুধুমাত্র মসজিদের ইমাম বা হাফিজ হবার জন্য তৈরী করবে না, দুনিয়া এবং আখেরাতে সাফল্য অর্জন করবে এমন ছাত্র-ছাত্রী তৈরী করবে ইনশাহআল্লাহ।

অনুষ্ঠানে ইসলামের আলোকে বিস্তারিত আলোচনাসহ বিশ্বশান্তি কামনা করে দোয়া পরিচালনা করেন ড, জাকির আহাম্মেদ।

# শাহাদাত হোসেন রাজুর মাতৃ বিয়োগে রিজভীর শোক

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপির যুগ্ম-আহ্বায়ক এবং আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদের সভাপতি শাহাদাত হোসেন রাজুর মায়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বিএনপির যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। এছাড়া তার মৃত্যুতে এক বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। ৯ ফেব্রুয়ারি শুক্রবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের পালকি পার্টি সেন্টারে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বিএনপির কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য এবং জেবিবিএর সভাপতি গিয়াস আহমেদ এই দোয়া মাহফিলের আয়োজন করেন। দোয়া মাহফিল পরিচালনা করেন নিউইয়র্ক স্টেট বিএনপির আহ্বায়ক মাওলানা অলিউল্যাহ আতিকুর রহমান এবং জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের সহকারী ইমাম মাওলানা ইসমাইল। নিউইয়র্ক স্টেট বিএনপির যুগ্ম-আহ্বায়ক রিয়াজ মাহমুদের পরিচালনায় দোয়া মাহফিলের পূর্বে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও বিশিষ্ট শিল্পী বেবি নাজনীন, বিএনপির জাতীয় কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য গিয়াস আহমেদ, বিএনপির জাতীয় কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য মিজানুর রহমান মিল্টন ভূইয়া, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ-সভাপতি মঞ্জুর আহমেদ চৌধুরী,


## বেইজমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৮৭ স্ট্রীট এবং ১০৪ এভিনিউতে এক বেডরুমের একটি বাসা ভাড়া হবে। বাস, মসজিদ, গ্রোসারি নিকটে। যোগাযোগ 917-651-7188, 917-651-9528

## ঢাকায় ফ্লাট বিক্রি

ঢাকায় ফ্লাট বিক্রি মোহাম্মদপুর চাঁন মিয়া হাউজিং এ ১২১৫ স্কয়ার ফিটের ফ্লাট ৩ বেড ৩ বাথ ২ বারন্দা আলাদা ড্রয়িং ডাইনিং লিভিং রুম ও পার্কিং সহ ৭ তলা বাড়ির ৬ তলায় লিফ্‌ট জেনারেটর সিসি ক্যামেরা, গ্যাস সংযোগ সহ যোগাযোগ What's App no +19174979508

## লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

## পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

## পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

## বাসা ভাড়া

বেইজমেন্টে দুটি রুম ভাড়া দেওয়া হবে।সার্টফিন ব্লোবার্ড এবং হিলসাইড এবিনিউতে।F,E,air train ,bus station ,মসজিদ,মাদ্রাসা,বাঙ্গালী গ্রোসারী সব কিছু অতি নিকটে।বাসা এখন খালি আছে।৯২৯৩২৮৫০৪২

## বাসা ভাড়া

সানিসাইডে ৪৬ স্ট্রিট ও ৫০ এভিনিউর ওয়াকিং বেইসমেন্টের ৩ বেডরুম বাসা অধুমপায়ি মুসলিম পরিবারের কাছে ভাড়া হবে। যোগাযোগ ৯১৭-৫৬২-১৩৬৮

## বাসা ভাড়া

উডহ্যাভেন বুলেভার্ড আট-লান্টিক এভিনিউ এর সাথে (৭৯৩০৮) এ এবং জে ট্রেন ৫ ব্লক এর দূরত্ব। ঘরের সামনে কিউ-১১, কিউ-২১,কিউ-৫৩ এবং কিউ-৫২ বাস আছে। ২ বেডরুম, লিভিং রুম, কিচেন বাথরুম। যোগাযোগ: 347-248-0925

## হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ )অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

## পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6 ) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

## লাইভ ইন বেবিসিটার আবশ্যক

লং আইল্যান্ডে সোমবার-শুক্রবার নবজাতক শিশুর যত্ন নেওয়ার জন্য লাইভ ইন বেবিসিটার খুঁজছেন। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 917-280-7656 নম্বরে কল করুন।

## রুম ভাড়া

জ্যামাইকা হিলসাইজে ১৬৯ সাবওয়ের খুব কাছে(মাঝারী)একরুম একজনকে সাবলেট দেয়া হবে। $৯০০ (মহিলা অগ্রাধিকার) টয়লেট,কিচেন শেয়ার।মোবাইল :৯৭০৮১৭৭৬৫৭

## পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

## আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিস্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে। ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

## রুম ভাড়া

জ্যাকসন হাইটস ৭ ট্রেনের সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং-এ দুইজন নামাজী, কর্মজীবি এবং অধুমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৪৯৭-২৭৯০।

## পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, **ফোন: ৫৭১–৪৮৯–৯০১৩**

## পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

## বাসা ভাড়া

জ্যাকসন হাইটসের আকর্ষনীয় এলাকায় এপার্টম্যান্ট বিক্রি হবে। নিউইয়র্কে বাংলাদেশি জনসমাজের কোলাহলের কেন্দ্রবিন্দু জ্যাকসন হাইটসে (35-35 75th St Unit 105, Jackson Heights, NY 11372 ) এপার্টম্যান্ট বিক্রি হবে। আগ্রহী ক্রেতা, মালিকের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন। ফোনঃ 917-257-3580

## পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

## আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

## মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

## বেইজমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭১-৩৮ ১০৪ এভিনিউতে ২ বেড এক বাথ কিচেন নতুন রেনুভেশন করা বেইজমেন্ট ভাড়া দেওয়া। ই ট্রেন এফ ট্রেনের কাছে। মসজিদ গ্রোসারি স্কুল নিকটে। 929-393-6474, 347-553-8444

## ইমিগ্রেশনে সহযোগিতা


আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

## জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

## ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২




ওমরা ভিসা, হজ্বের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্ততার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।

## সুখবর! সুখবর!!

আমেরিকান সিটিজেনদের জন্য সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড দারীদের জন্য উমরাহ ভিসা পেতে আজই যোগাযোগ করুন।



571-830-9213
Email: rashid.ozonepark@gmail.com

## পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পাটনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে।
যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com




# হোস্ট কমিটির সাথে মত বিনিময় সভা

## ৩৮তম ফোবানা

**সুবীর কাস্মীর পেরেরা**

ওয়াশিংটনে অনুষ্ঠিতব্য ৩৮তম ফোবানা সম্মেলন সাফল্যমন্ডিত করার প্রয়াসে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে মেট্রো ওয়াশিংটন এলাকায় ভিবিন্ন পেশা, সাংস্কৃতিককর্মী ও সাহিত্যপ্রেমীরা অংশগ্রহণ করেন। ৬ ফেব্রুয়ারি মঙ্গলবার সন্ধ্যায় স্প্রিংফিল্ড এর ডেরা রেস্টুরেন্টে এ সভা অনুষ্ঠিত হয়।

৩৮তম ফোবানা সম্মেলন ২০২৪ এর মেম্বার সেক্রেটারি আবু রুমির শুভেচ্ছা বক্তব্য এবং আলোচনার দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। এছাড়া ফোবানা কমিটির পক্ষে হোস্ট প্রেসিডেন্ট নুরুল আমিন নুরু, উপদেষ্টা গোলাম মোস্তফা ও সাংস্কৃতিক কমিটির চেয়ারম্যান তাসকিন বিনতে সিদ্দিক ?

সভা সঞ্চালন করেন ফোবানা ২০২৪০ এর সাংস্কৃতিক কমিটির চেয়ারম্যান তাসকিন বিনতে সিদ্দিক। আলোচনায় অংশগ্রহণ করেন ডিসি বইমেলার আহ্বায়ক,সময় টিভির সাংবাদিক দস্তগীর জাহাঙ্গীর,সৃষ্টি নৃত্যাঙ্গনের পরিচালিকা, নৃত্যশিল্পী-কোরিওগ্রাফার রোজ মেরী মিতু রিবেরু, রোকেয়া হাসি, মঞ্জুরি নৃত্যালয়ের পরিচালিকা-কোরিওগ্রাফার শিল্পী গ্লোরিয়া রোজারিও, অপর্ণা মিত্রা, ওয়াসি ইসলাম ,বিপুল এলিট গনছালভেস,হাসনাত সানি, রওনক সিবি ও মাশহাদুল আলম রূপম।

ফোবানা ২০২৪ কে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে আলোচকগণ ভিবিন্ন বিষয়ে মতামত প্রকাশ করেন। বিশেষ করে সাংস্কৃতিক অনুষ্ঠানে স্থনীয় শিল্পীদের অংশগ্রহণ বাড়ানো ও গুরুত্ব দেয়া, যুবদের সম্পৃক্ত করা, অনুষ্ঠানের গুণগত মান বজায় রাখা এবং সময়য়ের গুরুত্বসহ নানা বিষয়ে আলোচনা করা।

মেম্বার সেক্রেটারি আবু রুমি সবার সাহায্য-সহযোগিতা কামনা করে বলেন, 'সকলের সহযোগিতা পেলে আমরা একটি সুন্দর -সার্থক ফোবানা সম্মেলন উপহার দিতে পারব।' এ জন্য তিনি সকলের সাহায্য-সহযোগিতা কামনা করেন।

# স্কাই ওয়্যারলেস বিডি মানি এক্সচেঞ্জে ডাকাতি

**উত্তর আমেরিকা ডেস্ক**

২ ফেব্রুয়ারি রাতে ব্রুকলিনের ইউক্লিড সাবওয়ের নিকটবর্তী পাইন স্ট্রিটের স্কাই ওয়্যারলেস বিডি নামে একটি মানি এক্সচেঞ্জ ও মোবাইল ফোনের দোকানে ডাকাতির ঘটনা ঘটেছে। দুজন অস্ত্রধারী দোকানে প্রবেশ করে অস্ত্রের ভয় দেখিয়ে নগদ অর্থ, মোবাইল ফোনসহ বিভিন্ন জিনিসপত্র নিয়ে যায়। ডাকাতি ঠেকাতে দোকানের স্টাফরা চেষ্টা করলেও শেষ রক্ষা হয়নি। এ ঘটনার আগেও ওই এলাকার বিভিন্ন স্ট্রিটে একাধিক ডাকাতির ঘটনা ঘটে। ঘটনা ঘটার পরপরই ব্যবসায়ীরা পুলিশে রিপোর্ট করছেন। কিন্তু ততক্ষণে অপরাধীরা ধরাছোঁয়ার বাইরে চলে গেছে । এতে ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

ডাকাতি হওয়া মানি এক্সচেঞ্জ কোম্পানির দায়িত্বশীল এক কর্মকর্তা বলেন, দীর্ঘদিন ধরেই ব্রুকলিনের ইস্ট নিউইয়র্ক ব্যবসায়ীরা ব্যবসা করে আসছেন। সাম্প্রতিক সময়ে বিভিন্ন প্রতিষ্ঠানে হামলা, চুরি, অস্ত্রের মুখে ডাকাতি ও ছিনতাইয়ের ঘটনা ঘটছে। ফলে ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে।

# নতুন ঢেউ সৃষ্টি করাই একজন নেতার কাজ

**উত্তর আমেরিকা অফিস**



গ্লোবাল পিস অ্যামব্যাসেডর, বিশিষ্ট রাজনীতিবিদ, সংগঠক স্যার ড. আবু জাফর মাহমুদ বলেছেন, একটি সমাজ একজন ব্যক্তির কারণে এগিয়ে যায় এ কথা ঠিক নয়। একটি সমাজ বা রাষ্ট্রে একজনের উদ্যোগেই সব হয়ে যায় ব্যাপাটা তা নয়। যদিও ছোটবেলা থেকে এই ভুল শিক্ষা আমরা পেয়ে এসেছি, এক নেতা এক দেশ বঙ্গবন্ধুই বাংলাদেশ। এটি একটি রাজনৈতিক শ্লোগান। রাষ্ট্র জন্ম দেওয়ার পর এ শ্লোগান আমরা পেয়েছিলাম। ৫৩ বছরে আমরা শিখেছি একজন ব্যক্তি যত যোগ্য ও ক্ষমতাশালী হন তিনি একটি রাষ্ট্রের জন্য যথেষ্ট নন। একটা রাষ্ট্রে অনেকগুলি শক্তি সমন্বিতভাবে ভূমিকা রেখে থাকে। নিউইয়র্কে এমনই এক সংগঠন বাংলাদেশি আমেরিকান কালচারাল এসোসিয়েশন। এই সংগঠনের নেতৃত্ব, শৃংখলা, পারস্পারিক শ্রদ্ধাবোধ ও দেশীয় সংস্কৃতির চর্চা এক অনন্য দৃষ্টান্ত।

তিনি ৬ ফেব্রুয়ারি মঙ্গলবার সন্ধ্যায় ব্রংকস এর খলিল চাইনিজ রেস্তোরাঁয় বাংলাদেশি আমেরিকান কালচারাল এসোসিয়েশন আয়োজিত নৈশভোজ ও আলাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। অনুষ্ঠানে সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি আবুল হাশেম হাসনু, সদ্য সাবেক সভাপতি আহবাব এইচ চৌধুরী, বর্তমান সভাপতি সারওয়ার চৌধুরী ও সাধারণ সম্পাদক শাহ বদরুজ্জামান রুহেলসহ সংগঠনের নির্বাহী কমিটির সকল কর্মকর্তা ও সদস্য উপস্থিত ছিলেন।

স্যার আবু জাফর মাহমুদ বলেন, বাকার ২৩ জনের কমিটির প্রত্যেকেই একেকজন নেতা। পারস্পারিক সহিষ্ণুতা, একই চিন্তায় একীভূত হওয়া এই যোগ্যতাগুলোই তাদেরকে সফল করেছে। একজন নেতার এই বৈশিষ্টগুলো দরকার। সমাজে আমরা প্রত্যেকে অবদান রাখি। কেউ বেশি কেউ কম। কারোটা উজ্জল হয় কারোটা আলোচনায় আসে না। তিনি বলেন, সমাজের প্রচলিত ধারার সাথে গা না ভাসানোই একজন নেতার আদর্শ। সমাজের সব ধারার মধ্যে থেকে মিশে নতুন ঢেউ সৃষ্টি করাই একজন নেতার বড় দায়িত্ব।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাকা'র সহসভাপতি মোহাম্মদ সাদী মিন্টু, মাকসুদা আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক শাহ্ কামাল উদ্দিন, সোহেল আহমদ, এম ডি আলাউদ্দিন, কোষাধ্যক্ষ মোহাম্মদ রনি, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক রায়হান জামান রানা, স্কুল ও সমাজকল্যাণ সম্পাদক সালমা সুমী, ক্রীড়া সম্পাদক শাহ্ ইকবাল রাজু, প্রচার ও গণসংযোগ সম্পাদক মোহাম্মদ লিয়াকত আলী, আইন ও আন্তর্জাতিক সম্পাদক দুলাল রহমান, সহ সাংগঠনিক সম্পাদক আশরাফ হোসেন টিটু, সদস্য চৌধুরী মুমিত তানিম, সাংবাদিক শামীম আহমেদ, খলিল বিরিয়ানি হাউজের সিইও খলিল রহমান।

**বাংলাদেশ সোসাইটির প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

দেশের বাইরে সবচেয়ে বড় পরিসরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করে থাকে যুক্তরাষ্ট্রে প্রবাসীদের সর্ববৃহৎ ও ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ সোসাইটি ইউএসএ ইনক। প্রতিবারের চেয়ে এবার নেয়া হয়েছে আরো বর্ণাঢ্য কর্মসূচি। এবারের আয়োজনে প্রধান অতিথি থাকছেন গ্লোবাল পিস অ্যামব্যাসেডর বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমা-ার স্যার ড. আবু জাফর মাহমুদ। বুধবার নিউইয়র্কের এল্মহার্স্টে সোসাইটির নিজস্ব কার্যালয়ে এক অনাড়ম্বর অনুষ্ঠানে এই ঘোষণা দেন বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট মোহাম্মদ রব মিয়া। অনুষ্ঠানে স্যার ড. আবু জাফর মাহমুদ ছিলেন প্রধান অতিথি। এছাড়াও অনেকের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ রুহুল আমীন সিদ্দিকী, ভাইস প্রেসিডেন্ট ফারুক চৌধুরী, ট্রেজারার মোহাম্মদ নওয়াশেদ হোসেন, জনসংযোগ ও প্রকাশনা সম্পাক রিজু মোহামেদ, ক্রীড়া ও বিনোদন সম্পাদক মাইনুদ্দিন মাহবুব, নির্বাহী সম্পাদক আখতার বাবুল, সাদী মিন্টু প্রমুখ।

প্রধান অতিথি আবু জাফর মাহমুদ বলেন, আমরা যুদ্ধ করে বাংলাদেশ জন্ম দিয়েছি। প্রবাসে বাংলাদেশের ঐতিহ্য সংস্কৃতি সুরক্ষার নেতা হচ্ছে আমেরিকার বাংলাদেশ সোসাইটি। এই সোসাইটি যতদূর পর্যন্ত বিস্তৃত হবে, ততদূর পর্যন্ত আমি গভীরভাবেই এর সঙ্গে যুক্ত। এই সোসাইটি পরিচালনার কাজটি গোটা জাতির কাজ, গোটা সমাজের কাজ। বিশেষ করে সামাজিক নেতৃত্ব প্রতিষ্ঠার ক্ষেত্রে এই সংগঠনের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে।

তিনি বলেন, যেখানে আমাদের লক্ষ্যের একতা আছে সেখানে কর্মের একতা নিয়ে ভাবতে হবে না। লক্ষ্যটা আগে স্থির করা দরকার। সকল ¯্রােতে গা ভাসিয়ে দেয়া কোনো জ্ঞানী মানুষের কাজ নয়। আমরা যেন সফল হই। সফলতাটি হচ্ছে আমরা যা করছি তার যেন কার্যকারিতা থাকে। আর সেই কার্যকারিতাও অন্য কিছু নয়, শুধু আমাদের দেশ ও জাতির কল্যাণ।

# আশ্রয়প্রার্থীদের ব্যয়ে যুদ্ধ কখনই আসা উচিত নয়

**এইচ বি রিতা**

হোয়াইট হাউসের পূর্ণ সমর্থনের সাথে, সিনেটের আইনপ্রণেতারা এই সপ্তাহে ইউক্রেন, ইসরায়েল এবং তাইওয়ানে সামরিক সহায়তার জন্য $১১৯ বিলিয়ন ব্যয়ের চুক্তি অগ্রসর করতে ভোট দিয়েছেন। এটিকে মার্কিন যুক্তরাষ্ট্রে ইতোমধ্যে অপর্যাপ্ত আশ্রয় ব্যবস্থাকে আরও পঙ্গু করার বিনিময় হিসাবে দেখছেন অনেক সমালোচকরা। এই আইনের পদ্ধতিগত ভোটে (S.Amdt.1386 থেকে H.R.815), ৬০ জন সিনেটরের সমর্থন প্রয়োজন, যা ৪৯-৫০ ভোটে ফেল করে। বর্তমানে, সিনেট একটি হ্রাসকৃত ৯৫ বিলিয়ন ডলারের বিল পাস করতে চাইছে যা মানবিক সহাযতার জন্য অপেক্ষাকৃত ছোট $১০ বিলিয়ন প্রতিশ্রুতির বিনিময়ে তিনটি দেশকে বিলিয়ন ডলার সামরিক সহায়তা পাঠাবে।



যুদ্ধের জন্য আরো অস্ত্র নাকি আশ্রয়প্রার্থীদের সুরক্ষা-মার্কিন আইন প্রণেতাদের দ্বারা এটি একটি দুর্বোধ্য এবং জীবন-হুমকির খেলা বলে উল্লেখ করেছেন, ডমেস্টিক পলিসির লেজিজলেটিভ ডিরেক্টর অ্যানিকা ফরেস্ট। কংগ্রেস যুদ্ধের জন্য আরও তহবিলের বিনিময়ে মার্কিন আশ্রয় ব্যবস্থাকে ধ্বংস করতে চুক্তি চালিয়ে যাচ্ছে বলে মনে করছেন তিনি। এবং অভিবাসী বিরোধী নীতিগুলি এর ফলে আইনে পুনরায় আবির্ভূত হতে পারে, এর মধ্যে আশ্রয় এবং সীমান্তের বিধান রয়েছে যা সেনেট মাত্র কয়েকদিন আগে বাতিল করেছে।

অ্যাসাইলাম একটি কঠোর সুরক্ষা। এখানে যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করা চ্যালেঞ্জিং। আশ্রয় আবেদনকারীরা বাস্তব জীবনের ঘটনা, হুমকি, বা নিপীড়ন, নির্যাতন এবং গুরুতর আঘাত সম্পর্কে উদ্বেগ হোন। দেশান্তর জীবন-মৃত্যুর ব্যাপার, ভ্রমণ প্রায়ই বিপজ্জনক হয়। ২০২৩ সালের হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্রে এক মিলিয়নেরও বেশি আবেদন মুলতুবি থাকা অবস্থায় আশ্রয়ের আবেদনের প্রক্রিয়াটি দশ বছরের বেশি সময় নিতে পারে। এটি একটি দুঃখজনক পরিস্থিতি যা হালকাভাবে নেওয়া যায় না। এই সপ্তাহে ভোট দেওয়া প্রাথমিক বিলের প্রস্তাবিত নীতি পরিবর্তনগুলি এই সত্যগুলিকে উপেক্ষা করেছে বলে দাবী করেন, ফরেস্ট।

আশ্রয়ের জন্য যোগ্যতা নির্ধারণে কঠোর প্রয়োজনীয়তা বৃদ্ধি করতে চেয়েছিল বিলটি। সেই সাথে ন্যায্য প্রক্রিয়া ছাড়া মার্কিন সীমান্তে সুরক্ষা চাওয়া পরিবারগুলিকে দ্রুত বহিষ্কারের আদেশ দেয়া, মাইগ্রেশন নম্বরগুলি পূর্বনির্ধারিত বেঞ্চমার্ক অতিক্রম করলে সীমান্ত বন্ধ করার জন্য শিরোনাম -৪১ এর মতো নির্বাহী কর্তৃপক্ষ প্রদান করা।

ফরেস্ট বলেন, এই প্রস্তাবিত পরিবর্তনগুলি নিষ্ঠুর এবং অকার্যকর। প্রতিরোধের কৌশলগুলি অভিবাসন প্রবাহকে হ্রাস করে না, জীবন বাঁচাতে পারে না। আইনের অনুকূল বিধানগুলি মার্কিন আশ্রয় ব্যবস্থাকে ধ্বংস করার চেয়ে বেশি কিছু নয়। ট্রাম্প এবং বাইডেন প্রশাসনের সময় মার্কিন আশ্রয় ব্যবস্থার বিরুদ্ধে আক্রমণগুলি মারাত্মক ছিল। আইন প্রণেতাদের উচিত ছিল ইতিমধ্যেই ভাঙা ব্যবস্থাকে উন্নত করা।

যুদ্ধের ভয়াবহতার কারণে আশ্রয়প্রার্থীদের অবস্থা আরও খারাপ হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের ভয়াবহতা আশ্রয় ব্যবস্থার জন্ম দিয়েছে। অতিরিক্ত অস্ত্রের অর্থায়ন সংঘর্ষের বৃদ্ধিতে অবদান রাখে, যা বিশ্বব্যাপী অস্থিতিশীলতা বাড়ায় এবং আশ্রয়প্রার্থীদের সংখ্যা বৃদ্ধি করে। ফরেস্ট বলেন, হাইতি থেকে গুয়াতেমালা থেকে ভেনিজুয়েলা পর্যন্ত, মার্কিন হস্তক্ষেপ, নিষেধাজ্ঞা, এবং বছরের পর বছর ধরে শোষণ ও রাজনৈতিক পুতুলশিল্প গ্লোবাল সাউথের দেশগুলিকে আরও অস্থিতিশীল করে তুলেছে এবং অভিবাসনের প্রয়োজনে ইন্ধন যুগিয়েছে। কংগ্রেস রাজনীতিতে প্রান্তিক গোষ্ঠীগুলিকে খেলোয়াড় হিসাবে ব্যবহার করতে পারে না, বিশেষ করে যখন মার্কিন যুক্তরাষ্ট্র তাদের বর্ণনার কেন্দ্রবিন্দুতে ছিল। মার্কিন নীতিগুলি বিশ্বব্যাপী অভিবাসনে যেভাবে অবদান রেখেছে তা বিবেচনা করে, মার্কিন সরকারের অভিবাসন নিয়ন্ত্রণের কৌশলগুলিতে মনোনিবেশ করা উচিত এবং বাস্তুচ্যুতি রোধ করার সমাধানগুলির উপর ফোকাস করা উচিত।

কংগ্রেস বহু বছর ধরে দেশে এবং দেশের মধ্য দিয়ে ভ্রমণকারী মানুষের প্রবাহকে সাবধানে নিয়ন্ত্রণ করার দায়িত্বকে উপেক্ষা করেছে। এটি এখন এবং অতীতে অভিবাসীদের সম্প্রদায়ের প্রতি তার উৎসর্গ ত্যাগ করেছে। পরিবর্তে, মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসন আইন আপডেট করা এবং মানবিককরণ এড়াতে, নীতিনির্ধারকরা রাজনৈতিক বিদ্বেষের দিকে ঝুঁকেছেন। ফরেস্ট বলেন, একটি ন্যায্য, সহানুভূতিশীল এবং দক্ষ অভিবাসন ব্যবস্থার অগ্রগতির জন্য, কংগ্রেসকে সমসাময়িক ব্যবস্থা গ্রহণ করতে হবে যেমন: জোরপূর্বক অভিবাসনের অন্তর্নিহিত কারণগুলিকে কৌশলগতভাবে মোকাবেলা করা, মার্কিন সীমান্তে ন্যায্য, নিরাপদ এবং সুশৃঙ্খল প্রক্রিয়াকরণ নিশ্চিত করা, অর্থায়ন কেস ম্যানেজমেন্ট এবং সহানুভূতিশীল অভিবাসী নিয়ন্ত্রণ ব্যবস্থা করা-যেমন আশ্রয় এবং পরিষেবা প্রোগ্রাম, স্ক্রিনিং ত্বরান্বিত করার জন্য আরো আশ্রয় কর্মকর্তা নিয়োগ করা, স্ক্রিনিং দ্রুত করার জন্য আশ্রয় কর্মকর্তাদের সংখ্যা বাড়ানো; এবং আশ্রয়প্রার্থীদের তাদের অনুরোধের এক মাসের মধ্যে কাজের অনুমতি প্রদান করা, যাতে তারা নিজেদের এবং তাদের পরিবারকে সমর্থন করতে পারে - ছয় বা তার বেশি নয়।

একইভাবে, মার্কিন অভিবাসন আইনে যে কোনো পরিবর্তন আনলে তাও অনথিভুক্ত অভিবাসীদের নাগরিকত্বের পথকে এগিয়ে নিয়ে যাবে বলে মনে করছ্রন ফরেস্ট।



UP TO 10% Discount
on Flight Booking

Special Fare Available
NEW YORK - DHAKA - NEW YORK

Emirates QATAR KUWAIT AIRWAYS TURKISH AIRLINES

Book Online
www.globaltravelbd.com

- All domestic & international flights any country
- No extra charge for credit card
- No hidden charges
- 24/7 customer support

US: 718-406-9745
BD: 01810140650

World Tours & Travel

USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206,
Jackson Heights, NY-11372, USA

Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka- 1000

24/7 Hotline: 718-406-9745

Save Yourself
This Tax Season



Nizamul Wahed Shahir, EA
Licensed Real Estate Agent
M.Com (Accounting)

ADMITTED TO PRACTICE BEFORE THE IRS ENROLLED AGENT
Authorized e-file Provider

Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com

প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান ও আন্তরিক।

Tax · Immigration · Real Estate

- Income Tax and Accounting Services For: Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
- Sales and Payroll Tax
- Business Licenses and Setup
- FBAR and FATCA Filing
- Notary Public
- Immigration Form Fill-Up Services
- Credit Repair, Real State and much more...

Member of
NYSSEA
naea National Association of Enrolled Agents

184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com



# মার্কিন কংগ্রেসে লড়ছেন বাংলাদেশি ড. শিকদার

**উত্তর আমেরিকা অফিস**

ক্যালিফোর্নিয়া কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট-১২ থেকে দলীয় প্রার্থী বাছাইয়ের নির্বাচনে অংশ নিচ্ছেন বাংলাদেশি আমেরিকান ড. আব্দুর রহমান শিকদার। তিনি ডেমক্র্যাটিক পার্টির মনোনয়ন প্রত্যাশি। আগামী ৫ মার্চ এই নির্বাচন হওয়ার কথা রয়েছে।

৫ ফেব্রুয়ারি সোমবার সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসে নির্বাচনী তহবিল গঠন উপলক্ষে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।

বরিশালের সন্তান ড. শিকদারের জন্যে এ আয়োজন করেন জাকির হাওলাদার, লুৎফর রহমান লাতু, রিমন ইসলাম, মাহবুবুর রহমান এবং মোশারফ হোসেন। এতে কমিউনিটির বিপুল সংখ্যক লোকজন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত সবাই বলেন, মার্কিন কংগ্রেসে এখন পর্যন্ত শতভাগ বাংলাদেশি আমেরিকানের সুযোগ ঘটেনি। সেই অভাব কাটিয়ে উঠতেই ড. শিকদারের বিজয়ে সকলে সাধ্যমত সরব থাকার সংকল্প ব্যক্ত করেন।

সাংবাদিক রিমন ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত এ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মূলধারার রাজনীতিক ও ব্যবসায়ী গিয়াস আহমেদ। তিনি তাঁর বক্তব্যে আমেরিকার স্বপ্ন পূরণের সিঁড়ি হিসেবে কংগ্রেসে অন্যতম অবলম্বন ড. শিকদারের বিজয়ে সকলকে সহযোগিতার হাত প্রসারিত করতে আহ্বান জানান।

ড. শিকদারকে বিজয়ী করার সংকল্প ব্যক্ত করে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য দেন মূলধারার রাজনীতিবিদ মোর্শেদ আলম, নিউইয়র্ক সিটি মেয়রের উপদেষ্টা ফাহাদ সোলায়মান, ডেমক্র্যাট এডভোকেট মুজিবুর রহমান, ডেমক্র্যাট আহনাফ আলম প্রমুখ।

# বিএএসজের মিট এন্ড গ্রিট অনুষ্ঠান

**সুব্রত চৌধুরী**

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে ৬ ফেব্রুয়ারি মঙ্গলবার সন্ধ্যায় 'মিট এন্ড গ্রিট' অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির উদ্যোগে বাংলাদেশ কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত 'মিট এন্ড গ্রিট' অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্‌হিত ছিলেন আটলান্টিক সিটির শোবোট হোটেল এর স্বত্বাধিকারী বার্ট ব্লাটস্টেইন।

বিএএসজের সভাপতি জহিরুল ইসলাম বাবুল অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

'মিট এন্ড গ্রিট' অনুষ্ঠানে সিটির পঞ্চম ওয়ার্ড এর কাউন্সিলর এম আনজুম জিয়া,আটলান্টিক সিটি স্কুল বোর্ড সদস্য সুব্রত চৌধুরী, বিএএসজে সাধারন সম্পাদক জাকিরুল ইসলাম খোকা, বিএএসজে কর্মকর্তা মোঃ গিয়াসউদদীন, মোঃ আইয়ুব,মোঃ শাহরিয়ার, মোঃ মনিরুজামান, বেলাল হোসেন ভূঁইয়া, মো. শাহজালাল, বেলালউদদীন, আব্দুর রহিম, তৌহিদুল ইসলাম, এসিএমইউএর ভাইস চেয়ারম্যান মো: দিদার, মাসুদ চৌধুরী, আবু নসর, মোকতাদির রহমান, আফিয়া নাসরীন, রহমান বাবুল, মোমিনুল হক মামুন,ওমর ফারুক প্রমুখ উপস্‌হিত ছিলেন।



বিএএসজে নেতৃবৃন্দ সংগঠনের কার্যক্রম বার্ট ব্লাটস্টেইনের কাছে বিস্তারিতভাবে তুলে ধরেন। বার্ট ব্লাটস্টেইন বাংলাদেশ কমিউনিটি সেন্টারের উন্নয়ন কার্যক্রম ঘুরে ঘুরে দেখেন।

অনুষ্ঠানে উপস্‌হিত সুধীজনরা আটলান্টিক সিটির অর্থনীতির চাকা সচল রাখার ক্ষেত্রে বার্ট ব্লাটস্টেইনের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।এছাড়া আটলান্টিক সিটির বিভিন্ন কমিউনিটির সহযোগিতায় তিনি যেভাবে এগিয়ে এসেছেন তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানান।

বার্ট ব্লাটস্টেইন তাঁর বক্তব্যে বাংলাদেশ কমিউনিটি সেন্টারে তাঁকে আমন্ত্রণ জানানোয় বিএএসজে কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।তিনি প্রবাসী বাংলাদেশিদের কল্যাণে তাঁর সর্বাত্নক সহযোগিতার আশ্বাস দেন।এছাড়া তিনি বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জারসির মহতী কার্যক্রমে সার্বিক সহযোগিতারও আশ্বাস দেন।

'মিট এন্ড গ্রিট' অনুষ্ঠানে আটলান্টিক সিটির গন্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। নৈশভোজের মাধ্যমে

# মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের ফ্যামিলি নাইট

**উত্তর আমেরিকা অফিস**

মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের (মসজিদ নামিরাহ) ফ্যামিলি নাইট উদযাপিত হয়েছে বিপুল উৎসাহ-উদ্দীপনায়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, ইসলামিক সঙ্গীত আর আলোচনার মধ্যদিয়ে শেষ হয়েছে ফ্যামিলি নাইটের অনুষ্ঠান । প্রথমবারের মতো আয়োজিত এই ব্যতিক্রমধর্মী অনুষ্ঠানে সেন্টারের মুসল্লি ও তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে অনুষ্ঠানটি মিলনমেলায় পরিনত হয়। বাবা-মা, অভিভাবকদের সাথে নতুন প্রজন্মের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। ২ ফেব্রুয়ারি মাগবির নামাজের পর থেকে এশা পর্যন্ত আয়োজিত অনুষ্ঠানে ৩৫০ জনের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

অনুষ্ঠানে আলোচনা পর্বে সভাপতিত্ব করেন সেন্টার পরিচালনা কমিটির সভাপতি মমিনুল ইসলাম মজুমদার। এতে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট আলেমে দ্বীন, আল কুরআন এন্ড দাওয়াহ সেন্টার ইউএসএ ইনকের চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ রুহুল আমিন। বিশেষ অতিথি ছিলেন আল কুরআন একাডেমী ফর ইয়ং স্কলারস বিআইসি শাখার প্রিন্সিপাল প্রফেসর ড. মোহাম্মদ মাহবুবুর রহমান ও বিশিষ্ট আলেমে দ্বীন মাওলানা রফিক উল্লাহ। আমন্ত্রিত অতিথি ছিলেন নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের কোষাধ্যক্ষ মাওলানা রশীদ আহমদ।

আলোচকবৃন্দ বলেন, জীবনের সফলতা ও ব্যর্থতার হিসাব করতে গেলে দুনিয়া ও আখেরাতের বাস্তবতা সম্পর্কে ধারণা থাকা জরুরি। মানুষ দুনিয়ার এ সামান্য সময়ের জীবন-যাপনকে যতবেশি গুরুত্ব দেয় এর চেয়ে তুলনাহীন গুরুত্বপূর্ণ পরকাল। কেননা পরকাল হবে সীমাহীন। যেখানে জীবনের শুরু আছে শেষ বলে কোনো কিছু নেই।

তারা বলেন, প্রত্যেক মুসলমানের উচিত, দুনিয়ার তুলনায় পরকালকে প্রাধান্য দেওয়া। পরকালের সীমাহীন জীবনের প্রস্তুতিতে নিজেদেরকে তৈরি করা। দুনিয়াকে পরকালের শস্যক্ষেত্র হিসেবে গ্রহণ করা। বস্তুত সদা সর্বদা আখেরাতের চিন্তার লালন করাই একজন মুমিনের ঈমানী দায়িত্ব।

ফ্যামিলি নাইট অনুষ্ঠান পরিচালনা ও সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন সেন্টার সাধারণ সম্পাদক কায়কোবাদ কবীর ও অর্থ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ।

# নিউইয়র্কে বাড়ছে 'অভিবাসী অপরাধ'

**মনজুরুল হক**

নথিপত্রহীন অভিবাসীদের নিয়ে সমস্যার শেষ নেই নিউইয়র্কে। আবাসন ও অন্যান্য ব্যয় বৃদ্ধির পাশাপাশি এবার বাড়ছে অপরাধও। সম্প্রতি টাইমস স্কয়ারে পুলিশ সদস্যদের ওপর হামলাসহ বেশ কিছু ঘটনার পর এবার নতুন উদ্বেগ হিসেবে দেখা দিয়েছে, মোবাইল এবং হাত ব্যাগ চুরি। এসব ঘটনা নিউইয়র্কের জনপদকে অনিরাপদ করে তুলছে এবং জনঅসন্তোষ বাড়ছে।

৫ জানুয়ারি সোমবার ৫ মোবাইল ফোন ও ব্যাগ চুরির সাথে জড়িত ব্রঙ্কসের এমন এক চক্রের 'সেফ হাউসে' অভিযান চালানোর পর বেরিয়ে এসেছে চাঞ্চল্যকর তথ্য। এদিন তল্লাশির সময় বাড়ি থেকে ২২টি চুরি হওয়া ফোন এবং অভিযুক্তের পরিচয়পত্র উদ্ধার করেছে পুলিশ। এছাড়া ৭ জনকে হেফাজতে নিয়েছ তদন্তকারীরা।

পুলিশ জানায়, ভিক্টর প্যারা নামে এক ব্যক্তির তত্ত্বাবধানে চলতো এসব অপরাধ। তারা শহরের ফুটপাত বা জনমানবহীন স্থানে অবস্থান নিয়ে বিশেষ করে মহিলাদের মোবাইল ও ব্যাগ ছিনিয়ে নিয়ে যেতো। পুলিশ আরও জানায়, তারা চুরির কাজ সংগঠিত করতে এবং সমন্বয় করতে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করত। ভিক্টর প্যারা হোয়াটসঅ্যাপের 'ফোন লাগবে' এমন তথ্য ছড়িয়ে দেওয়া সাথে সাথে চক্রের বাকিরা চুরির কাজে লেগে পড়তো।

এই কাজের জন্য একজন স্কুটার চালক ১শ ডলার এবং ছিনতাইকারী ৩-৬শ ডলার করে পেতো। ছিনতাইয়ের পর ফোনগুলো প্যারার অ্যাপার্টমেন্টে নিয়ে যাওয়া হতো। যেখানে প্রযুক্তিতে পারদর্শীরা মোবাইলের এক্সেস নিয়ে সকল ফাইনান্সিয়াল অ্যাপ ব্যবহার করে মার্কিন যুক্তরাষ্ট্র বা মধ্য আমেরিকাতে কেনাকাটা করতো। তারপর সেসব ফোন পাঠিয়ে দেওয়া হতো কলম্বিয়াতে। সেখানে মোবাইলগুলোকে পুনরায় কাজ করা হতো।

এনওয়াইপিডি বলেছে, এটি শহরের সবচেয়ে বড় ডাকাতির প্যাটার্নকে ব্যর্থ করেছে। চোরেরা হাত থেকে মহিলাদের পার্স এবং ফোন ছিনিয়ে নিচ্ছে।



সম্প্রতি নিউইয়র্ক পুলিশ বিভাগের (এনওয়াইপিডি) প্রকাশিত এক ভিডিওতে দেখা যায়, ৫২ বছর বয়সী একজন মহিলার ব্যাগ, ফোন, ক্রেডিট কার্ড, চাবি, চশমা, নগদ ৬০ ডলার এবং তার আইডি ছিনিয়ে নেয়। পরে চোররা হিংস্রভাবে একটি স্কুটারে টেনে নিয়ে যাচ্ছে। এটি গত মাসে ব্রুকলিনের শীপসহেড বে বিভাগে ঘটেছে।

এনওয়াইপিডি কমিশনার এডওয়ার্ড ক্যাবান বলেছেন, সাম্প্রতিক একমাস ধরে অভিবাসী অপরাধের মাত্রা বেড়েই চলেছে। যা শহরের জন্য মারাত্মক হুমকিস্বরূপ। গোয়েন্দাদের প্রধান জো কেনি বলেন, এই চক্র খুবই কৌশলে চুরি করে থাকে। চক্রের কারও বিরুদ্ধে পূর্বে কোনো অপরাধের রেকর্ড বা কোনোরকম চিহ্ন নেই। চক্রের প্রধান প্যারা গত বছর ভেনেজুয়েলা যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন। গত ডিসেম্বরে তাকে একটি বড় চুরির অভিযোগে বিচারকের সামনে উপস্থিত করা হয়েছিল।

এসব ঘটনায় আবারও অভিবাসীদের নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন সিটি মেয়র এরিক অ্যাডামস। তিনি বলেন, আমি বিশ্বাস করি আপনি যদি আমাদের শহরে বারবার অপরাধমূলক ঘটনা ঘটান, তাহলে ফেডারেল সরকারের উচিত তার কাজ করা এবং সেই ব্যক্তিকে আমাদের শহর থেকে নির্বাসিত করা উচিত। আমেরিকায় মানুষ নিরাপদে থাকার অধিকার রয়েছে। আর এর জন্য যা করার দরকার তার ক্ষমতা আমার নেই, সিটি কাউন্সিলকে এটি করতে হবে।

প্রসঙ্গত, নিউইয়র্কে এভাবে চুরির ঘটনা গত বছরের নভেম্বর থেকে বেড়েছে। যা আপার ইষ্ট সাইডে শুরু

LEGAL NETWORK INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ইমিগ্রেশন/ এসাইলাম সেন্টার: গ্রিন কার্ড ও নাগরিকত্ব



অর্ধ শতাধিক ATTORNEY এবং CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫,৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com



## চা শ্রমিকদের মাঝে শীতবস্ত্র বিতরণ

**তোফাজ্জল সোহেল**, হবিগঞ্জ

হবিগঞ্জের নালুয়া চা বাগানের শ্রমিকদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। ১৪ ফেব্রুয়ারি বুধবার দুপুরে দেড়শো নারী - পুরুষের হাতে কম্বল তুলে দেওয়া হয় গ্রেটার সিলেট কমিউনিটি ইউকে নামের সামাজিক সংগঠনের পক্ষ থেকে।

এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গ্রেটার সিলেট কমিউনিটি ইউকে এর উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা সৈয়দ আব্দুল কাইয়ুম কয়সর ও সূচনা বক্তব্য রাখেন কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক হাবিবুর রহমান রানা। বক্তব্য রাখেন সংগঠনের নির্বাহী সদস্য গিয়াস উদ্দিন, সৈয়দ আব্দুল হাই ফয়সল, বাংলাদেশ পরিবেশ আন্দোলন ( বাপা) হবিগঞ্জের সাধারণ সম্পাদক তোফাজ্জল সোহেল, সাইম রহমান প্রমুখ।

## গাজায় হামলায় এক পরিবার নিশ্চিহ্ন

**ইসরায়েলি বর্বরতা**

**উত্তর আমেরিকা ডেস্ক**

দক্ষিণ গাজার রাফায় ইসরায়েলি বর্বরতায় নিশ্চিহ্ন হয়ে গেছে একটি পরিবার। পরিবারের সদস্যদের হারিয়ে শোকে স্তব্ধ ইব্রাহিম হাসোনা। ইসরায়েলি হামলায় বিধ্বস্ত বাড়ির ধ্বংসস্তূপের সামনে দাঁড়িয়ে পরিবারের সঙ্গে কাটানো মুহূর্তগুলোর কথাই বারবার মনে পড়ছিল তাঁর। যেখানে তাঁর মা ঘুমাতেন, যেখানে তাঁর ভগ্নিপতি ছিলেন, তিনি তাঁর ৫ বছর বয়সী ভাতিজিদের সঙ্গে খেলতেন, যেখানে তিনি তাঁর ১ বছর বয়সী ভাতিজাকে প্রথম হাঁটা শিখিয়েছিলেন, সে সব জায়গা দেখে গতকাল কান্নায় ভেঙে পড়েন ইব্রাহিম।

ইসরায়েলি বর্বরতায় তাঁর পুরো পরিবার মারা গেছে। তাঁর বাবা-মা, দুই ভাই এবং ভাইদের একজনের স্ত্রী এবং তিন সন্তান কেউই আজ বেঁচে নেই। দুই জিম্মিকে উদ্ধার করতে সোমবার ভোরের আগে রাফাহজুড়ে ইসরায়েলি যুদ্ধবিমানগুলো যে হামলা চালিয়েছিল তাতে ইব্রাহিমের বাড়িটি পুরো ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। সেখানেই ঘুমিয়ে ছিলেন তাঁর পরিবারের সদস্যরা। সবাইকে হারিয়ে আজ শোকে বিহ্বল ইব্রাহিম।

এদিকে ইসরায়েল ও ফিলিস্তিনের হামাসের মধ্যে গাজায় যুদ্ধবিরতি ও জিম্মি মুক্তির চুক্তি নিয়ে আলোচনায় অগ্রগতি হয়েছে। আলোচনার সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তারা এ কথা জানিয়েছেন। তবে দুই পক্ষ এখনও চূড়ান্ত কোনো সমঝোতায় পৌঁছায়নি।

মিসরের রাজধানী কায়রোয় অনুষ্ঠিত আলোচনায় যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা কাউন্সিলের মুখপাত্র জন কিরবি বলেন, তারা গঠনমূলক আলোচনা করেছেন এবং সঠিক পথেই এগিয়ে যাচ্ছেন। গাজায় ইসরায়েলি বাহিনীর অভিযানকে ‘অসামঞ্জস্যপূর্ণ’ বলেছেন ইতালির পররাষ্ট্রমন্ত্রী আন্তোনিও তাজানি। তিনি বলেন, গাজায় ভুক্তভোগীর সংখ্যা অনেক বেশি।

অন্যদিকে গাজায় ইসরায়েলি বাহিনীর অভিযানকে ‘গণহত্যা’ হিসেবে চিহ্নিত করে আন্তর্জাতিক আদালতে বিচার চেয়ে আবেদন করেছিল দক্ষিণ আফ্রিকা। এখন দেশটি বলছে, রাফায় অনেকটা একই কাজ করছে ইসরায়েল। আন্তর্জাতিক আদালতের কাছে এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার দাবি দক্ষিণ আফ্রিকার। এছাড়া ইসরায়েলকে সতর্ক করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। আগে গাজার রাফায় আশ্রয় নেওয়া কমপক্ষে ১০ লাখ সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিতের বিশ্বাসযোগ্য পরিকল্পনা করতে বলেছেন তিনি।

বাইডেন বলেন, ওইসব সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিতে বিশ্বাসযোগ্য পরিকল্পনা ছাড়া রাফায় অভিযান চালানো উচিত হবে না ইসরায়েলের। খবর এপি ও

## কর্নফুলী ট্যাক্স

শেষ পৃষ্ঠার পর

বেশ কয়েক বছর যাবৎ আয়কর দাখিল প্রক্রিয়ায় বেশ সুনামের সাথে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে প্রতিষ্ঠানটি জ্যামাইকা ও বাফেলোতে নতুন শাখা খুলেছে। অনেকেই তাদের কর্মকান্ডে সন্তোষ প্রকাশ করছেন।

২০২২ সালে কয়েক হাজার আয়কর দাখিলকারির মধ্য থেকে কর্নফুলী ট্যাক্স সার্ভিস লটারির মাধ্যমে ১৫ জন ভাগ্যবানকে বিজয়ী ঘোষনা করেন। পরবর্তীতে বিজয়ীদের মধ্যে চেক হস্তান্তর করেন কর্নফুলী ট্যাক্স সার্ভিসের সিইও এনরোল এজেন্ট মোহাম্মদ হাসেম।

## পাঁচ বাংলাদেশির নামে মার্কিন দূতাবাসের মামলা

**মানব পাচারের অভিযোগ**

**উত্তর আমেরিকা ডেস্ক**

ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাসে ভিসার জন্য সাক্ষাৎকার নেওয়ার সময় মানব পাচার চক্রের দুই সদস্যকে চিহ্নিত করেছে মার্কিন দূতাবাস। পরে ওই দু’জনসহ মানব পাচারের সঙ্গে জড়িত থাকার অভিযোগে পাঁচ বাংলাদেশির নামে রাজধানীর গুলশান থানায় মামলা করেছে কর্তৃপক্ষ। গত সোমবার মার্কিন দূতাবাসের কর্মকর্তা মিকাইল লি এই মামলা করেন।

মামলার অভিযোগে মিকাইল লি উল্লেখ করেন, ১১ ফেব্রুয়ারি মফিজুর ও আশরাফুল মার্কিন ভিসার জন্য সাক্ষাৎকার দিতে যান। সে সময় তারা দু’জন বাংলাদেশ থেকে বিভিন্ন দেশে

**মামলায় এজাহারভুক্ত আসামিরা হলেন দালাল মফিজুর রহমান ও আশরাফুল আলম ভূঁইয়া, তাদের সহযোগী মোহাম্মদ জামান, মো. ভাসানী এবং চক্রের মূলহোতা মোহাম্মদ নূর আলম।**

মানব পাচারে জড়িত বলে স্বীকার করেন। তারা মূলত দালাল হিসেবে কাজ করেন। যুক্তরাষ্ট্রে যাওয়ার জন্য ভুয়া নথিও জমা দেন তারা।

বাংলাদেশ থেকে দুবাই, সুরিনাম ও প্যারাগুয়ে হয়ে যুক্তরাষ্ট্রে মানব পাচার করেন। এ কাজে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে একজন অভিবাসন কর্মকর্তা অর্থের বিনিময়ে তাঁকে সহযোগিতা করেন। এ ছাড়া তারাও মোটা অঙ্কের অর্থের বিনিময়ে বিভিন্ন দেশে মানব পাচার করেন।

যুক্তরাষ্ট্রের ভিসার জন্য মার্কিন দূতাবাসে জমা দেওয়া কাগজপত্রে নিজেদের গার্মেন্টস ব্যবসায়ী হিসেবে পরিচয় দেন। তবে তারা দালাল চক্রের সদস্য বলে জানা গেছে। তারা দু’জন মানব পাচারের সুবিধা নিতেই যুক্তরাষ্ট্রে যাওয়ার জন্য আবেদন করেন।

মামলাটির তদন্তের দায়িত্ব পেয়েছে ডিএমপির কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। সিটিটিসির উপকমিশনার জসীম উদ্দিন গণমাধ্যমকে জানান, মার্কিন দূতাবাসের পক্ষ থেকে মানব পাচার আইনে একটি মামলা করা হয়েছে। মামলার নথিগুলো গুলশান থানা থেকে আনার প্রক্রিয়া শুরু করেছে সিটিটিসি।

## ১১ বছরেই পদার্থবিজ্ঞানে স্নাতক

শেষ পৃষ্ঠার পর

প্রথম পদক্ষেপ। অমরত্বই আমার লক্ষ্য। আমি শরীরে যতগুলো অঙ্গ সম্ভব যন্ত্রাংশ দিয়ে প্রতিস্থাপন করতে সক্ষম হতে চাই। আমি এ লক্ষ্য পূরণের একটি রূপরেখাও তৈরি করেছি। আপনি দেখতেই পাচ্ছেন, এটা একটা বিশাল ধাঁধা। কোয়ান্টাম পদার্থবিদ্যা–অতি পারমাণবিক কণার বিদ্যা–এ ধাঁধার প্রথম একটি অংশ।’

জ্ঞান অর্জন এবং এর প্রয়োগই সিমন্সের জীবনের প্রধান লক্ষ্য। তার দ্বিতীয় লক্ষ্য হলো, আধুনিক বিশ্বের সেরা অধ্যাপকদের সঙ্গে কাজ করা। তবে অদ্ভুত বিষয় হলো, সে ‘এই অধ্যাপকদের মস্তিষ্কের ভেতরটা দেখতে চায় এবং তাঁরা কীভাবে চিন্তা করেন তা খুঁজে বের করতে চায়’।

আন্টভের্প বিশ্ববিদ্যালয় সিমন্সের স্নাতক এবং কৃতিত্ব নিশ্চিত করেছে। আন্টভের্প বিশ্ববিদ্যালয়ের মুখপাত্র

**বিস্ময়কর এ বালকের বিভিন্ন কার্যক্রম নিয়ে একটি ইনস্টাগ্রাম অ্যাকাউন্টও খোলা হয়েছে। অ্যাকাউন্টটির ৭৬ হাজার ৭০০ এরও বেশি ফলোয়ার রয়েছে। হয়তো লরেন্ট সিমন্স হয়ে উঠবে আরেক আইনস্টাইন বা স্টিফেন হকিং।**

ব্রাসেলস টাইমসকে বলেন, ‘সিমন্স ২০২০ সালের মার্চ থেকে পদার্থবিজ্ঞানে স্নাতক ডিগ্রির জন্য পড়াশোনা করেছে এবং সে ৮৫ শতাংশ নম্বর নিয়ে স্নাতক পাস করেছে, এটি সর্বোচ্চ নম্বর।’

তিনি আরও বলেন, ২০২৩ সালেও সে মাস্টার্স প্রোগ্রাম থেকে কিছু কোর্স নেয়। ওই গ্রীষ্মের পর থেকেই সে মাস্টার্স শুরু করেছে।

এইন্ডহোভেন বিশ্ববিদ্যালয় থেকে ঝরে পড়ার বিষয়ে সিমন্সের বাবা আলেক্সান্ডার সিমন্স বলেন, গণমাধ্যমে তাকে নিয়ে অনেক বেশি আলোচনা করার বিষয়টি নিয়ে আপত্তি তুলেছিল কলেজটি। তিনি বলেন, ‘কোনো শিশু যদি ফুটবল ভালো খেলে তখন তাকে নিয়ে গণমাধ্যমে আলোচনা আমাদের ভালোই লাগে। আমার ছেলের প্রতিভা ভিন্ন। সে কেন এ নিয়ে গর্ববোধ করতে পারবে না?’

বিস্ময়কর এ বালকের বিভিন্ন কার্যক্রম নিয়ে একটি ইনস্টাগ্রাম অ্যাকাউন্টও খোলা হয়েছে। অ্যাকাউন্টটির ৭৬ হাজার ৭০০ এরও বেশি ফলোয়ার রয়েছে। হয়তো লরেন্ট সিমন্স হয়ে উঠবে আরেক আইনস্টাইন বা স্টিফেন হকিং। অথবা হয়তো সে হয়ে উঠবে ভিন্ন কোনো প্রতিভার অধিকারী যা পৃথিবীতে নিয়ে আসবে নতুন কোনো বিপ্লব!

# ‘অবৈধ বিদেশি কর্মীদের কারণে দেশের অর্থনীতি ধ্বংস হচ্ছে’

**ঢাকা অফিস**




সারা দেশের বিভিন্ন কর্মক্ষেত্রে অবৈধ বিদেশি কর্মীরা ট্যাক্স ও ভ্যাট না দিয়ে দেশের টাকা পাচার করছে। ফলে বাংলাদেশের অর্থনীতি ক্রমান্বয়ে ধ্বংস হচ্ছে আর মানবাধিকার ও জাতীয় নিরাপত্তা হুমকিতে পড়ছে বলে মনে করে অবৈধ বিদেশি খেঁদাও আন্দোলন নামক একটি সংগঠন। বুধবার জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে সংগঠনটির বক্তারা এসব কথা বলেছেন।

লিখিত বক্তব্যে সংগঠনটির সাধারন সম্পাদক ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার এম. সরোয়ার হোসেন বলেন, ‘বাংলাদেশে গত দেড় দশকে বহু বিদেশি বাংলাদেশে অবৈধভাবে কর্মক্ষেত্র দখল করে রেখেছে। বর্তমানে ১০ লাখের বেশি অবৈধ বিদেশি শ্রমিক বাংলাদেশে বিভিন্ন কর্মক্ষেত্রে কাজ করছে। এর ফলে এ দেশের নাগরিকগণ যোগ্যতা অনুযায়ী নিয়োগ লাভের অধিকার হতে বঞ্চিত হচ্ছেন।’

তিনি আরও বলেন, ‘যোগ্যতা অনুযায়ী নিয়োগ পাওয়া সাংবিধানিক অধিকার। গত দেড় দশকে বাংলাদেশে বেকার সমস্যা চরম আকার ধারণ করেছে। দেশে বর্তমানে বেকারত্বের হার ১২ শতাংশ। যা এ যাবৎ কালের সর্বোচ্চ। বেকারত্বের সমস্যা এমন আকার ধারণ করেছে যে, এ দেশে নাগরিক কর্মসংস্থান খুঁজতে গিয়ে বঙ্গোপসাগর থেকে ভূমধ্যসাগরে মৃত্যুবরণ করছে।’

ব্যারিস্টার এম. সরোয়ার হোসেন বলেন, ‘বাংলাদেশে কর্মরত অবৈধ বিদেশিরা ২০১৭ সাল থেকে প্রতি বছর ১০ দশমিক ২ বিলিয়ন মার্কিন ডলার এ দেশ থেকে নিয়ে যাচ্ছে। অবৈধ হওয়ার কারণে তারা ট্যাক্স ও ভ্যাট প্রদান না করে টাকা পাচার করছে। এর ফলে বাংলাদেশের অর্থনীতি ক্রমান্বয়ে ধ্বংস হচ্ছে আর মানবাধিকার ও জাতীয় নিরাপত্তা হুমকির সম্মুখীন হচ্ছে। তারপরও আমাদের রাষ্ট্র বা সরকারের দায়িত্বপ্রাপ্ত সংস্থাসমূহ এর কোনো ব্যবস্থা গ্রহণ করছে না।’

আলোচনা সভায় সভাপতির বক্তব্যে সংগঠনটির সভাপতি ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট মুহাম্মদ মহসিন রশিদ বলেন, ‘আমরা প্রত্যেকটি রাজনৈতিক দলকে আহ্বান জানাব; সেটা আওয়ামী লীগ, বিএনপি, ছাত্রলীগ, ছাত্রদল, যুবলীগ, যুবদল যেই হোক না কেন, সকলকেই আমরা আহ্বান জানাচ্ছি। যারা আমাদের এজেন্সিগুলোতে কাজ করেন, তাদের একটা বড় দায়িত্ব হচ্ছে এই দেশটাকে রক্ষা করা। বাংলাদেশের জন্য যা করা দরকার সেটাই আপনাদেরকে করতে হবে। আমি সবাইকে আহ্বান করব আপনারা এগিয়ে আসেন, আমাদের সঙ্গে যোগ দেন, সহায়তা করেন।’

তিনি বলেন, ‘আপনারা দেখছেন যে কত বিদেশি এখানে অবৈধভাবে কাজ করে যাচ্ছে। বৈধভাবে যারা কাজ করছেন, তাদের নিয়ে আমাদের কোনো আপত্তি নেই। অবৈধ বিদেশি শ্রমিকের কারণে বাংলাদেশের প্রত্যেক নাগরিকের সমস্যা হচ্ছে। তাই আমরা চাই যে অবিলম্বে সরকার এই অবৈধ বিদেশি শ্রমিকদের তাদের দেশে ফেরত পাঠিয়ে আমাদের দেশের বেকার সমস্যা দূর করবে।’

এ সময় সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন—ন্যাশনাল ডেমোক্রেটিক পার্টির চেয়ারম্যান আবু তাহের, গণঅধিকার পরিষদের একাংশের আহ্বায়ক মিয়া মশিউজ্জামান, অ্যাডভোকেট সাজ্জাদ হোসেন, মেজর মোহাম্মদ মিজানুর রহমান (অব:) ও অ্যাডভোকেট মো. আফাজুল হকসহ বিভিন্ন সামাজিক এবং রাজনৈতিক ব্যক্তিবর্গ।

## মিয়ানমারের ৩৩০ সেনা নিজ দেশে

শেষ পৃষ্ঠার পর

একাধিক বিশ্বস্ত সূত্র বলেছে, সীমান্তের ওপারে জান্তা সরকার ও বিদ্রোহী আরাকান আর্মির মধ্যে চৌকি দখল নিয়ে তুমুল সংঘর্ষের মধ্যে ৪ ফেব্রুয়ারি থেকে কয়েক দফায় ৩৩০ জন বিজিপি ও মিয়ানমারের সেনাসদস্য বাংলাদেশে পালিয়ে আসেন। তাঁদের তমব্রু, ঘুমধুম ও হোয়াইক্যংয়ে আশ্রয় দেওয়া হয়।

ওই ৩৩০ জনের মধ্যে আহত সদস্য রয়েছেন ৯ জন। তাঁদের ৫ জন কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল ও ৪ জন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন বলে জানিয়েছেন বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম।

সূত্র জানায়, দুই দেশের সরকারের উচ্চপর্যায়ে চিঠি চালাচালির পর বৃহস্পতিবার সকালে ওই ৩৩০ জনকে ফেরত পাঠানোর পরিকল্পনা হয়। তাঁদের নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ও টেকনাফের হ্নীলা উচ্চবিদ্যালয় থেকে বিজিবির নিজস্ব পরিবহনে করে কক্সবাজারের ইনানি ঘাট দিয়ে মিয়ানমারের জাহাজে করে নিয়ে যাবে সে দেশের নৌবাহিনী।

এ বিষয়ে ৩৪ বিজিবির অধিনায়ক লে. কর্নেল আবদুল্লাহ আল মাশরুকী বলেন, সকাল ৮টা বা সাড়ে ৮টায় ওই ৩৩০ জন ইনানি ঘাট ছেড়ে মিয়ানমারের উদ্দেশে রওনা হবেন। বর্তমানে নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ও তুমব্রু সীমান্ত পরিস্থিতি শান্ত। তবু এপারে বিজিবি সর্বোচ্চ সতর্ক রয়েছে। সদস্যসংখ্যা বৃদ্ধিসহ টহল বাড়ানো হয়েছে।

**আতঙ্কের মধ্যেই পরীক্ষা**

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম উচ্চবিদ্যালয়ের এসএসসি পরীক্ষাকেন্দ্রে এবার ৫০২ জন পরীক্ষার্থীর পরীক্ষায় বসার কথা ছিল। কিন্তু সীমান্তের কাছাকাছি মিয়ানমারের ভেতরে গোলাগুলি এবং এপারে গুলি ও গোলা এসে পড়ার ঘটনায় কেন্দ্রটি ৫ কিলোমিটার দূরে স্থানান্তর করা হয়েছে। নাইক্ষ্যংছড়ি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সোহেল মিয়া আজকের পত্রিকাকে বলেন, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এ এম এম মুজিবুর রহমান স্বাক্ষরিত ১২ ফেব্রুয়ারির এক আদেশে ঘুমধুম উচ্চবিদ্যালয় পরীক্ষাকেন্দ্রটি একই ইউনিয়নের উত্তর ঘুমধুমে দুটি প্রাথমিক বিদ্যালয়ে স্থানান্তর করা হয়েছে। বিদ্যালয় দুটি হলো ১ নম্বর উত্তর ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ২ নম্বর উত্তর ঘুমধুম সরকারি প্রাথমিক বিদ্যালয়।

সেখানে ৫০২ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেবে।

## সব শেষে তিনি বললেন এটা বাড়াবাড়ি

শেষ পৃষ্ঠার পর

“হামাসের বিরুদ্ধে আমাদের যুদ্ধ শুরুর প্রথম দিকে প্রেসিডেন্ট বাইডেন আমাদের সমর্থন করেছিলেন। আমি তাঁর সেই সিদ্ধান্তকে স্বাগত জানাই। কিন্তু ওই তিন শব্দের মাধ্যমে বাইডেন ঠিক কী বলতে চেয়েছিলেন, আমি জানি না। সে দিনের পর থেকে ওঁর সঙ্গে আর আমি কথা বলিনি।”

গত ৭ অক্টোবর হামাসের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে ইজ়রায়েল। তার আগে ইজ়রায়েলের ভূখণ্ডে ঢুকে বহু মানুষকে পণবন্দি করে নিয়ে গিয়েছিল হামাস। নেতানিয়াহু সেই হামলার বদলা নেওয়ার শপথ করেন এবং জানান, যত দিন পর্যন্ত হামাস নির্মূল হচ্ছে, তিনি যুদ্ধ চালিয়ে যাবেন। এখনও পশ্চিম এশিয়ায় সেই যুদ্ধ চলছে। যুদ্ধের শুরুতেই আমেরিকা জানিয়েছিল, তারা ইজ়রায়েলের পাশে আছে। যত দিন এগিয়েছে, গাজ়ায় ইজ়রায়েলের হামলার জোর তত বেড়েছে। নেতানিয়াহুর প্রত্যাঘাতে ধ্বংসস্তূপে পরিণত হয়েছে গাজ়া। হাসপাতালগুলিও ক্ষেপণাস্ত্র বর্ষণের হাত থেকে রেহাই পায়নি। এই পরিস্থিতিতে ইজ়রায়েলের সমালোচনা করেছে বিশ্বের সকলেই । সেই প্রেক্ষিতে আমেরিকার প্রেসিডেন্টের ওই মন্তব্যও এসেছিল। যার পর থেকে নেতানিয়াহু আর তাঁর সঙ্গে কথা বলেননি বলে জানালেন সাক্ষাৎকারে।

পত্রিকার প্রথম পাতার একটি বড় অংশজুড়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের ছবি। সেখানে লাল কালিতে লেখা, ‘তিনি আমাদের ভোট হারিয়েছেন।’ নভেম্বরের শুরুর দিকে মিশিগানের ডিয়ারবর্ন থেকে দুই ভাষায় প্রকাশিত সাপ্তাহিক পত্রিকার মূল শিরোনাম ছিল এটি। আর এই পত্রিকার গ্রাহক সেখানকার আরবিভাষী মানুষ।

এই বছরই যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন। আর এই শিরোনাম বলে দেয়, আরব ও আমেরিকান মুসলিম ভোটাররা গাজা-ইসরায়েল যুদ্ধে বাইডেনের ভূমিকাকে কীভাবে নিচ্ছেন। তাঁদের ভোট এবার তাঁর বাক্সে যাওয়ার সম্ভাবনাই–বা কতটুকু। এই যুদ্ধে ইসরায়েলের পক্ষে বাইডেন প্রশাসনের ‘অকুণ্ঠ’ সমর্থন আরব ও মার্কিন মুসলিমদের মধ্যে একধরনের হতাশা তৈরি করেছে। এই হতাশা ও তীব্র ক্ষোভ কমাতে বাইডেন ও তাঁর শীর্ষ সহযোগীরা নড়েচড়ে বসেছেন। যেমন আরব ও মুসলিম অধিকারকর্মীদের সঙ্গে গত অক্টোবরের শেষ দিকে পররাষ্ট্র মন্ত্রণালয় ও হোয়াইট হাউস বৈঠক করেছে। পাশাপাশি ইসলামবিদ্বেষ দূর করতে প্রথমবারের মতো জাতীয় কৌশল ঘোষণা নিয়ে ১ নভেম্বর বৈঠক করেছে হোয়াইট হাউস।

ফিলিস্তিন-ইসরায়েল যুদ্ধ নিয়ে বাইডেন প্রশাসনের বক্তব্যেও পরিবর্তন এসেছে। এখন তারা গাজায় বেসামরিক নাগরিকদের সুরক্ষার ওপর জোর দেওয়ার পাশাপাশি সেখানে সাহায্য পাঠানোর সুযোগ চাইছে। ইসরায়েলের প্রতি আহ্বান জানিয়েছে হামলার মধ্যে ‘মানবিক বিরতি’র। দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের ওপর জোর দিচ্ছে। বাইডেন এখন বলছেন, ইসরায়েলের গাজা দখল হবে বড় ভুল।

কিন্তু ফিলিস্তিনি অধিকারকর্মীদের ভাষ্য, বাইডেন প্রশাসনের এ আহ্বান তেমন গুরুত্ব পাচ্ছে না। আমেরিকান আরব অ্যান্টি-ডিসক্রিমিনেশন কমিটির (এডিসি) নির্বাহী পরিচালক আবেদ আইয়ুব বলেন, ‘তারা ফিলিস্তিন-ইসরায়েল যুদ্ধ নিয়ে যে ভূমিকা রেখেছে, সেটা ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে। এ জন্যই আমরা তাদের ইসলামবিদ্বেষ ঠেকানোর নামে নতুন কৌশলের ফাঁদে পা দিচ্ছি না।’

আবেদ আরও বলেন, ‘আমরা সেসব কাটিয়ে এসেছি। ফলাফল কী, তা দেখতে চাই। এই প্রশাসন কিছু করেছে, তা আমাদের দেখাক এবং আমাদের আস্তাকুঁড়ে ফেলে দেয়নি, সেই প্রমাণ দিক। তারা কী বৈঠক করেছে, তা নিয়ে আমাদের মাথাব্যথা নেই। সত্যিই নেই। এসব বৈঠক থেকে কিছুই বেরিয়ে আসবে না।

এই বাইডেনই বলেছিলেন ইসরায়েল তুমি একা নও, এ দুঃসময়ে আমেরিকাও তোমাদের পাশে আছে’ বলে মন্তব্য করেছেন আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন। ফিলিস্তিনের সশস্ত্র গোষ্ঠী হামাসের সঙ্গে যুদ্ধের মধ্যেই ইসরায়েলে সফরে গিয়ে একথা বলেছেন আমেরিকার প্রেসিডেন্ট।

ইসরায়েল সন্ত্রাসীদের নিয়ন্ত্রণে চলবে না জানিয়ে জো বাইডেন বলেন, 'ইসরায়েল একটি ইহুদি রাষ্ট্র, কিন্তু আমেরিকার মতো এটিও একটি গণতান্ত্রিক দেশ। ইসরায়েল সন্ত্রাসীদের শাসনে চলবে না, আইনের শাসনে চলবে।’ এই বছরের জাতীয় নির্বাচনে নিজের ভরাডুবির কথা মাথায় রেখে তিনি বললেন এটা নাকি বাড়াবাড়ি। যেহেতু যুক্তরাষ্ট্রের ক্ষমতা ও প্রভাবের কারণে মার্কিন নির্বাচনের ফল সব সময়ই বাকি বিশ্বের ওপর প্রভাব ফেলে থাকে, সে কারণে আগামী নভেম্বরের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনকে প্রায় নিশ্চিতভাবেই ২০২৪ সালের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা বলা যেতে পারে। এই নির্বাচন অন্য নির্বাচনগুলো থেকে যে কারণে মৌলিকভাবে আলাদা করছে—দুটি প্রধান প্রতিদ্বন্দ্বী দলের প্রার্থীদের মধ্যে মিলের চেয়ে অমিল অনেক বেশি।

বাইডেন বর্তমান সময়কে গণতন্ত্র ও কর্তৃত্বতন্ত্রের প্রতিদ্বন্দ্বিতা হিসেবে মনে করেন। তাঁর যুক্তি হলো, বিশ্বের সব গণতান্ত্রিক মিত্রকে যুক্তরাষ্ট্রের সহযোগিতা করা উচিত। অন্যদিকে ট্রাম্প বিশ্বের সব কর্তৃত্ববাদী নেতার সঙ্গে ওঠাবসায় স্বাচ্ছন্দ্য বোধ করেন। সব কিছু ছাপিয়ে উনার এমন মন্তব্যকে ভোট ব্যাংক বাড়াতেই বলেছেন বলে মনে করেন নেটিজেনরা ।

# সময়ের প্রতিচ্ছবি অগ্নিকন্যা কল্পনা দত্ত, এক অকুতোভয় নারীযোদ্ধা

**রোমেনা রোজী**

অন্যান্য সাধারণ বাঙালী মহিলাদের থেকে বেশ খানিকটা লম্বা, ছিপছিপে গড়নের, সুন্দর, ঋজুদেহ, বলিষ্ঠ, কাঁচা হলুদ গায়ের রঙের সাথে ছিল ভীষণ মিষ্টি এক হাসি। তেমনি ছিলেন বিপ্লবী কল্পনা দত্ত। চট্টগ্রাম অস্ত্রাগার দখলের নেতা বীর শহীদ সূর্য সেন, পূর্ণেন্দু দস্তিদারের নামের সঙ্গে যে দু'জন নারীর নাম অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে তাদের একজন হলেন প্রীতিলতা ওয়াদ্দেদার, আর অন্যজন কল্পনা দত্ত। তিনি ছিলেন মাষ্টারদার প্রিয় পাত্রী, রবীন্দ্রনাথের 'অগ্নিকন্যা' এবং চট্টগ্রামে সকলের 'ভুলুদা' নামে পরিচিত। নারীরাও যে ব্রিটিশদের বিরুদ্ধে যুদ্ধ করতে পারেন, সেই সময়ে তা কল্পনা করা যেত না। নারীদের প্রত্যক্ষ সহযোগিতায় চট্টগ্রামের যুব বিদ্রোহ ব্রিটিশদের ভিতকেই কাঁপিয়ে দিয়েছিল।

বিভিন্ন আন্দোলন সংগ্রামের ইতিহাসে সব সময়েই নারীদের ভূমিকা ছিল অনস্বীকার্য। ব্রিটিশবিরোধী সংগ্রামেও নারীদের ভূমিকা ছিল প্রশংসনীয়। তেমনি একজন কল্পনা দত্ত, যিনি ছিলেন ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম ব্যক্তিত্ব। ব্রিটিশবিরোধী আন্দোলনের এক অকুতোভয় যোদ্ধা। তবে তৎকালীন সমাজব্যবস্থায় অনেকেই মেয়েদের সঙ্গে নিয়ে কাজ করতে চাইতেন না। প্রতিমুহূর্তে বিপদের আশঙ্কা থেকেই তারা মনে করতেন, স্বভাবে নরম এবং কোমল হওয়ায় নারীরা বিপস্নবী কাজে অনুপযুক্ত। এছাড়া তাদের ধারণা ছিল, নারী-পুরুষের একসঙ্গে কাজের ক্ষেত্রে নানাভাবেই পুরুষের নৈতিক আদর্শের ব্যাঘাত ঘটতে পারে। এই মনোভাবের বিরুদ্ধে কল্পনা দত্ত লিখেছিলেন, "It was an iron rule for the revolutionaries that they should keep aloof from the women." সশস্ত্র যুদ্ধে অংশগ্রহণ করে এই আইরন রুল-এর বিরুদ্ধে যারা প্রতিবাদ জানিয়েছিলেন তাদের মধ্যে কল্পনা দত্ত এবং প্রথম নারী শহীদ প্রীতিলতা ওয়াদ্দেদার উলেস্নখযোগ্য।

কল্পনা দত্ত ১৯১৩ সালের ২৭শে জুলাই চট্টগ্রাম জেলার শ্রীপুর অঞ্চলে বোয়ালখালি গ্রামে কল্পনা দত্ত জন্মগ্রহণ করেন। তার পিতা বিনোদবিহারী দত্ত ও মাতা শোভন বালা দত্ত। কল্পনা দত্তের ঠাকুরদা ডাক্তার দুর্গাদাস দত্ত ছিলেন চট্টগ্রামের একজন স্বনামধন্য ব্যক্তি। ইংরেজ প্রশাসনও তাকে যথেষ্ট সম্মান দিতেন। ফলে তাদের বাড়িটা সবসময় পুলিশের নজরের বাইরে ছিল। পিতামহ রায়বাহাদুর দুর্গাদাস চট্টগ্রামবাসীর কাছে 'ভুলুদা' নামে সমধিক পরিচিত।

তবে শৈশব থেকেই কল্পনা ছিলেন অন্য সব মেয়েদের থেকে আলাদা। মানসিক দিক থেকেও ছিলেন ব্যতিক্রমী, অত্যন্ত ভাবপ্রবণ এবং স্পর্শকাতর। দুঃখী মানুষের দুঃখের কাহিনী তাকে ব্যথিত করতো। শৈশব তাই সকলকে নিয়ে এক সুখী সমাজের স্বপ্ন দেখতেন।

১৯২৯ সালে চট্টগ্রামের খাস্তগীর উচ্চ বালিকা বিদ্যালয় থেকে ম্যাট্রিক পরীক্ষায় চতুর্থ হন এবং পরবর্তীতে কলকাতার বেথুন কলেজে বিজ্ঞান বিভাগে একাদশ শ্রেণিতে ভর্তি হন। বেথুন কলেজে পড়তে পড়তে তিনি নানা ধরনের বিপ্লবী কর্মকান্ডে জরিয়ে পরেন। শহীদ ক্ষুদিরাম এবং বিপ্লবী কানাই লাল দত্তের আদর্শে উদ্বুদ্ধ হয়ে তিনি বেথুন কলেজ-এ গড়ে ওঠা ছাত্রী সংঘ-এ যোগদান করেন।

১৯৩০ সালে কল্পনা দত্ত আবার চট্টগ্রামে ফিরে যান। এই সময় পুর্নেন্দু দস্তিদারের মাধ্যমে তিনি মাষ্টার দা সূর্য সেনের সাথে পরিচিত হন এবং মাষ্টার দা প্রতিষ্ঠিত ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি, চট্টগ্রাম শাখা-য় যোগদান করেন। তখন চট্টগ্রাম অস্ত্রাগার লুন্ঠনের নেতৃবৃন্দ গণেশ ঘোষ, অনন্ত সিং, লোকনাথ বল প্রমুখ বিচারাধীন বন্দী। সেই সময় মহিলাদের বিপ্লবী দলে প্রবেশের ক্ষেত্রে কিছু প্রতিবন্ধকতা ছিল। কিন্তু মাষ্টার দা এই সমস্ত নিয়ম নীতি শিথিল করে কল্পনা দত্ত ও প্রীতিলতা ওয়াদ্দেদার-কে তার দলে গ্রহণ করেন।

কলকাতা থেকে ফেরার সময় তিনি গোপনে কিছু বিস্ফোরক নিয়ে আসেন, এছাড়াও গোপনে গান কটনও তৈরী করেছিলেন। এই সময় বিপ্লবী নেতৃবৃন্দের বিচার ও সাজা রুখতে তিনি বেশ কিছু সাহসী পদক্ষেপ গ্রহণ করেন। তিনি কোর্ট এবং জেলে ডিনামাইট দ্বারা বিস্ফোরনের পরিকল্পনা করেছিলেন, যাতে বিপ্লবী নেতৃবৃন্দ পালাতে সক্ষম হন।

কিন্তু তার পরিকল্পনা ফাঁস হয়ে যায়। ফলে তার বিপ্লবী কর্মকান্ডের উপর কিছু প্রতিবন্ধকতা আসে। যাই হোক এই সময় তিনি প্রায়ই মাষ্টার দার সাথে তার গ্রামে ঘুরে গ্রামের মানুষের সুখ দুঃখের খবর নিতেন। এরই সাথে সাথে তিনি ও তার সহযোদ্ধা প্রীতিলতা ওয়াদ্দেদার প্রত্যহ গুলি চালনার প্রশিক্ষন নিতেন।

১৯৩২ সালে পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাব আক্রমণের দায়িত্বে থাকেন প্রীতিলতা ওয়াদ্দেদার এবং কল্পনা দত্ত। শহীদ হন প্রীতিলতা ওয়াদ্দেদার। ১৯৩৩ সালের ১৬ ফেব্রম্নয়ারি গৈরালা গ্রামে ইংরেজ ফৌজের সঙ্গে সংঘর্ষে মাষ্টার দা আর তারকেশ্বর দস্তিদারের সঙ্গী ছিলেন কল্পনা। অতর্কিত পুলিশের উপস্থিতিতে অস্ত্রসহ মাষ্টার দা এবং ব্রজেন সেন ধরা পড়লেও অন্যদের সঙ্গে পালিয়ে যান কল্পনা দত্ত। তবে ১৯ গৈরালা গ্রামে আরেক সশস্ত্র সংঘর্ষের পর সতীর্থদের সঙ্গে কল্পনা ধরা পড়েন।

জামিনে মুক্তি পেয়ে মাষ্টার দার নির্দেশে তিনি কিছু দিন আত্মগোপন করে থাকেন। ১৯৩৩ সালের ১৭ ফেব্রুয়ারি পুলিশ তাদের গোপন ডেরা ঘিরে ফেলে। কল্পনা এবং মনিন্দ্র দত্ত পালাতে সক্ষম হলেও মাষ্টার দা বন্দী হন। কিছুদিন পর কল্পনা এবং তার কিছু সহযোদ্ধা পুলিশের হাতে



কল্পনা দত্ত

ধরা পরেন। চট্টগ্রাম অস্ত্রাগার লুন্ঠন মামলায় মাষ্টার দা ও তারকেশ্বর দস্তিদারকে মৃত্যুদন্ডে দণ্ডিত করা হয়। কল্পনা দত্ত যাবজ্জীবন দ্বীপান্তরের আদেশ হয়। তবে অনেক চেষ্টার পর সেই দ্বীপান্তরের আদেশ স্থগিত করা হয়। মামলার রায়ে স্পেশাল ট্রাইব্যুনাল জজ বলেন, "মেয়ে বলে এবং বয়স কম বলেই কল্পনা দত্তকে প্রাণদণ্ডে দণ্ডিত করা গেল না।" শাস্তি পাওয়ার পরেই হিজলি স্পেশাল জেলে কল্পনাকে নিয়ে যাওয়া হয়। এ সময় জায়াড, কোল, বার্নাড শ-এর লেখা সোস্যালিজম, কমিউনিজম সম্বন্ধে কিছু কিছু বই তার হাতে এলো। বইগুলোর যুক্তিতর্ক মনকে ভীষণভাবে নাড়া দেয় কল্পনাকে। এতদিনকার পড়া বিপ্লবী সাহিত্যভাবের উন্মাদনা জাগিয়ে তুলেছিল, তীব্র অনুভূতি মরণকে তুচ্ছ করতে শিখিয়েছিল। "সমাজতন্ত্রবাদ ও সাম্যবাদ" তাকে অন্য এক জগতে নিয়ে যায়।

১৯৩৭ সালে প্রদেশে প্রাদেশিক স্বায়ত্তশাসন প্রতিষ্ঠিত হলো। বিনা বিচারে রাজবন্দীদের ছেড়ে দেওয়া, রাজনৈতিক বন্দীদের আন্দামান থেকে নিয়ে আসা এবং তাদের মুক্তি দেওয়ার জন্য বাইরে জনসাধারণের তুমুল আন্দোলন হলো। বন্দীদের আন্দামান থেকে ফিরিয়ে আনা শুরু হলো ১৯৩৭-এর নভেম্বর মাসে। স্বয়ং রবীন্দ্রনাথ অগ্নিকন্যা কল্পনার মুক্তির আবেদন জানিয়ে গভর্নরের সঙ্গে সাক্ষাৎ করেন। গান্ধীজী, রবীন্দ্র বন্ধু সি এফ এন্ডরুজও কল্পনাকে জেল থেকে বের করার জন্য আন্তরিক উদ্যোগ নিয়েছিলেন।

১৯৩৯-এ ছাত্র আন্দোলন এছাড়া উপর মহলের নানা চাপে সরকার কল্পনা দত্তকে মুক্তি দিতে বাধ্য হয়। স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর অগ্নিকন্যা কল্পনার মুক্তির জন্য গভর্নরের কাছে আবেদন করেন।কারাবাস থেকে মুক্ত হবার সাতদিন পরেই

**সশস্ত্র বিপ্লবী আন্দোলনের ইতিহাসে কল্পনা দত্ত একটি চিরস্মরণীয় নাম। স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে অসীম সাহস ও বীরত্বপূর্ণ সংগ্রামের মধ্য দিয়ে চির জাগরুক হয়ে থাকবেন এক অকুতোভয় নারী যোদ্ধা—কল্পনা দত্ত।**

কল্পনা চলে আসেন চট্টগ্রামে। শুরু হয় তার অন্য জীবন। সে সময়ে নিষিদ্ধ থাকা কমিউনিস্ট পার্টিতে যোগদান করে ব্রিটিশ বিরোধী আন্দোলন চালিয়ে যেতে থাকেন। দলের মহিলা ও কৃষক সংগঠনকে চাঙ্গা করেন। সাঁওতাল পাড়ায় গিয়ে কুলিদের পড়াতেন, মালিপাড়া, ধোপাপাড়ায় গিয়ে গোপন সভা করতেন। সাম্যবাদই প্রকৃত দেশপ্রেম এবং সেই দেশপ্রেম মানে জনগণের মনে আত্মবিশ্বাস গড়ে তোলার কাজে আত্মনিবেদন করেন।

১৯৪০-এ কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে অঙ্কে সাম্মানিকসহ স্নাতক ডিগ্রী লাভ করেন।

ইতোমধ্যে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়ে গেল। কল্পনাকে কলকাতা থেকে বহিষ্কার করে চট্টগ্রামে পাঠানো হলো। ১৯৪১ সালে চট্টগ্রামে জাপানী আক্রমণের আশঙ্কায় জাপান বিরোধী প্রচারকাজে অংশগ্রহণ করেন কল্পনা। ১৯৪৩ সালে এদেশে ঘটে ভয়াবহ দুর্ভিক্ষ। সারা বাংলায় ৫০ লক্ষ ও চট্টগ্রামে ২ লক্ষ মানুষের মৃত্যু হয়। কল্পনার নেতৃত্বে মহিলা সমিতি নিরন্ন ক্ষুধাতুর মানুষদের সেবায় এগিয়ে আসে। ত্রাণের কাজে তিনি ঘুরে বেড়াতেন চট্টগ্রামের সর্বত্র।

১৯৪৩ সাল কল্পনা দত্তের জীবনে স্মরণীয়। এই বছরেই কমিউনিস্ট পার্টির পূর্ণ সদস্যপদ লাভ করেন তিনি। বছরের শেষে বোম্বাইতে অনুষ্ঠিত কমিউনিস্ট পার্টির সম্মেলনে অংশগ্রহণ করেন চট্টগ্রামের প্রতিনিধি হিসেবে। সেখানেই ভারতের কমিউনিস্ট পার্টির তৎকালীন সর্বভারতীয় সাধারণ সম্পাদক পূরণ চাঁদ যোশীর সঙ্গে তার বিয়ে হয়। বরপক্ষের হয়ে সই করেন বি টি রণদিভে আর কন্যাপক্ষের হয়ে মুজফফর আহমেদ। বিয়ের সময় শ্বশুর বাড়ির পাঠানো লাল রেশমি শাড়ি পরেননি কল্পনা। পরে সকলে মিলে সেই শাড়ি কেটে কেটে পার্টি ফ্ল্যাগ তৈরি করেছিলেন। বিয়ের পর তার নিজের জায়গা চট্টগ্রামে ফিরে গিয়ে মানুষের মধ্যে কাজ শুরু করেন কল্পনা।

১৯৪৫ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হবার আগে, দেশী-বিদেশী উচ্ছৃঙ্খল সেনাদল চট্টগ্রামের হাটহাজারী থানার কাছাড়পাড়া গ্রামে আকস্মিক আক্রমণ করে। গ্রামবাসীদের মধ্যে ব্যাপক অত্যাচার চালায়। কল্পনা পার্টির জেলা সম্পাদকমণ্ডলীর সাহায্যে কংগ্রেস, মুসলিম লিগ, বিভিন্ন বামপন্থী দল ও বিশিষ্ট নাগরিকদের নিয়ে এক ঐক্যবদ্ধ কর্মসূচী গ্রহণ করেন। সাতদিন হরতাল পালন করা হয়। অবশেষে ব্রিটিশ সরকার ও সেনাবাহিনী পিছু হটে।

১৯৪৬ সালে বঙ্গীয় প্রাদেশিক পরিষদ নির্বাচনে চট্টগ্রাম মহিলা আসনে কল্পনা প্রতিদ্বন্দ্বিতা করেন কমিউনিস্ট পার্টির প্রার্থী হয়ে, কংগ্রেস প্রার্থী দেশপ্রিয় যতীন্দ্রমোহনের স্ত্রী নেলী সেনগুপ্তার বিরুদ্ধে। নির্বাচনে কল্পনা জয়লাভ করতে পারেনি। খেটে খাওয়া গরিব নিম্নবর্গের মানুষদের ভোটাধিকার সে সময় ছিল না।

১৯৪৭ সালে দেশ বিভক্ত হলো। জন্মভূমি ছেড়ে চলে এলেন ভারতে। রুশ ও চীনা ভাষায় দক্ষ ছিলেন। পরবর্তীকালে দিল্লিতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব রাশিয়ান ল্যাঙ্গুয়েজ-এর সম্পাদক ও শিক্ষিকা হন। সক্রিয় ছিলেন পঞ্চাশের দশকে স্থাপিত ইন্দো-সোভিয়েত কালচারাল সোসাইটি ও ন্যাশনাল ফেডারেশন অব ইন্ডিয়ান উইমেন-এর কার্যকলাপে। পরে সক্রিয় রাজনীতি থেকে দূরে থাকলেও জীবনাচরণে ও বিশ্বাসে আজীবন তিনি থেকে গিয়েছেন কমিউনিস্ট।

ইংরাজী ও বাংলা ভাষায় সমান দক্ষতা ছিল কল্পনার। চল্লিশের দশকে কমিউনিস্ট পার্টির তৎকালীন মুখপত্র 'পিপলস্ ওয়ার' পত্রিকায় নিয়মিতভাবে প্রকাশিত তৎকালীন সামাজিক বিষয়ের ওপর তার লেখাগুলো গবেষকদের কাছে মূল্যবান দলিল হয়ে আছে। 'চট্টগ্রাম অস্ত্রাগার আক্রমণকারীদের স্মৃতিকথা' কলকাতা থেকে প্রকাশিত তার লেখা গ্রন্থটি এক ঐতিহাসিক দলিল। ১৯৯০ সালে "চট্টগ্রাম অভ্যুত্থান" নামে ভারত সরকারের উদ্যোগে আর একটি গ্রন্থ প্রকাশিত হয়।

১৯৯১ সালে চট্টগ্রামে যুব আন্দোলনের ইতিহাস লিখতে শুরু করেছিলেন, শেষ করতে পারেননি। তার জীবনের স্মৃতিকথার তিন হাজার পৃষ্ঠার পাণ্ডুলিপি হারিয়ে ফেলেছিলেন সামান্য এক ভুলের কারণে। সেই মনোবেদনা নিয়ে ১৯৯৫-র ৮ই ফেব্রুয়ারি ৮২ বছর বয়সে কল্পনা দত্ত মৃত্যুবরণ করেন। দেশ ভাগের পর স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের আমন্ত্রণে বাংলাদেশে এসেছিলেন দু'বার ১৯৭৩ ও ১৯৭৫ সালে। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময়ে তিনি ছিলেন বাংলাদেশের সমব্যথী।

সশস্ত্র বিপ্লবী আন্দোলনের ইতিহাসে কল্পনা দত্ত একটি চিরস্মরণীয় নাম। স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে অসীম সাহস ও বীরত্বপূর্ণ সংগ্রামের মধ্য দিয়ে চির জাগরুক হয়ে থাকবেন এক অকুতোভয় নারী যোদ্ধা- কল্পনা দত্ত।

আমৃত্যু তিনি অতি সাধারণ জীবন অতিবাহিত করেন। লড়াইয়ের মাঠ থেকে কোনোদিন পিছপা হননি। জীবনের শেষ সময় পর্যন্ত হারিয়েছেন অনেক কিছু, কিন্তু বাংলার ইতিহাসে জুড়ে দিয়ে গেছেন অমূল্য কিছু অধ্যায়। যা অবিস্মরণীয় হয়ে থাকবে চিরকাল।

# জালিয়াতিতে ভরা : কালো মেঘের আড়ালে লুক্কায়িত পাকিস্তানের নির্বাচন

**ইমরান চৌধুরী,** ব্রিটিশ ইম্পায়ার মেডেল (বি ই এম)

বৃহস্পতিবার একটি জাতীয় নির্বাচনের পর পাকিস্তানে ভোটের ট্যাবুলেশন অপ্রত্যাশিত বিলম্বের সম্মুখীন হয়েছে, যা দেশটির নির্বাচন কমিশনকে ভোটদানের আধিকারিকদের গভীর রাতের নির্দেশ জারি করতে প্ররোচিত করেছে । ভোট বন্ধ হওয়ার মোট ১০ ঘন্টা পরে, ফলাফল অবিলম্বে প্রকাশের আহ্বান জানিয়েছিল যদিও । এর আগে, নির্বাচন ইতিমধ্যে জঙ্গি হামলা এবং মোবাইল ফোন পরিষেবা স্থগিত করে জর্জরিত হয়েছিল দেশের সম্পূর্ণ অবকাঠামো, স্থবির জনজীবন - ভোটের শেষ হওয়ার কয়েক ঘণ্টার মধ্যে রাজনৈতিক দৃশ্যপট অনিশ্চিত হয়ে পড়েছে কেমন জানি !

পাকিস্তান, অর্থনৈতিক সংকটের মধ্যে নিমজ্জিত এক দেশ – নতজানু তার অপব্যবস্থা, পৌনে এক শতাব্দী যাবত সামরিক শাসনের জগদ্দল পাথর টিকে আজও সরাতে পারে নাই ঐ দেশের জনগণ । সম্পূর্ণ দেশটি নিজেকে খুঁজে পায় যখন একই সাথে গভীরভাবে বিভক্ত রাজনৈতিক ক্ষেত্রের মধ্যে ক্রমবর্ধমান জঙ্গি সহিংসতার সাথে লড়াই এর মধ্যখানে।

পাকিস্তানের নির্বাচন কমিশনের (ইসিপি) বিশেষ সচিব জাফর ইকবালের মতে, যিনি ভোটগ্রহণের দশ ঘণ্টারও বেশি সময় পরে একটি নির্বাচনী এলাকার অফিসিয়াল ফলাফল ঘোষণা করেছিলেন, তার মতে বিলম্বের কারণ হিসাবে একটি "ইন্টারনেট সমস্যা" উল্লেখ করা হয়েছিল। কারাবন্দী প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের সমর্থিত প্রার্থীদের মধ্যে প্রাথমিক বিরোধ প্রত্যাশিত, যার দল আগের জাতীয় নির্বাচনে বিজয়ী হয়েছিল এবং প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের নেতৃত্বে পাকিস্তান মুসলিম লীগ, যারা বিশ্লেষকদের মতে প্রভাবশালী সামরিক বাহিনী দ্বারা সমর্থিত। সারা রাত ধরে গণনা অব্যাহত থাকায়, শুক্রবারের প্রথম দিকে একটি পরিষ্কার চিত্র ফুটে উঠবে বলে আশা করা যাচ্ছে ।

স্থানীয় টেলিভিশন চ্যানেলের মাধ্যমে ফলাফলের সম্প্রচার অস্বাভাবিকভাবে মন্থর অগ্রগতির অভিজ্ঞতা লাভ করেছে জনগন এবং বহির্বিশ্ব । বিগত নির্বাচনে, নির্বাচনের দিন স্থানীয় সময় মধ্যরাতের মধ্যে কোন দল উল্লেখযোগ্য অগ্রগতি করেছে তার একটি স্পষ্ট ইঙ্গিত স্পষ্ট হয়ে যেত। যাইহোক, টেলিভিশন চ্যানেলের বেশিরভাগ অনুমান ফেডারেল পার্লামেন্টে প্রতিদ্বন্দ্বিতা করা ২৬৫ টি আসনের প্রতিটির শতকরা ২০ শতাংশ এর নিচে পরিসংখ্যান নির্দেশ করা হচ্ছে ।

"নির্বাচন কমিশন সমস্ত প্রাদেশিক নির্বাচন কমিশনার এবং রিটার্নিং অফিসারদের আধা ঘন্টার মধ্যে সমস্ত ফলাফল ঘোষণা করার জন্য নির্দেশ দিয়েছে, না হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে,"



পাকিস্তানের নির্বাচন কমিশন (ইসিপি) এর প্রথম ঘোষণার কয়েক মিনিট আগে এক বিবৃতিতে বলেছে। অফিসিয়াল ফলাফল। "জোট সরকার নিয়ে আলোচনা এড়িয়ে চলতে হবে। একটি সরকারের জন্য স্পষ্ট সংখ্যাগরিষ্ঠতা অর্জন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটা অন্যদের উপর নির্ভর করা উচিত নয়," তিনি পূর্বাঞ্চলীয় শহর লাহোরে ভোট দেওয়ার পর সাংবাদিকদের বলেন।

দেশটির রাস্তায় এবং ভোট কেন্দ্রে হাজার হাজার সৈন্য মোতায়েন করা হয়েছে, যখন নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে এবং ইরান ও আফগানিস্তানের সাথে সীমান্ত সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছিল। বর্ধিত নিরাপত্তা ব্যবস্থা সত্ত্বেও, বোমা বিস্ফোরণ, গ্রেনেড হামলা এবং গুলিবর্ষণে দুই শিশুসহ নয়জন প্রাণ হারিয়েছেন।

বুধবার দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় বেলুচিস্তান প্রদেশে নির্বাচনী প্রার্থীদের কার্যালয়ের কাছে দুটি বিস্ফোরণে অন্তত ২৬ জন নিহত হয়েছেন। পরে ইসলামিক স্টেট এই হামলার দায় স্বীকার করে। বৃহস্পতিবারের নিহতের মধ্যে পাঁচজন পুলিশ কর্মকর্তা ছিলেন যারা উত্তর-পশ্চিমের ডেরা ইসমাইল খান জেলার কুলাচি এলাকায় একটি টহলদারিতে বোমা বিস্ফোরণ ও গুলিবর্ষণে নিহত হয়েছেন, কর্তৃপক্ষ জানিয়েছে। উপরন্তু, বেলুচিস্তানে একটি মহিলা ভোট কেন্দ্রের বাইরে বিস্ফোরণে দুই শিশুর মৃত্যু হয়েছে।

তত্ত্বাবধায়ক স্বরাষ্ট্রমন্ত্রী গোহর এজাজ এক বিবৃতিতে বলেছেন, "কিছু বিচ্ছিন্ন ঘটনা সত্ত্বেও, সামগ্রিক পরিস্থিতি নিয়ন্ত্রণে ছিল, আমাদের নিরাপত্তা ব্যবস্থার কার্যকারিতা প্রদর্শন করে।"

বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রাণালয় এর শেষ ঘোষণা অনুসারে, নিরাপত্তার কারণে স্থগিত করা হয়েছে মোবাইল ফোন পরিষেবাগুলি ধীরে ধীরে পুনঃস্থাপন করা হচ্ছে।

প্রাক্তন ক্রিকেট সুপারস্টার ইমরান খানের নেতৃত্বে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) পার্টি –এর একটি বিবৃতি জারি করে, দলের সদস্যরা যেন তাদের ব্যক্তিগত ওয়াইফাই অ্যাকাউন্ট থেকে পাসওয়ার্ড মুছে ফেলার জন্য অনুরোধ করে "যাতে আশেপাশের যে কেউ" ইন্টারনেট এ প্রবেশ করতে পারে।

আমেরিকান স্টেট ডিপার্টমেন্টের ডেপুটি মুখপাত্র বেদান্ত প্যাটেল সাংবাদিকদের কাছে বলেছেন, ওয়াশিংটন "মত প্রকাশের স্বাধীনতা সীমিত করার জন্য নেওয়া পদক্ষেপগুলি, বিশেষ করে ইন্টারনেট এবং সেলফোন ব্যবহারের বিষয়ে" উদ্বেগ প্রকাশ করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র নির্বাচনের আগে এবং নির্বাচনের দিন উভয় নির্বাচনের সাথে সম্পর্কিত সহিংসতার তীব্র নিন্দা করেছেন ।

নিরাপত্তা উদ্বেগ এবং কঠোর শীতের পরিস্থিতি সত্ত্বেও, ভোট শুরু হওয়ার কয়েক ঘন্টা আগে ভোটকেন্দ্রে সারিবদ্ধ ব্যক্তিরা ভোট দিতে লাইনে দাড়ায় । "দেশের ভবিষ্যৎ ঝুঁকির মধ্যে; আমি কেন দেরি করে পৌঁছব?" ৮৬ বছর বয়সী মমতাজ, পাকিস্তানের চেয়ে এক দশক বেশি বয়সী একজন গৃহবধূকে প্রশ্ন করেছিলেন যখন তিনি ইসলামাবাদে লাইনে অপেক্ষা করছিলেন।, এবং তার উত্তরই প্রমাণ করে জনগণের ইচ্ছার প্রতিচ্ছবি।

মোবাইল নেটওয়ার্ক স্থগিত করার সিদ্ধান্তটি বিরোধী দলগুলির নেতাদের সমালোচনা করেছে, পাকিস্তান পিপলস পার্টির বিলাওয়াল ভুট্টো জারদারি, প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর ৩৫ বছর বয়সী ছেলে, " মোবাইল নেটওয়ার্ক অবিলম্বে পুনরুদ্ধার" করার আহ্বান জানিয়েছেন।

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস পাকিস্তানে সহিংসতা এবং দেশটিতে নির্বাচনের দিনে মোবাইল যোগাযোগ পরিষেবা স্থগিত করার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন, তার মুখপাত্র ইমেল করা বিবৃতিতে জানিয়েছেন।

জাতিসংঘের মুখপাত্র স্টিফেন ডুজারিক বলেছেন, "পাকিস্তানের জনগণের স্বার্থে মানবাধিকার এবং আইনের শাসনের প্রতি পূর্ণ সম্মান নিশ্চিত করা এবং প্রতিষ্ঠিত আইনি চ্যানেলের মাধ্যমে যেকোনো বিরোধের সমাধান করা সকল প্রার্থী ও সমর্থকদের জন্য অপরিহার্য।"

অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এটিকে "বাকস্বাধীনতা এবং শান্তিপূর্ণ সমাবেশের অধিকারের উপর সরাসররই আক্রমণ" বলে অভিহিত করেছে।

প্রধান নির্বাচন কমিশনার সিকান্দার সুলতান রাজা বলেছেন যে বুধবারের সহিংসতার প্রতিক্রিয়া হিসাবে "আইনশৃঙ্খলা সংস্থাগুলি" মোবাইল নেটওয়ার্ক সংক্রান্ত সিদ্ধান্ত নিয়েছে।

যদিও সামরিক বাহিনী তার স্বাধীনতার ৭৬ বছরে পাকিস্তানের উপর উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে আসছে , প্রত্যক্ষ বা পরোক্ষভাবে । কথায় বলে, পৃথিবীর সব দেশে আর্মি আছে, আর পাকিস্তানের বেলায় আর্মির একটা দেশ আছে সেটা হল পাকিস্তান ।

কলামিস্ট আব্বাস নাসির মন্তব্য করেছেন, "শক্তিশালী সামরিক বাহিনী এবং এর নিরাপত্তা সংস্থাগুলো কোন দিকে একত্রিত হয়, তা প্রধান বিষয়। "শুধুমাত্র খানের পিটিআই-এর পক্ষে যথেষ্ট ভোটদানই এর ভাগ্য পরিবর্তন করতে পারে।"

পাকিস্তানে নির্বাচনের দিনে ৫১টি সন্ত্রাসী হামলায় ১২ জন নিহত হয়েছে, এক বিবৃতিতে আইএসপিআর বলেছে, এই হামলায় নিরাপত্তা বাহিনী ও আইন প্রয়োগকারী সংস্থার ১০ জন সদস্যসহ ১২ জন নিহত এবং ৩৯ জন আহত হয়েছে।


এনডিটিভি "এন্ড এআরআই-এর প্রতিবেদন অনুসারে, সোয়াবি জেলার এনএ-২০-এর একটি গ্রামে নারী ভোটারদের ভোট দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে, বৃহস্পতিবার এআরওয়াই নিউজ জানিয়েছে। সোয়াবি জেলার আদিনা গ্রামে নারীদের ভোটাধিকার প্রয়োগ করতে নিষেধ করেছে স্থানীয়রা। রিপোর্ট অনুযায়ী, নির্বাচনী কর্মীরা ভোটকেন্দ্রে ছিলেন, আর কিছু মহিলা ভোটারকে দেখা গেছে।

অন্য একটি ঘটনায়, ওয়াশবুদ পাঞ্জগুর একটি ভোটকেন্দ্রের কাছে বিস্ফোরণে অন্তত দুই শিশু নিহত হয়েছে, এআরওয়াই নিউজ অনুসারে।"

বস্তুতঃ এটাই প্রতীয়মান যে, পাকিস্তান বার বার সেই একই ঘটনার পুনঃরাবৃত্তি বার বার করেই যাচ্ছে সেই পৌনে এক শতাব্দী ধরে । পাকিস্তানের জনগণ যতদিন এই সামরিক উপনিবেশিকতা থেকে উত্তরণ না করবে ততদিন তাদের দিতে হবে এই ভুলের মাশুল । নীরবেই অশ্রু নির্গমন করে যাচ্ছে জনগণের শাসন এবং জবাবদিহিতা ।

# স্মৃতিতে জামালপুর, ১৯৬৫

**মাহবুবুর রহমান**



১৯৬৫। কৈশোরের ওই বছরটি কেটেছে জামালপুরে। তখন জামালপুর ছিল ময়মনসিংহের একটি মহকুমা, শেরপুর একটি থানা। এখন উভয়টি জেলা এবং ময়মনসিংহ বিভাগ।

আমার স্মৃতিতে গেঁথে আছে এই শহর। ভালোলাগার, স্বপ্নের। ৫৯ বছর আগের সব কথা, সব নাম এখন আর মনে নেই। মনের অজান্তে স্মৃতি হাতড়ে বেড়াই মাঝে মাঝে। ১৯৬৪ সালে আব্বার মৃত্যুর পর ঠিক হলো আমি থাকবো মেজভাইর কাছে। দুই বোন ও এক ভাই পর্যায়ক্রমে থেকেছেন বড়ভাইর কাছে। বড়ভাইর সর্বশেষ পোস্টিং ছিল কক্সবাজারে। তিনি ওই জেলার প্রথম সুপারিন্টেন্ডেন্ট অব পুলিশ, আতাউর রহমান।

মেজভাই ডাঃ রইছুর রহমান সরকারের ম্যালেরিয়া ইরাডিকেশন ডিপার্টমেন্টের কর্মকর্তা। তাঁর কর্মস্থল জামালপুর। এর আগে তিনি রশিদপুর চা বাগানের ডাক্তার ছিলেন। ভাবীর বাড়ী সুনামগঞ্জ শহরের জামাইপাড়ায়। মেজভাইর বিয়েতে আমি বরযাত্রী হয়েছিলাম। বিয়েতে পরার জন্য আব্বা নতুন সার্ট ও পাজামা তৈরী করে আনেন। মনে আছে, বাসে করে আমরা সিলেট থেকে সুনামগঞ্জ যাই। পথে কয়েকটি ফেরী। ভাঙ্গাচোরা রাস্তা। ভিআইপি মর্যাদায় বাসের সামনের সিটে বসায় ধকল কিছুটা কম পোহাতে হয়েছে।

বর সহ আমাদের সবাইকে কনের বাড়ীতে রাত্রি যাপন করতে হয়েছে। সন্ধ্যার পর হঠাৎ করে আমার ডাক পড়লো অন্দর মহলে। ভাবী গং দেবরকে দেখবেন। আমিতো লজ্জায় কুকড়ে গেলাম। মাথা তুলতে পারছি না। ভাবী আদর করে বিছানায় বসালেন। এটা সেটা জিজ্ঞেস করলেন। লজ্জায় জবাব দিতে পারছি না। ভাবীর ডাক নাম 'খুকী'। সুন্দরী,ফর্সা।

ট্রেনে সিলেট থেকে ঢাকা, ঢাকা থেকে ময়মনসিংহ হয়ে জামালপুর। মেজভাইর সরকারি বাসা ছিল আশেক মাহমুদ কলেজের প্রবেশমুখে। ওই মাঠে আরো কয়েকটি সরকারী বাসা। সবগুলো নতুন। আমাদের পরের বাসায় থাকতেন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট। নাম কখনো জিজ্ঞেস করিনি। শুনে থাকলেও মনে রাখতে পারিনি।

মেজভাই, ভাবী, দুই 'কিউট' ভ্রাতুষ্পুত্র সিপার ও দিনার এবং আমি। আনন্দে কাটছে আমাদের দিন। বাসা থেকে বের হয়ে ডানে কলেজ রেখে সামনে এগুতে থাকলে কিলোমিটার দূরে পাওয়া যাবে জামালপুর হাইস্কুল। নবনির্মিত। সুদৃশ্য দালানকোঠা। স্কুলের হলরুম বিশাল। অনেক কলেজেও এমনটি নেই।

মেজভাই আমাকে নিয়ে গেলেন স্কুলে। প্রধান শিক্ষক জনাব নাজিম উদ্দিন ( নিজাম উদ্দিন?) মাস্টার্স ডিগ্রীধারী। সুট-টাই পরা, স্বাস্থ্যবান, চেহারায় ব্যক্তিত্ব।

একজন মাস্টার্স ডিগ্রীধারী হাইস্কুলের প্রধান শিক্ষক, বুঝা যায় স্কুলের মর্যাদা কি হবে। ভর্তির পরদিন থেকে শুরু হলো ক্লাস। প্রথম দিনই বুঝলাম আমার আগের স্কুল ও এই স্কুলের পার্থক্য। ক্লাস, হোম ওয়ার্ক, শিক্ষক, ক্লাস বহির্ভূত কর্মসূচী সব মিলে দারুণ ব্যাপার স্যাপার। ফাঁকি দেয়ার কোন সুযোগ নেই। নীরব প্রতিযোগিতা ছিল ছাত্রদের মধ্যে, কে কার চেয়ে ভালো। প্রথমদিকে খেই হারিয়ে ফেললেও পরে সামলে নিই।

সে সময় জামালপুরের তুলনা হতো মইয়ের সাথে। দু'ধারে দু'টি বাঁশ, মধ্যে সিড়ির স্তর। এ শহরের অবস্থান দু'টি সমান্তরাল রাস্তাকে ঘিরে। একটি রাস্তা যা দিয়ে স্কুলে যাই, অপরটি গেছে ব্রম্মপুত্র নদীর তীর ঘেষে। আমার স্কুলের রাস্তা সোজা গিয়ে ঠেকেছে রেল স্টেশনে। পাশে আমার স্কুল ছাড়াও আছে কাঁচা বাজার, সিনেমা হল, দোকান পাট। অপর রাস্তায় আছে সরকারী অফিস-আদালত, গভঃ স্কুল ইত্যাদি।

জামালপুর সে সময় ছিল একটি মহকুমা শহর। শেরপুর ছিল থানা। আমাদের স্কুলে শেরপুরের ছাত্ররাও পড়তো । স্বাধীনতার পর শেরপুর প্রথমে মহকুমা, পরে জেলা হয়ে গেলো। স্বাভাবিকভাবে জামালপুর হলো জেলা । ইত্তেফাকের 'স্পষ্টভাষী' খন্দকার আব্দুল হামিদ ছিলেন শেরপুরের। জিয়াউর রহমানের বাংলাদেশী জাতীয়তাবাদের তাত্বিক । তিনি জিয়া মন্ত্রীসভার সদস্যও ছিলেন। তাঁর জামাতা শফি চৌধুরী আমাদের দক্ষিণ সুরমার বিএনপির সাংসদ ছিলেন। বর্তমান জাতীয় সংসদের উপনেতা অগ্নিকন্যা মতিয়া চৌধুরী শেরপুরের। আমার সহপাঠী দু'একজন উত্তরে সীমান্তের দিকে আঙ্গুল দেখিয়ে বলতেন, এই রাস্তাটি গেছে শেরপুর। জামালপুর হাইস্কুলের সহপাঠীদের নাম স্পষ্ট মনে নেই, তবে চেহারা মনে আছে কয়েকজনের। ছুটিতে বাড়ীতে এসে ফের জামালপুর যাবো না, এটা ভাবিনি কখনো।

কয়েক বছর আগে, নিউইয়র্কে মোমেন ভাইর বাসায় ( তৎকালীন জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি) এক সরকারী কর্মকর্তাকে পরিচয় করিয়ে দেন বাংলাদেশ প্রতিদিন সম্পাদক লাভলু আনসার। নাম আবুল কালাম আজাদ। বিদ্যুৎ মন্ত্রণালয়ের সচিব। পরে প্রধানমন্ত্রীর মূখ্যসচিব হয়েছিলেন। তিনি জামালপুর হাইস্কুলের ছাত্র। হিসাব করে দেখলাম, প্রায় পাঁচ ক্লাস সিনিয়র আমি। উল্লেখ্য, লাভলু আনসারের বাড়ী জামালপুর।

খাবার-দাবারে সুখ্যাতি ছিল জামালপুরের। সে সময় ('৬৫) গরুর দুধের দাম ছিল সাড়ে তিন আনা প্রতি সের। বাসায় প্রতিদিন চার সের দুধ দিয়ে যেত গোয়ালা। আমি কয়েকবার কাঁচাবাজারে গিয়েছি। কই মাছের কুড়ি ২০টায় নয়, ছিল ৪২টায়। আমের হালি পাঁচটায়। টাটকা শাক-সবজীতে ঠাসা বাজার। জামালপুরের মানুষ খুব পরিশ্রমী। বছরে একই জমিতে তিনটি ফসল ফলাতে দেখেছি। আমাদের বাসার বেড়ার ওপাশের ধানী জমিতে ২টি ফসল তোলার পর থার্ড টার্মে দেখলাম রোপণ করা হয়েছে শাক-সবজী। পানির ব্যবস্থা করা হয়েছে জমিতে কূপ খনন করে। মনে পড়লো, সিলেটের মোগলাবাজারে আমরা আমন, বোরো বা আউস বছরে এক ফসল করেই সন্তুষ্ট থাকতাম। জানি না, এখন হয়তো অবস্থার পরিবর্তন হয়েছে।

'৬৫ সালে পাক-ভারত যুদ্ধের পুরোটাই হয়েছে পশ্চিম পাকিস্তানে। এপারে কোন আচ লাগেনি। তবে জামালপুরের গণজাগরণে নতুন এক অভিজ্ঞতা সঞ্চিত হয়েছে। আমাদের স্কুলে প্রতিদিন নির্দিষ্ট এক সময়ে সব ছাত্র-ছাত্রী হলে জমায়েত হলে একজন শিক্ষক (নাম সম্ভবত রেজা) যুদ্ধের বিবরণ পেশ করতেন। তিনি এমন এক আবেগ নিয়ে তা করতেন, মনে হতো আমরা যুদ্ধের মাঠে আছি। শত্রুর ট্যাংক, বিমান ধ্বংসের কাহিনী এত চমৎকার বর্ণনা করতেন, মনে হতো, স্যার এইমাত্র যুদ্ধের মাঠ থেকে ফিরেছেন এবং আমরা তাঁর সাথে আছি। কী করে সামান্য ক'জন সৈন্য বিশাল এক বাহিনীকে পর্যুদস্ত করলো, শত্রুর শত শত ট্যাংক কি ভাবে ধ্বংস হলো, একটি প্লেন ডগফাইটে কি করে শত্রুর এক ডজন বিমানকে ভূপাতিত করলো এ সব রোমাঞ্চকর কাহিনীর বর্ণনা থাকতো। খেমকরন, লাহোর, শিয়ালকোট সেক্টরের নাম আমাদের মুখস্ত হয়ে গিয়েছিল।

একদিন দেখি, আমাদের বাসার সামনের রাস্তা দিয়ে যুদ্ধবেশে মিলটারীরা মার্চ করে যাচ্ছে, ওরা যাবে সীমান্তে। পেছনে জনতার মিছিল। প্রত্যেকের হাতে নানা ধরনের দেশীয় অস্ত্র। দা, ছুলফি, ঝাটা, কোচ ইত্যাদি। মিছিলে আছেন নারীরাও। হাতে ঝাড়ু, লাঠি, কারো কারো হাতে ধান ভাঙ্গার ছিয়া, মরিচ বাটার পুতাইল। সে এক অভূতপূর্ব দৃশ্য।

মেজভাই কিছুদিন পর পর ট্যুরে যেতেন। দু'তিন দিনের জন্য। সরকার বিশ্ব সংস্থার অর্থায়নে ম্যালেরিয়া উচ্ছেদ কর্মসূচী বাস্তবায়ন করছে। এর কার্যক্রম তদারকির জন্য মফস্বলে যেতে হতো। সে সময়ের ট্যুর ব্যাগ এখন দেখা যায় না। বিছানা-পত্তর ওই ব্যাগে পুরে ও আনুষঙ্গিক অন্যান্য জিনিস নিয়ে মেজ ভাই জিপে করে ট্যুরে বের হতেন। তাঁর চেহারা ও ব্যক্তিত্ব আকর্ষণীয়। আভিজাত্য আছে।

আমাদের বাসায় বেড়াতে আসতেন ময়মনসিংহ থেকে মাশুক ভাই (ডাঃ আজিজুর রহমান)। আমাদের খালাতো ভাই। জগন্নাথপুরের হবিবপুরে বাড়ী। মেজভাবীর ভগ্নিপতি। তিনি ম্যালেরিয়া উচ্ছেদ বিভাগের ময়মনসিংহের প্রধান কর্মকর্তা। তাঁর ছিল সুদর্শন চেহারা। একাত্তরে তাঁর কিশোর পুত্র লাহিন বর্বরদের গুলীতে শহীদ হয়েছে। লাহিনের নিষ্পাপ সরল মুখখানি এখনো চোখের সামনে ভেসে উঠে।

সে সময় জামালপুরে মহকুমা খাদ্য কর্মকর্তা ছিলেন সিলেটের তরফদার সাহেব। বড় ভাইর পরিচিত। মেজ ভাবী বললেন, তরফদার সাহেবের মেয়ে শামীম তরফদার ভালো কবিতা লিখে, ক্লাস নাইন বা টেনে পড়ে। আমারও মনে হলো নামটা শুনেছি। পরে বিটিভিতে তাঁকে দেখলাম। বিচিত্রায় ছিলেন। এখন তাঁর নাম শামীম আজাদ। এবার (২০২৪) কবিতায় বাংলা একাডমী সাহিত্য পুরস্কার লাভ করেছেন।

আশেক মাহমুদ কলেজের পরিবেশ ছিল চমৎকার। উন্মুক্ত খোলা চারদিক। সুশীতল মৃদু বাতাস। প্রায়ই বিকেলে ঘুরতে যেতাম কলেজ চত্বরে। কলেজের প্রবেশমুখে আমাদের বাসার সীমানার সাথে লাগোয়া কলেজ প্রিন্সিপালের দোতালা বাড়ী। তাঁর নাম সম্ভবত সুজাত আলী। স্যুট টাই পরিহিত দীর্ঘকায় অভিজাত চেহারার প্রিন্সিপাল মহোদয়কে দেখতাম বাসা থেকে বের হয়ে হেঁটে হেঁটে কলেজের দিকে যাচ্ছেন।

একদিন শুনলাম, ভাবী আশেক মাহমুদ কলেজে ভর্তি হবেন। তাঁর কলেজ ডিগ্রীটা এখান থেকে নিতে চাচ্ছেন। ভাবী যথারীতি ভর্তি হয়ে গেলেন। বাসার কাছেই কলেজ। ক্লাসের ফাকে বাসায় আসা যায়। কি সুন্দর সুযোগ।

জামালপুরে ছিলাম এক বছরেরও কম সময়। এ সময়ে হলে গিয়ে বেশ কিছু সিনেমা দেখেছি। মেজ ভাই বা ভাবীকে বলিনি কখনো। স্কুলের ক্লাস শেষে অথবা ছুটির দিনে হলে যেতাম। চৌদ্দ পযসা ছিল টিকেট। সব উর্দু ছবি। মোঃ আলী,জেবা, ওয়াহিদ মুরাদ, নীলো ছিলো জনপ্রিয় নায়ক-নায়িকা। মোঃ আলীর ফাইটিং মুভি ছিল আমার খুব প্রিয়। স্বাধীনতার পর জানলাম, দেশের দু'জন গুণী চলচ্চিত্র শিল্পীর বাড়ী জামালপুর। একজন মুকুটহীন সম্রাট আনোয়ার হোসেন এবং অপরজন পরিচালক-অভিনেতা আমজাদ হোসেন।

স্কুলের বার্ষিক পরীক্ষা শেষে সিলেটে গেলাম বেড়াতে। ওই সময় 'হোমসিক' এমনভাবে ঝাপটে ধরে যে জামালপুরে আর ফেরা হয়নি। মেজভাই খবর পাঠালেন, বার্ষিক পরীক্ষায় আমি খুব ভালো করেছি। শিক্ষকরাও তারিফ করেছেন। আমি যেন ফিরে যাই। কিন্তু আমার যাওয়া হয়নি।

মেজভাইর বয়স এখন ৯৫'র কাছাকাছি। আলহামদুলিল্লাহ, মেজভাই ও ভাবী সুস্থ আছেন। তাঁরা আছেন ঢাকায় তাঁদের কনিষ্ঠ পুত্র সুমনের (মিজানুর রহমান) বাসায়। তাঁদের বড় মেয়ে লুবনার জন্ম জামালপুরে। সিপার প্রকৌশলী, আছে কানাডার অটোয়ায়। দিনার মধ্যপ্রাচ্য প্রবাসী। মেজভাই ও ভাবীর কনিষ্ঠা কন্যার নাম রুনা, অস্ট্রেলিয়া প্রবাসী।



# ক বি তা র এ ক পা তা

**ক্ষুদ্র নৃগোষ্ঠী সহ অনেক জাতি উপজাতির নিজস্ব ভাষা অবলুপ্ত হয়ে যাচ্ছে পৃথিবী থেকে। শুধু ঘোষণায় বিশেষ দিন, কতিপয় উৎসবাদি পালনের আনুষ্ঠানিকতায় দায় না সেরে মাতৃভাষার চর্চা ও সর্বস্তরে প্রতিষ্ঠার যথাযথ উদ্যোগ গ্রহণে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের যথার্থতা প্রতিষ্ঠা সম্ভব। ‘কবিতার এক পাতা’র কবিদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা। তাঁরা ফেব্রুয়ারি সংখ্যায় মায়ের মুখের ভাষা প্রতিষ্ঠার কথা কবিতায় তুলে এনেছেন। মা, মাতৃভূমি ও মাতৃভাষার প্রতি আমরা শ্রদ্ধাবনত। *** ‘কবিতার এক পাতা’র নিয়মিত লেখক শ্রদ্ধেয় কবি শামীম আজাদ বাংলা একাডেমি পুরস্কার ২০২৩ পেয়েছেন। তাঁকে অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা!——ফারুক ফয়সল**

## আমি ফেব্রুয়ারির সন্তান

### আব্দুর রাজ্জাক

৫২ সালের একটি ক্ষয়ে যাওয়া পাথর এখনও চকচক করছে,
৫২’র হাতেই নির্মিত হয়েছে আমাদের রক্ত, ক্ষয় ও স্বাধীনতা,
ভাইয়ের মৃত্যু আর মায়ের অশ্রু মিলিয়ে ক্ষতবিক্ষত
হয়েছিল আমাদের নগর, গ্রাম, গঞ্জ, মাঠ, প্রান্তর।

এ ভাষা কার? আমার। এর হৃদয় কার? আমার।
এর প্রতিধ্বনি আমার। এ জমি আমার।
আমার জমিতে, আমার ভূমিতে আজ আমি একাকার।

সকল সর্বনাশ আর বিপর্যয়কে প্রতিহত করে আমরা
আমাদের সিক্ত করেছি, আমাদের পিতা-পিতামহের দীর্ঘশ্বাস
নিঃসারিত হয়েছিল শুধুই তাদের ত্যাগ ও ভালোবাসায়।

## চিন্তা ও কল্পনা

### গাজী রফিক

চিন্তার তিনমাথা, ডাঙায় হাঁটু আগলে বসা সারাদিন
লাঠি ভর করে কখনো বিষাদে দাঁড়াতে চায়।

কল্পনা, সেও একদা দীর্ঘতর সঙ্গী ছিল
এখন বারোমাসই শয্যাশায়ী।
মাঝে মাঝে পাখির স্বরে শব্দ করে ডাকে,
চিন্তা তার মানে বোঝে, তারা আর কেউ কারো নয়।

উভয়ই পরস্পর প্রাণান্ত ছিলো আগে, চিন্তা ও কল্পনা,
চিন্তা চোখের আড়াল হলেই, কল্পনা আকাশকুসুম হয়ে
দশ দিগন্তে নিজেকে ছড়িয়ে দিতো।

অক্ষম পঙ্গুত্ব পিঠে পৃথিবী আজও তীব্রগতি
সৌরকক্ষে যায়,
অলঙ্ঘ্য-নিয়মে নিথর সইতে হয় পাহাড়ের ভার।

## বইমেলা


### মঈনুস সুলতান

হালফিল পরবাস উচ্চকিত হয় বিচ্ছিন্নতার প্রতিবাদে
গোপনে লালন করি বইমেলার মসলিন স্মৃতিপট,
বাঙালি আমি— কিছু স্বজন আমার বারুদে পুড়ে বাগদাদে
দেহেলিতে হরেক সংস্কৃতি জ্বালে দীপ- সাজায় মঙ্গলঘট।

কখনো নিজস্ব বনানীর করোটিতে ঘোরতর আড্ডা জমে ওঠে
তসরে আঁকা হয় নকশা, শালিক খোঁটে ধান— বসে বালুচরীর মাইফেল,
চালতাগাছে ফোটে নিহারিকা— ঢোলকের বাদ্যে বাজে অক্ষরের উৎসব
মনে হয়— উচ্চাশা কিংবা প্রগাঢ় প্রণয়, কিছু চাওয়া—সকলই গরল ভেল,
মেঘের কিশতিভাসা আকাশপর্যটক বলাকা উড়ায় তিশিখেতের অনুভব।

মনে হয় সব ছেড়েছুড়ে ফিরে আসি—ভিজি বৃষ্টিস্নিগ্ধ মাটির সৌরভে
তৈরি করি কিছু কিসসা কাহিনী—খুঁজি কবিতার আদি খানদান,
ইরিত্রিয়ার জলাশয়ে বিম্বিত হয় যে চাঁদ জ্যোৎস্নার ষোড়শী গৌরবে
কি-বা হবে—যদি বাটা ভরা চুন থেকে খসে যায় এলাচমাখা সাঁচিপান!

খুঁজেছি জিন্দেগীর বিরাণ খেতে খাদ্যপ্রাণে ভরপুর কলমিলতা
অনাহারে ধুকে ধুকে আমার সঙ্গহীনতা—
তৈরি করে মজলিসের তারিয়াকি,
পর্যটনী-ব্যাগ ঝুলিয়ে যদি চলে আসি বইমেলায়—তোমাকে ফিরে পাবো কি?



## মা যা বলতেন

### রাকীব হাসান

মা ডাকছেন, থেমে দাঁড়াই – তার ডাকের শব্দ শুনি
তার ভাষায় সমুদ্র ভাসে – জন্ম নেয় জীবন
রক্তের উদ্বেল-আনন্দে কথা বলে আমার চারপাশ।

ভিনদেশে শিশুদের খেলা দেখি,
তাদের ভাষার কোন অনুবাদ লাগে না
এই ভাষায় আমার শিশুকাল উদ্যম-উচ্ছাসে বড় হয়েছে

মা ডাকলে পৃথিবীর পাপশূন্যতার সব সরল চোখ
আমার দিকে তাকায়, আমার সম্মুখে সকল বনাঞ্চল –
আমি আনন্দের ভলিউম ছেড়ে পাখিদের বায়োস্কোপ দেখি,
আমার সামনে খুলে যায় প্রকৃতির অভিধান
যার প্রতিটি শব্দ মায়ের মুখে শুনেছি বহুকাল।

মা যা বলতেন তা-ই আমার স্বপ্নে বড় হয়েছে –
যে কোন মায়ের ভাষায় সীমান্ত ভেঙ্গে যায়
আমরা কেউ ভাষাহীন নই কোন পরবাসে,
মা যা বলতেন তা-ই তোমরা বলো এবং আমি বলি
সকল মায়েদের ঠোঁটে অনূদিত হয় জলধির প্রাণ,
এক আকাশের আত্মমেঘ –
মা যা বলতেন, তা-ই আমাদের সীমান্তবিহীন মাটির পৃথিবী।



## প্রাক্তন

### লায়লা ফারজানা

জানিনা কী বলতে চেয়েছিলে —
একুশের শেষ বিকেলে
বাদামী চোখে ছিল কষ্ট।

মুখের ডান পাশ রক্তাক্ত, সবুজাভ লাল
দুপায়ের মাঝখানে বৃত্তাকার লৌহপাত
কশেরুকা ঘিরে কালো থকথকে লাভা।

ভেবেছিলাম মরে গেছ।
কিন্তু সারাটা পথ দেখিয়ে নিয়ে এলে।
কমলা বাদামী। — শুষ্ক ম্যাপল পাতা।

নীল ময়ুর থেকে সকালের রোদ্দুর পর্যন্ত

কি অসাধারণ প্রাণশক্তি!
নাচতে নাচতে।
কালো পিচের রাস্তার বিপরীতে সাহসী সবুজ।
হলুদ সূর্যের মুখোমুখি।

সর্পিল প্রান্তে জানালা খুলে দিলাম
যেন কাছাকাছি থাকতে পারি —
যেন হাত বাড়ালে আমার হাতে
রাখতে পার তোমার হাত।

ইভানের ঘোড়ার মত সোনালি কেশর উড়িয়ে

অথচ আমি ভেবেছিলাম তুমি মরেই গেছ!
তুমি মৃত ম্যাপলের পাতা —

## ভাষাবন্ধন

### রুদ্রশংকর

একসময় আমার কোনও ভাষা ছিল না
মস্তিষ্কে ছোট ছোট আগ্রহ ছিল শেখার
আর ছিল আমাকে ঘিরে অজস্র রকমের খিদে

যেদিন মায়ের ভাষা আমার ঠোঁটে এসে বসল
ঘরের মাঝখানে এসে থেমে গিয়েছিল বৃষ্টি
কি জানি কি ভেবে
আমাকে কোলে নিয়ে মা অনুভব করেছিল
একমুঠো আলু সেদ্ধ মাখা ভাতের সঙ্গে
কত অল্পে, কত আনন্দে বেঁচে থাকা যায় !

বহুদিন হল শরীর থেকে চলে গেছে ছোটবেলা
আমাকে নিয়ে এদিক ওদিক দৌড়চ্ছে সময়
কত রকমের ভাষা নিয়ে
কত সহজে কত রকম মানুষের মুখোমুখি হই !
তাদের প্রত্যেকের মুখে
মায়ের ভাষাকে মনে হয় প্রিয় বসন্তের গান।

## অভিশপ্ত বুলেটের বারুদ পোড়া হৃদপিণ্ড

### উদয় শংকর দুর্জয়

এখানে পলাশের পরাগ মাখা স্মৃতির বর্ষণ অবিরাম
কোলাহল থমকে গেছে, স্তব্ধ পাখি কলরব, অস্তমিত দীপ
দপ করে জ্বল ওঠে, অভিশপ্ত বুলেটের বারুদ পোড়া হৃদপিণ্ড।

কার্জনের দেয়ালে বোনা অক্ষরের গাঁথুনি, একাডেমি চত্বর জুড়ে
নির্ভুল বানান ইতিহাস, অপরাজেয়’র পাদদেশে রঙ-শিল্পের
শেষ আঁচড়। সেই রণবাদ্যে এখনো ঘরে ফেরার বিজয় সুর বিতান।
শ্লোগানে শ্লোগানে করিডোর থেকে আকাশ ফুঁড়ে মহাকাশে
তন্ত্রীতে তন্ত্রীতে ধাবমান, রক্তে মুক্তির অবিরাম দিশা।

প্রতিটি ফুলে থাকবে শ্রদ্ধার অমিয় শব্দ বুনন, প্রিয় আত্মিক
সংলাপের প্রতি স্পর্শে থাকবে রৌদ্রোজ্জ্বল প্রগাঢ় বিশ্বাস, স্নাত
স্মৃতির দূর্বাদলের শরীর চোষে শপথের ব্যানারে লেখা থাকবে
সঠিক দলিল পত্র। পলকে পলকে থাকবে প্রতিশোধের রুমাল মোড়া
অনল—পাপড়ি। কণ্ঠে ধরবে দুর্নিবার বারুদের তপ্ত আখ্যান।

আমরা আসছি, শুভ্রতা মাখা রুপোলি নগরের মিছিলে মিছিলে
ঐতিহ্যের নক্সাতোলা লাল পেড়ে শাড়িতে, শোকের চিঠি
বুক পকেট, কপালে রক্তভেজা কাপড়ে। অশুভ শক্তির বুকে
কাঁটাতার আর শকুনের চোখে কালো পিচ ঢালতে বীর-দর্পে—আমরা আছি।

## অগম্য

### শাহানা আক্তার মহুয়া

যত দুরেই যাই না কেন
সে আমার পিছু ছাড়ে না,
কি এক মায়ায় হৃদয় আঁকড়ে থাকে
ঘোরপ্রিয় মুখশ্রীর মতো !

এমন ভিনদেশি বাতাসেও ভাসে তার সুগন্ধি অক্ষর।
এতোসব বাগ্মিতার আড়াল কেটে
সময়ের পাগলা ঢেউ কিভাবে যেন
নিয়েছে ছিনিয়ে শব্দকল্পনা যত,
ভেসে গেছে রক্তে রক্তে ভেসে আসা
বর্ণমালা, চিত্রগাথা এবং জলের পাখোয়াজ।

ইদানিং জলের ভাষা বুঝি না ঠিকঠাক
মানুষের ভাষাও তাই হয়তো দুরূহ, অগম্য।
প্রকৃতি তার ভাষা ভুলে যায় কিনা জানিনা
তবে বিস্মরণপ্রিয় মানুষ তার
নিজের ভাষা এবং শেকড় উপড়ে নিতে নিতে
একরকম ব্যভিচারি আনন্দে উন্মূল হয়।

অচেনা এবং আতীব্র প্রশ্রয়ের সাথে বাড়তে থাকে নীলকণ্ঠ রাত।
অদৃশ্য এক বিষপোকা আদরের ছলে
নীলজলে মুছে দিচ্ছে বুঝি ভাষাদের গল্প।
ধর্মজালে কিংবা জগৎবেড়ের ফাঁদে খাবি খাচ্ছে
আমাদের একুশ
আর বিব্রত বর্ণমালা।

# বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
## BANGLADESH SOCIETY, INC
86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

# অমর একুশে
International Mother's Language Day 2024

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
## সম্মিলিত উদ্‌যাপন ২০২৪



**আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান**

তারিখ : ২০শে ফেব্রুয়ারী, মঙ্গলবার
সময় : বিকাল ৫টা
স্থান : তিব্বতি কমিউনিটি সেন্টার
(৫৭-১২, ৩২ এভিনিউ, উডসাইড, নিউইয়র্ক)

সুধী,
'অমর একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' এর অনুষ্ঠানমালায় আপনাদের সহযোগিতা ও উপস্থিতি একান্তকাম্য।

আমন্ত্রণে,

**সম্মিলিত একুশ উদযাপন কমিটি ২০২৪**

**ফারুক চৌধুরী**
আহ্বায়ক
৯১৭-৬২৭-৩৮৭৭

**মোঃ নওশেদ হোসেন**
প্রধান সমন্বয়কারী
৬৪৬-৩৩৮-২২৪৫

**মাইনুল উদ্দিন মাহবুব**
সদস্য সচিব
৭১৮-৩১২-৯৭২১

**আমিনুল ইসলাম চৌধুরী**
যুগ্ম-আহ্বায়ক
৬৪৬-৩২১-৪১১৭

**মো: মহিউদ্দীন দেওয়ান**
সার্বিক সমন্বয়কারী
৯১৭-৫২৩-১৩৪৪

**মোহাম্মদ টিপু খান**
সমন্বয়কারী
৬৪৬-৬২৩-৮৬২২

**সুশান্ত দত্ত**
যুগ্ম-সদস্য সচিব
৭১৮-৭১০-৫৬১৭

**নিবন্ধন উপ-কমিটি**
আবুল কালাম ভুইয়া (৯১৭-৮৯২-৭১৯৯), প্রদীপ ভট্টাচার্য (৩৪৭-৪৭৬-৫২৯৪)
মো: আখতার বাবুল (৬৪৬-৫৭৫-৭০৫৩), শাহ মিজানুর রহমান (৯১৭-৫৩৫-৪৪৯৫)

**স্মরণিকা উপকমিটি**
ফয়সল আহমদ (৩৪৭-৭৩৫-৫৮২৩), রিজু মোহাম্মদ (৭১৮-৫৮১-৬৬৩৭), ফারহানা চৌধুরী (৭১৮-৬৯৭-৯০৩৫)

**সাংস্কৃতিক উপকমিটি**
ডা: শাহনাজ লিপি (৯১৭-৭১৬-৭০৩৯), আবুল বাশার ভুইয়া (৩৪৭-২৭৯-২৬৪০), মো: সানী মিন্টু (৭১৮-৮২০-৩৬১৯)

**মোহাম্মদ রব মিয়া**
সভাপতি, ৯১৭-৮৫৮-৬৯৯১

**মোঃ রুহুল আমিন সিদ্দিকী**
সাধারণ সম্পাদক, ৯১৭-৪৭৬-৫৩৮২

মিডিয়া পার্টনার
JBTV | TIME television | I tv | iBTV USA
সম্প্রচার পার্টনার
AB tv

**সাংস্কৃতিক পরিবেশনায়ঃ**
বাংলা স্কুল (বাংলাদেশ সোসাইটি ইনক)



নৃত্যাঞ্জলী সহ প্রবাসের জনপ্রিয় শিল্পী বৃন্দ

**প্রতিযোগিতা**
তারিখ: ২০শে ফেব্রুয়ারী, মঙ্গলবার
সময়: বিকেল ৫টা
স্থান: তিব্বতি কমিউনিটি সেন্টার

চিত্রাঙ্কন : বিষয় উন্মুক্ত
রচনা : ক. গ্রুপ "বাংলাদেশ"
খ. গ্রুপ "অমর একুশে"
কবিতা আবৃত্তি : বিষয় উন্মুক্ত

বয়স সীমা: ক. গ্রুপ (৪-৯ বছর)
ও খ. গ্রুপ (৯+ থেকে ১৫ বছর)

## সহযোগী সংগঠনসমূহ

- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা
- শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
- জগন্নাথ বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন
- ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিইএব) যুক্তরাষ্ট্র শাখা
- সিলেট এম.সি. এন্ড সরঃ কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ আওয়ামী লীগ যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বি.এন.পি) যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন
- জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন
- জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ), যুক্তরাষ্ট্র
- বঙ্গমাতা পরিষদ, যুক্তরাষ্ট্র শাখা
- বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ইনক
- বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউ.এস.এ ইনক
- বৃহত্তর কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইনক
- চিটাগাং এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ ল' সোসাইটি ইউ.এস.এ ইনক
- জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ইউ.এস.এ. ইনক
- দোহার উপজেলা সমিতি ইউ.এস.এ ইনক
- কুইন্স বাংলাদেশ সোসাইটি ইনক ইউ.এস.এ.
- বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইনক
- জ্যাকসন হাইটস এলাকাবাসী
- বাবী হোম কেয়ার
- ইয়েলো সোসাইটি নিউইয়র্ক
- শাপলা ওয়েলফেয়ার এসোসিয়েসট নিউইয়র্ক ইনক
- বাংলাদেশ আমেরিকান কার এন্ড লিমোজিন এসোসিয়েশন ইনক
- মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইনক
- কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইনক
- চাটখিল সোসাইটি ইউ.এস.এ ইনক
- ব্রাহ্মণবাড়িয়া সোসাইটি ইউ.এস.এ. ইনক
- নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব
- সিলেট গণদাবি পরিষদ ইউ.এস.এ ইনক
- মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইনক
- বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউ.এস.এ. ইনক
- প্রবাসী নরসিংদী জেলা সোসাইটি ইউ.এস.এ ইনক
- ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অফ নর্থ আমেরিকা ইনক
- কুমিল্লা সোসাইটি অব ইউ.এস.এ ইনক
- বৃহত্তর দাউদকান্দি এসোসিয়েশন ইউ. এস. এ ইনক
- ব্রাহ্মণবাড়িয়া জেলা সোসাইটি অফ ইউ.এস.এ ইনক
- বগুড়া সোসাইটি ইউ.এস.এ ইনক
- ছাতক সমিতি ইউ. এস. এ ইনক
- নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউ.এস.এ
- প্রবাসী শরিয়তপুর সমিতি ইউ.এস.এ ইনক
- ঢাকা জেলা সোসাইটি ইউ.এস.এ ইনক
- রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইনক, নিউইয়র্ক
- নবাবগঞ্জ এসোসিয়েশন অফ ইউ.এস.এ ইনক
- গ্রেটার গোপালগঞ্জ সোসাইটি ইউ.এস.এ ইনক
- হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইনক
- ডাউন টাউন বিজনেস এসোসিয়েশন
- অভয় নগর সোসাইটি অব ইউ.এস.এ ইনক
- গাইবান্ধা সোসাইটি ইউ.এস.এ ইনক
- প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইনক
- রংপুর জেলা সমিতি ইউ.এস.এ ইনক
- বাংলা ক্লাব নিউইয়র্ক ইনক
- নারায়ণগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক
- সাতক্ষীরা জেলা সমিতি নর্থ আমেরিকা ইনক
- মাদারীপুর জেলা সমিতি ইউ.এস.এ ইনক
- বৃহত্তর ময়মনসিংহবাসী ইউ.এস.এ ইনক
- সন্দীপ সোসাইটি ইউ.এস.এ ইনক
- সিলেট সদর সমিতি ইউ.এস.এ ইনক
- ওসমানীনগর এসোসিয়েশন ইনক
- বালাগঞ্জ ওসমানীনগর প্রবাসী কল্যাণ সোসাইটি
- মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ইনক
- সম্মিলিত বরিশাল বিভাগবাসী যুক্তরাষ্ট্র ইনক
- যশোর সোসাইটি অব আমেরিকা ইনক
- পাবনা সমিতি ইউ.এস.এ ইনক
- বরিশাল বিভাগীয় সমিতি ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ মানবাধিকার কমিশন ইউ.এস.এ ইনক
- বাংলাদেশ আমেরিকান পোষ্টাল এমপ্লোয়ি এসোসিয়েশন ইনক
- জ্যামাইকা থিয়েটার
- কুষ্টিয়া জেলা সমিতি ইউ.এস.এ ইনক
- লক্ষীপুর ডিস্ট্রিক্ট এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- শেনবাগ সোসাইটি
- বাংলাদেশ আমেরিকান পোষ্টাল এ্যামপ্লয়িজ এসোসিয়েশন ইউ.এস.এ ইনক
- ভোলা ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব ইউ.এস.এ ইনক
- বৃহত্তর লাকসাম ফাউন্ডেশন যুক্তরাষ্ট্র
- রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইনক
- কোম্পানিগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউএসএ
- ব্রুকলীন-কুইন্স ফেন্ডস সোসাইটি
- সাতকানিয়া সোসাইটি ইউ এস এ
- গ্রীন টাচ
- শাপলা ওয়েলফেয়ার এসোসিয়েটস ইউএসএ
- নরসিংদী জেলা সমিতি ইউএসএ

প্রচারে: রিজু মোহাম্মদ, প্রচার ও গণসংযোগ সম্পাদক - ৭১৮-৫৮১-৬৬৩৭

বৃহস্পতিবার, ১৫ ফেব্রুয়ারি ২০২৪
প্রথম আলো
Prothom Alo North America



# মায়ের ভাষার বর্ণমালা

**মিতা পোদ্দার**

অ, আ, ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, প, ত, এ, ভ, ম শ- এই অক্ষরগুলোই আমাদের প্রাণ, জয়ের গান, বিশ্ব দরবারে পরিচয় করিয়ে দিতে যার ভূমিকা অপরিসীম। মায়ের ভাষা কথাটির পেছনে অনেক রক্তঝরা শহীদের স্মৃতি বিজড়িত। মাতৃভাষার মর্যাদা রক্ষায় সফিক, সালাম, রফিক, বরকত, জব্বারদের মতো বাঙালির রক্তের বিনিময়ে আজ এ দিনটিকে আরও বেশি স্মরণীয় করে রাখতে ইউনেস্কো ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ হিসেবে স্বীকৃতি দিয়েছে। বিশ্বের বিভিন্ন ভাষার মানুষরাও আজকের এই দিনে সম্মান জানায় আমাদের এই ভাষা শহীদদের প্রতি।পাকিস্তানি জান্তারা বরাবরই বাংলার মেধাবীদের বিরুদ্ধে সোচ্চার ছিল মেধাশূন্য করে তাদের উর্দু ভাষাকে পুরোপুরিভাবে প্রতিষ্ঠিত করতে। কিন্তু তা কী করে সম্ভব; বাংলা মায়ের সন্তানরা এতোটা দেশপ্রেমী যেখানে যেকোন পরাশক্তিকে প্রতিহত করতে দৃঢ় প্রতিজ্ঞ। তাই মহান একুশে ফেব্রুয়ারি দিনটি কালজয়ী স্বাক্ষী হয়ে আছে আজকের এই বাংলাদেশ। যেই দেশটিতে আজ সবাই মুক্ত মনে তাদের মনের ভাব প্রকাশ করতে পারছে।যেখানে আজ পৃথিবীর মানচিত্রে সিয়েরালিওন নামক রাষ্ট্রটি পর্যন্ত আজ আমাদের মায়ের ভাষাকে শ্রদ্ধা জানিয়ে ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি’ ঐতিহাসিক গানটি পরিবেশন করে।

ভাষার লড়াইয়ের তাৎপর্যপূর্ণ পর্যালোচনা:- ১৯৪৭ সালের ১৪ আগস্ট পাকিস্তান রাষ্ট্রের উদ্ভব ঘটে দ্বিজাতি তত্তের ওপর ভিত্তি করে। পূর্ব বাংলায় মুসলমানরা ছিল সংখ্যা গরিষ্ঠতার দিক দিয়ে। তাই পূর্ব বাংলাকে পাকিস্তানের অন্তর্ভুক্ত করা হয়।কিন্তু মায়ের ভাষাকে টিকিয়ে রাখতে এই বাংলার আকাশে বাতাশে তখন ধ্বণিত হতে থাকে রাষ্ট্রভাষা বাংলা চাই নামক স্লোগান।আর এই মিছিলের কণ্ঠস্বর এতো বেশিই প্রতিধ্বনিত হতে থাকে যার ফলশ্রুতিতে আজ আমরা মায়ের ভাষায় কথা বলতে পারছি।ঐ বছরের ১৫ সেপ্টেম্বর রাষ্ট্রভাষা বাংলার দাবিতে “পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু” শিরোনামে এই সংগঠনের উদ্যোগে একটি পুস্তিকা প্রকাশ করা হয়, যা ভাষা আন্দোলনের ঘোষণা পত্র নামে পরিচিত।১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি এদেশের আপামর ছাত্র সমাজ বুকের তাজা রক্তের বিনিময়ে যে মাতৃভাষা বাংলা অর্জিত হয়েছে তার গন্ডি তখন শুধু দেশের মধ্যে সীমাবদ্ধ নয়। বরং একুশে ফেব্রুয়ারি ভাষা আন্দোলনের চেতনা আজ ছড়িয়ে পড়েছে সর্বত্রই। ভাষার জন্য বাঙালি জাতির এ আত্মত্যাগ আজ নতুন করে ভাবতে শিখিয়েছে মাতৃভাষার গুরুত্ব সম্পর্কে।একুশে ফেব্রুয়ারি মাতৃভাষার জন্য বাংলাদেশের অনন্য ত্যাগের স্বীকৃতিস্বরূপ এবং সারা বিশ্বে স্মরণীয় করে রাখতে এই দিনটিকে “আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” হিসেবে পালনের সিদ্ধান্ত নেওয়া হলো। প্রতিবছর ২১ ফেব্রুয়ারি ইউনেস্কোর ১৮৮ টি সদস্য দেশ এবং ইউনেস্কোর সদর দপ্তরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করে।সারা বিশ্বব্যাপী প্রথম পালিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।আজ আমরা হাসি-আনন্দ, দু:খ বেদনা সবকিছুই প্রকাশ করি মায়ের ভাষায়। তাই ভাষার এ গুরুত্বের কথা ভেবেই পৃথিবীর সব দেশেই প্রাথমিক শিক্ষা শুরু হয় মাতৃভাষার মাধ্যমে। মাতৃভাষা দিয়েই শিশুর মনে স্বদেশ প্রেমের সূত্রপাত ঘটে। আমাদের মাতৃভাষা বাংলা।

# ছন্দের আনন্দ ও বেদনা

**শেখর ভট্টাচার্য**

জন্মসূত্রে নাম ছিলো সৈয়দ আব্দুল মান্নান। লেখা-লেখিতে এসে নাম পরিবর্তন করে রাখলেন আবদুল মান্নান সৈয়দ। নামকে ওলট পালট করার এই ধরনটি বাংলা সাহিত্যে প্রথম নিয়ে আসেন আব্দুল মান্নান সৈয়দ।তিনি ছিলেন আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম সাহিত্য সমালোচক ও সম্পাদক। কবিতা, উপন্যাস, গল্প, প্রবন্ধ-গবেষণা, কাব্যনাটক, স্মৃতিকথাসহ তাঁর গ্রন্থের সংখ্যা দেড় শতাধিক।

এরকম প্রতিভাবান আধুনিক মানুষকে অনুসরন করে আমার বন্ধু মুহম্মদ সালাম পারভেজ তার নামটি পালটে পারভেজ মুহম্মদ সালাম করে ফেলে। সত্তর দশকের শেষের দিকের কথা; মুরারিচাঁদ কলেজের ইংরেজি সাহিত্যের শিক্ষার্থী আমরা।সালাম আমার সহপাঠী এবং বন্ধু। বন্ধুটি তার নামকে আধুনিক করার জন্য যা’ই করুক না কেনো আমি তাঁকে সালাম ছাড়া অন্য নামে ডাকিনি। সালামের গভীর অনুভূতি কাব্য প্রতিভা আমাকে মুগ্ধ করতো। কবিতার ছন্দ নিয়ে আমাদের আলোচনা হতো নিয়মিত।

ছন্দ নিয়ে আলোচনা করতে গিয়ে জানা গেলো সালাম একটি মেয়েকে গভীর ভালোবাসে। মানুষের প্রেম ভালবাসা ঘটে অদ্ভুত সব কারণে। মেয়েটির হাঁটার ছন্দ সালামকে মোহিত করে ফেলেছিলো। হাঁটার ছন্দে সে কবিতার রূপ মাধুর্য খুঁজে পায়।অতঃপর প্রেম।

ছন্দ নিয়ে আমাদের আলোচনা সালামের প্রেম ছাপিয়ে আকাশ, মহাকাশ পর্যন্ত পৌছে যায়। অদ্ভুত সব উদাহরণ। আমি মন্ত্র মুগ্ধ শ্রোতা। পৃথিবী এবং সৌর জগতের সব কিছু চলে ছন্দে। মানুষের হৃদযন্ত্রে কান পাতলে যে ধ্বণি শোনা যায়, সে ধ্বণিটির মধ্যে ছন্দ আছে। যখন ধ্বণি ছন্দ হারায়, চিকিৎসকরা তখন বলেন ইরেগুলার হার্ট বিট অর্থাৎ ছন্দ পতন। প্রকৃতির মধ্যে ছন্দ ক্রিয়াশীল। নদীর ঢেউ, ঝিরি ঝিরি বাতাস, বৃষ্টির শব্দ, ঝি ঝি পোকা এমন কী ব্যাঙের ডাকের মধ্যেও মনোযোগ দিয়ে শুনলে ছন্দ খুঁজে পাওয়া যায়। ঋতু চক্রের মধ্যেও ছন্দ আছে। গ্রীষ্মের দাব দাহকে কোমল করতে শান্তির বারি নিয়ে আসে বর্ষা। এই যে পর পর ঋতু গুলো আসে তার মধ্যেও ছন্দ কাজ করে। গ্রীষ্মের পরে হেমন্ত আসলে ছন্দ পতন ঘটে। ছন্দ পতন ঘটলেই প্রকৃতি আঘাত প্রাপ্ত হয়। প্রকৃতির ছন্দ পতনের কারণে ক্ষতিগ্রস্থ হয় মানুষ। প্রকৃতি ছন্দ হারালে শষ্য উৎপাদন বাহত হয়। এই যে জল বায়ুর পরিবর্তনের কারনে, হিমালয়ের বরফ গলে যাচ্ছে, সমুদ্র পৃষ্ঠ উপরে উঠে যাচ্ছে এগুলো সব মানুষের দ্বারা প্রকৃতি বিনাশের কারনে অর্থাৎ মানুষ যখন পাহাড়, বন উজাড় করে নদী দখল করে নদীর স্বাভাবিক চলাকে ব্যাহত করে তখন প্রকৃতি ছন্দ হারায়। অতি বৃষ্টি, অনাবৃষ্টি, সাইক্লোন,টাইফুন, এগুলো হলো প্রকৃতির ছন্দ পতনের প্রকাশ।

সমাজ এবং রাজনীতিরও ছন্দ আছে। রাজনীতি যখন অধিকাংশ মানুষের মতামতকে অবজ্ঞা করে তখন সমাজ ও রাষ্ট্রে ছন্দ পতন ঘটে। প্রকৃতি যেমন ছন্দ পতনের বিরুদ্ধে তার অবস্থান জানায় সাইক্লোন, ভূমিকম্পের মাধ্যমে মানুষও তাদের প্রতিক্রিয়া জানায় নানা কর্মসূচির মাধ্যমে। চন্দ্র, সূর্য, গ্রহ, তারা যেমন একটি রীতি মেনে চলে মানুষকেও রীতি মেনে চলতে হয়। ছন্দ আমাদের নিঃশ্বাস প্রশ্বাসকে স্বাভাবিক করে। ভালোবাসায় আবদ্ধ করে। এই ভালোবাসা আমাদের ছান্দসিক করে তোলে। আমরা পৃথিবী জুড়ে ছন্দে চলা মানুষ দেখতে চাই।



# মাটির কলমদানি

**দীলতাজ রহমান**

সাত-আট বছর আগে বইমেলায় একেবারে একুশে ফেব্রুয়ারির অসহনীয় ভিড়ে, তথ্যকেন্দ্রের সামনে বিকেলের উজ্জ্বল রোদে আমরা কজন একজায়গায় থিতু হয়ে দাঁড়ানো। এর ভেতর কে একজন ‘দীলতাজ! দীলতাজ!’ বলে আমাকে কোনদিক থেকে ডাক দিল। তাতেই আরেকদিকের একটু দূর থেকে ক্ষিপ্র গতিতে একজন ছুটে এসে বললেন, ‘আপনার নাম দীলতাজ?’ বললাম, হ্যাঁ! তিনি বললেন, ‘আমার নাম মাহবুব আজাদ। বাংলা একাডেমির উপ পরিচালক। আপনাকে আমি মনে মনে কত খুঁজছি! কারণ উত্তরাধিকার পত্রিকাটা আমি দেখি। আপনার বেশ ক’টা গল্প জমা হয়ে আছে। একটা পড়তে গিয়ে বেশ মজা লেগে গেল। আমার বাড়ি চট্টগ্রাম। একবার বাড়িতে যাওয়ার পথে আপনার সবগুলো গল্প সাথে নিয়ে গেলাম, ট্রেনে বসে পড়ব বলে। তো আমি তো একের পর এক আপনার গল্প পড়ছি, আর হাসছি। আমার হাসি দেখে, আমার পাশের লোকটি আমার দিকে গলা বাড়িয়ে দেখছেন। শেষে তাকে বললাম, আপনি পড়বেন? নেন না, এখান থেকে নিয়ে পড়েন, বলে তার হাতে আমার পড়া গল্পগুলো দিয়ে দিলাম। তারপর দেখি, তারও আমার মতো দশা। তিনিও পড়ে পড়ে হাসছেন!

'কিন্তু আপনাকে যে কারণে খুঁজছিলাম। আমাদের তো সরকারি পত্রিকা। আমরা যা ইচ্ছে ছাপতে পারি না। তাই ওখান থেকে কোনো একটি গল্পের কিছু সংলাপ একটু সংযত করে দিতে হবে!'

আমি মুগ্ধ হয়ে আগন্তুকের কথা শুনছিলাম। শুনছিলেন, আমার পাশে যারা ছিলেন। এই ঘটনার বেশ আগে একদিন বাংলা একাডেমির একজনকে বলেছিলাম, যেখানে ডিজি স্যার নিজে ফোন করে আমাকে একটা গল্প নিয়ে আসতে বলেছিলেন। আমার দেয়া গল্পটা তিনি ছেপেও ছিলেন। কিন্তু তিনি ওখান থেকে চলে গেলে পরপর আরো ক’টা গল্প দিলাম, ছাপা হলো না। আমার কথা শুনে বাংলা একাডেমির সে কর্মকর্তা বলেছিলেন, ‘এখন ওটা দেখে মাহবুব আজাদ। উনি যে কুতুব, উনি আপনার গল্প ছাপবেন না!’

আর সেই মাহবুব আজাদ আমার লেখা নিয়ে আমার কানে অমৃত বর্ষণ করে গেলেন! সবার ভেতর আমার একটু দর্পিতভাবই তখন ফুটে উঠলো। সেই তখনি মাহবুব আজাদের সাথে আমার ফোন নাম্বার লেনদেনও হলো। তারপর থেকে তিনি যখন তখনই আমাকে ফোনে ডাকতেন। সপ্তাহে অন্তত তিনদিন আমি বাংলা একাডেমিতে তার সাথে লাঞ্চ করি। প্রায়ই ঘরের খাবারও নিয়ে গিয়ে মাহবুব ভাইয়ের সাথে খাই! প্রায়ই অনেক রাতে মাহবুব ভাই ফোন করে বলতেন, 'দীলতাজ, একটা বই পড়ছিলাম। একটা জায়গায় এসে মুগ্ধ হয়ে গেলাম। আপনি শোনেন তো।’

সম্পর্কের এমন অবস্থার ভেতরে একদিন দুপুরে মাহবুব ভাইয়ের ডাকে গিয়ে দেখি তার টেবিলে একটা মাটির কলমদানি। বেশ কটা কলম তাতে তিনি সাজিয়েও রেখেছেন। আমি সে কলমদানিটা ধরে বললাম, এটা আমি নেব!

মাহবুব ভাই তা আমার হাতের থেকে ছিটকে কেড়ে নিতে নিতে বললেন, 'এটা আমাকে আমার একজন ভালবাসার মানুষ দিয়েছে! এটা কেন আপনি নেবেন? আপনার এমনটা পছন্দ হলে আমি আপনাকে আরেকটা কিনে দেবো!’

মাহবুব ভাইয়ের এই আচরণে আমি যারপরনাই অবদমিত হয়ে গেলাম। সেখানে আরো দু’একজনও ছিলেন। কিন্তু বিষয়টা সবার সামনে ঘটলেও সূক্ষ্ম বা মোটাদাগের আপমান তাতে থাকলেও, বুঝতে পারলাম, সেটুকু দু’জনের কেউ খেয়াল করেননি! কিন্তু আমি অনেক্ষণের জন্য অবদমিত হয়ে গেলাম তিনটি কারণে। এক হলো, যেভাবে মাহবুব ভাই ওটা আমার হাত থেকে কেড়ে নিয়েছেন। দুই, আমার চেয়েও ভালবাসার মানুষ তার আর কেউ আছে। তিন, যাদের সামনে বিষয়টি ঘটলো তারা কি কিছু ভেবেও না ভাবার ভান করছেন কি না!

ঘটনাটা প্রায়ই মনে পড়ে আমার, মন খারাপ হয়। কিন্তু মনেরে বোঝাই, এই যে মানুষটি কি পড়লেন না পড়লেন, তাও আমাকে কিছুটা গেলাতে চেষ্টা করেন। এই যে প্রায়ই নিজের টাকায় দুপুরে খেতে ডেকে আনেন। বাড়িতে মিসকিন খাওয়াতে গেলেও আমাকে জোর দিয়ে যেতে বলেন। আমার বাড়ির সামনে দিয়ে কোথাও দাওয়াত খেতে গেলেও বৌকে বলেন, দীলতাজকে নেয়া যায় কি না। সর্বোপরি আমার তো শিশুতোষ গল্প লেখারই কথা ছিল না। যখন আমার সাথে তার পরিচয়, তার পরপরই তিনি উত্তরাধিকার ছেড়ে ‘ধান শালিকের দেশ’এর দায়িত্ব পেয়েছিলেন। তাই শিশুতোষ গল্প একরকম জোর করেই তিনি বেশ কয়েকটি আমাকে দিয়ে লিখিয়েছেন। তবুও সেদিনের পরে যতই তার সাথে সম্পর্কটা অচ্ছেদ্য রাখি না কেন, ভেতরে ভেতরে আমার ঠিকই বিষের বালি গর্জায়। তবু তিনি ডাকলে আগের মতোই যাই। না ডাকলেও ওই পথ দিয়ে যাওয়া আসার সময় ঢুঁ মারি! একদিন কোনখান থেকে ফেরার পথে ড্রাইভারকে বললাম, গাড়ি বাংলা একাডেমিতে ঢোকাও।

আমি মাহবুব ভাইয়ের চেম্বারে ঢুকে দেখি, সেখানে তার আরো দু বন্ধু-কলিগ গল্প করছেন। যাদেরকে আমি ভাল করেই চিনি। কিন্তু তখন তিনজনেই বেরিয়ে যেতে উদ্যত। আমাকে দেখেই মাহবুব ভাই বললেন, ‘দীলতাজ এসে ভাল করেছেন। আমার এক বন্ধু এসছে আমেরিকা থেকে। আজ দুপুরে সে আমাদেরকে খাওয়াবে। আপনিও সাথে থাকেন।’ কেউ বিদেশ থেকে এলেই তার পকেট কেটে খেতে হবে, আমার সাথে সে প্রবাসীর তেমন সম্পর্ক নেই বলে আমি হতোদ্যম থেকে গেলাম এবং মাহবুব ভাইকে বললাম, তার চেয়ে সবাই মিলে চলেন, আমার বাসায় গরম গরম রুইমাছের দোপিঁয়াজি আর ভাত খাবেন। সাথে গাড়ি আছে। সবার জায়গা হবে। চলেন!’ আমার কথায় মাহবুব ভাই পটে গেলেন। কিন্তু তার কলিগ আনোয়ার মুর্শিদ অত সময় খরচ করতে রাজি হলেন না।

তারা তিনজন ভেতরে টেবিল-চেয়ার কেন্দ্র করে দাঁড়িয়ে থাকতে থাকতে আমি চলে আসার জন্য ঘুরে দাঁড়াতেই মাহবুব ভাই বললেন, ‘দীলতাজ দাঁড়ান তো!’ বলেই তিনি ঝুঁকে টেবিলের নিচ থেকে কি যেন বের করছেন। একটু দূরের থেকেই টেনে আনছেন মনে হচ্ছিল। তারপর কাগজে মোড়ানো একটা প্যাকেট আমার হাতে দিয়ে বললেন, ‘ধরেন এটা! যেটার জন্য আপনার জান বেরিয়ে যাচ্ছিল!’


আমি মোড়ক খুলতেই দেখি মাটির সেই কলমদানিটা! আমার সমস্ত পৃথিবী তখন অলৌকিক আলোতে ভাস্বর হয়ে উঠলো। ভেতর থেকে বহুদিনের ধুলোর এক আস্তরণ যেন এক দমকা বাতাসে সরে গেল। আমি পারলে সবার সামনে কেঁদে ফেলি। কম্পিত কণ্ঠে বললাম, মাহবুব ভাই, আপনি আমাকে কি বাঁচানো যে বাঁচালেন! প্রতি মুহূর্তে আপনার এই এইটা কেড়ে নেয়ার সেদিনের দৃশ্যটা আমার মনে তীরের মতো বিঁধতো এবং সারাজীবনেও এটা আমার মনকে মুক্তি দিত না! মাহবুব ভাই বললেন, ‘জানি তো!’

তারপর মোড়ক খুলে দেখলাম ঠিক সেইটাই কি না। কারণ ও জিনিস শিশু একাডেমির সামনে ভুরি ভুরি পাওয়া গেলেও ওটা একটু অন্যরকম ছিল। ঠিক অনেকগুলো বোনের ভেতর একটা বোন অন্যরকম সুন্দর হলে যেমনটি হয়। কলমদানিটা ছিল, আদিবাসী নারীর মুখ। তারপর নজর গেল মাহবুব ভাইয়ের টেবিলে ঠিক তেমন আরেকটার দিকে। কিন্তু আলকাতরার মতো কালি মাখানো। বললাম, ওটাতে কেন কালি মাখিয়ে রেখেছেন?

মাহবুব ভাই উষ্মা মেশানো কণ্ঠে বললেন, ‘আর কেন? আপনার ভয়ে, ওটাও যদি চান!’

তারপর আমরা একসাথে রুম থেকে বেরোলেও তারা তিনজন কোনদিকে গেলেন তা আর দেখলাম না। কারণ আমার হাতে তখন যে জিনিসটি ধরা, তা আমাকে উড়িয়ে নিয়ে চললো এক ঝকঝকে উজ্জ্বল আলোর দেশে।

USA RELEASE FRIDAY, FEBRUARY 23rd




Bioskope Films

Jamaica Multiplex Cinema Queens New York
Cine Arts Theatre Fairfax Virginia
Laemmle North Hollywood 7 Los Angeles
and
Nationwide from March 1 following cities :
NEW JERSEY, BOSTON, SAN FRANCISCO, DALLAS, AUSTIN, ATLANTA, GREATER LOS ANGELES, BALTIMORE, WEST PALM BEACH, ANN ARBOR, PHOENIX, DETROIT, SEATTLE, SACRAMENTO, MINNNEAPOLIS & MORE


BIOSKOPE CANADA

A BIOSKOPE FILMS USA & CANADA DISTRIBUTION


জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্রে
সবধরণের ইমিগ্রেশন সমস্যায়
KHAIRUL BASHAR LAW OFFICES
দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি
আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি
ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
এসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
বর্ডারে গ্রেফতার, ডিটেনশন ও বন্ড
আপিল ও রিট অব ম্যান্ডামাস
U ভিসা, VAWA & SIJS
EB-1 EB-2 NIW & EB-3
বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
কন্স্যুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল
KHAIRUL BASHAR, MBA,LL.M.
ATTORNEY AT LAW
CALL NOW
(718) 775-8509 - (212) 464-8620
আমাদের সাথে যোগাযোগ করুন
7232 Broadway, Suite 301-302
Jackson Heights, NY 11372
Khairul@basharlaw.com
1629 K Street NW, Suite 300
Washington, D.C. 20006
(888) 771-4529
KHAIRUL BASHAR
LAW OFFICES
#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504
Admitted in Washington, D.C., and Alabama State Bar | Parctice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States


তাজউদ্দিন, সিপিএ পি.সি
TAJUDDIN CPA P.C
TAX AUDIT BUSINESS
ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ :
ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
সেল্ফ এম্প্লয়েড ( উবার, লিফট, ক্যাব ড্রাইভার)
একাউন্টিং বুককিপিং, পেরোল, ডব্লিও টু,
করপোরেশন ওপেন।
Phone:
917-353-9026
646-744-4292
আবুনাসের তাজউদ্দিন
সিপিএ এমএস
37-11 74Th Street Floor 2, Suite R1
Jackson Heights NY 11372
Email: atajuddincpa@gmail.com
Web : tajuddincpa.com
আমাদের অফিস জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে


টিএলসি ইন্স্যুরেন্স !! টিএলসি ইন্স্যুরেন্স
কার সার্ভিস, ব্লাক কার, ইয়েলো ক্যাব এবং প্রাইভেট কার
আমরা সব ধরনের ইন্স্যুরেন্স করি
DMV রেজিষ্টেশন ও TLC inspection সহ Other Services দেয়া হয়
ট্যাক্সি লিমোজিন ইনস্যুরেন্স (TLC) রেনুয়েলের জন্য যোগাযোগ করুন মেগা ইনস্যুরেন্স বোকারেজ এ । এখানে বিনামূল্যে কোটেশান প্রদান করা হয়
RAJIB AHMED
President & CEO
MEGA insurance
BROKERAGE
212-721-0001
HOTLINE SERVICE
32-47 57 Street, Woodside, NY 11377
www.megainsurance.nyc


Aasha Home Care
CDPAP and Home Care Services
সফলতার ৬ বছরে আশা হোম কেয়ার ও
আশা সোসাল এডাল্ট ডে কেয়ার
Celebrating Successful
6 YEARS
of
Aasha Home Care &
Aasha Social Adult Day Care
CDPAP/ HHA/ PCA/ LN/RN
23 February, 2024 Friday
EVENING 6:00 PM
World's Fair Marina Banquet
1 Marina Rd, Queens, NY 11368
To RSVP or FOR ANY QUESTIONS CALL:
(646) 744-5934 - (716) 772-9243

# প্রথম আলো

Prothom Alo North America
15 February 2024, Thursday, Issue 361
১৫ ফেব্রুয়ারি ২০২৪, ২ ফাল্গুন ১৪৩০, ৫ শাবান ১৪৪৫, বৃহস্পতিবার




বাংলাদেশে পালিয়ে আসা বিজিপির সদস্যদের বৃহস্পতিবার ফেরত পাঠানো হচ্ছে। ছবি: সংগৃহীত

প্র তি ভা



মাত্র ১১ বছর বয়সেই পদার্থবিজ্ঞানে স্নাতক পাস করেছে লরেন্ট সিমন্স। ছবি: ডয়চে ভেলে

## ১১ বছরেই পদার্থবিজ্ঞানে স্নাতক, লক্ষ্য অমরত্ব

**উত্তর আমেরিকা ডেস্ক**

মাত্র ১১ বছর বয়সে পদার্থবিজ্ঞানে স্নাতক পাস করে বিস্ময় বালকের তকমা পেয়েছেন বেলজিয়ামের লরেন্ট সিমন্স। ৮৫ শতাংশ নম্বর পেয়ে তিনি কনিষ্ঠতম স্নাতক ডিগ্রিধারীর তালিকায় স্থান করে নিয়েছেন।

বেলজিয়ামের ওসটেন্ড শহরের বাসিন্দা সিমন্স বেলজিয়ামের আন্টভের্প বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাস করে। বিস্ময় এ বালক তিন বছরের স্নাতক কোর্স এক বছরেই শেষ করে বলে বিজ্ঞানভিত্তিক অনলাইন সংবাদমাধ্যম ইন্টারেস্টিং ইঞ্জিনিয়ারিংয়ের এক প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

সিমন্স ১১ বছর বয়সের আগেই স্নাতক শেষ করতে পারত। কিন্তু ২০১৯ সালে ৯ বছর বয়সে নেদারল্যান্ডসের এইন্ডহোভেন বিশ্ববিদ্যালয় থেকে এত কম বয়সে স্নাতক পড়ার অনুমতি না পাওয়ায় বিশ্ববিদ্যালয় ছাড়তে হয় তাকে। ওই বিশ্ববিদ্যালয় কর্মকর্তারা ২৬ ডিসেম্বর ১০ বছর বয়সে পৌঁছানোর আগে পর্যন্ত তার স্নাতক হওয়ার অনুমতি দিতে অস্বীকৃতি জানায়।

নেদারল্যান্ডসের পত্রিকা দে টেলিগ্রাফকে দেওয়া এক সাক্ষাৎকারে সিমন্স বলে, 'আমি সবচেয়ে কম বয়সী কি না তা নিয়ে চিন্তা করি না। আমার কাছে এটি জ্ঞান অর্জনের বিষয়।'

জীবনের লক্ষ্য সম্পর্কে এ বিস্ময় বালক বলে, 'যন্ত্র দিয়ে দেহের অংশ প্রতিস্থাপনই আমার লক্ষ্যের দিকে

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**

## কর্নফুলী ট্যাক্স সার্ভিসের মাধ্যমে আয়কর দিলেই মিলবে হাজার ডলার পুরস্কার

**উত্তর আমেরিকা অফিস**



মোহাম্মদ হাসেম

নিউইয়র্কের স্বনামধন্য আয়কর দাখিল সেবাদানকারী প্রতিষ্ঠান কর্নফুলী ট্যাক্স সার্ভিসের মাধ্যমে আয়কর দাখিল করলেই পাওয়া যাবে হাজার ডলার পুরস্কার। প্রতিষ্ঠানটির মাধ্যমে আয়কর দাতাদের মধ্য থেকে লটারির মাধ্যমে কয়েকজনকে পুরস্কার দেওয়া হবে।

এ বিষয়ে কর্নফুলী ট্যাক্স সার্ভিসের সিইও এনরোল এজেন্ট মোহাম্মদ হাসেম বলেন, আয়কর দাখিল প্রক্রিয়াকে উৎসাহিত করতে আমাদের এই পরিকল্পনা। কিছু লোক এই অর্থ পেয়ে নিজেরা তাদের পছন্দমত গ্রোসারি বা ব্যাক্তিগত কাজে এই ডলার খরচ করতে পারবেন। এতে তাদের কিছুটা হলেও উপকার বলে আমাদের বিশ্বাস।

কর্নফুলী ট্যাক্স সার্ভিস কমিউনিটিতে

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**

## সব শেষে তিনি বললেন এটা বাড়াবাড়ি

**হামাস-ইসরায়েল যুদ্ধ**

### বাইডেনের ওই তিন শব্দের পর থেকে আর কথাই বলি না!' মনোমালিন্যের কারণ জানালেন নেতানিয়াহু

**রওশন হক**



জো বাইডেন



নেতানিয়াহু

প্যালেস্টাইনি সশস্ত্র গোষ্ঠী হামাসের বিরুদ্ধে এখনও যুদ্ধ চালিয়ে যাচ্ছে ইজ়রায়েল। এই যুদ্ধে প্রথম থেকেই আমেরিকাকে পাশে পেয়েছিলেন নেতানিয়াহু। অবাক করা বিষয় এখন আর তাঁদের কথা হয় না।

আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে দীর্ঘ দিন কথা বলেননি ইজ়রায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু। সম্প্রতি একটি সাক্ষাৎকারে তিনি এই 'মনোমালিন্যের' কারণ জানিয়েছেন। তাঁর দাবি, এর নেপথ্যে রয়েছে তিনটি মাত্র শব্দ, যা বাইডেন বলেছিলেন। ইজ়রায়েলের সম্পর্কে বাইডেনের ওই তিন শব্দের পর থেকেই তাঁর সঙ্গে আর কথা বলেননি নেতানিয়াহু।

ইজ়রায়েলের প্রধানমন্ত্রী জানিয়েছেন, প্যালেস্টাইনি সশস্ত্র গোষ্ঠী হামাসের বিরুদ্ধে ইজ়রায়েলের হামলা প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে এক বার বাইডেন একে 'বাড়াবাড়ি' বলেছিলেন। তিনটি শব্দে ইজ়রায়েলের হামলাকে ব্যাখ্যা করেছিলেন আমেরিকান প্রেসিডেন্ট। সেই তিন শব্দ হল 'ওভার দ্য টপ'। অর্থাৎ, ইজ়রায়েলি হামলাকে তিনি 'প্রয়োজনের তুলনায় বেশি' বলে মন্তব্য করেন। যা ভাল ভাবে নিতে পারেননি নেতানিয়াহু।

রোববার একটি টিভি চ্যানেলকে সাক্ষাৎকার দিতে গিয়ে নেতানিয়াহু বলেন,

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**

## মিয়ানমারের ৩৩০ সেনা নিজ দেশে ফিরছেন

**ঢাকা অফিস**

মিয়ানমারের সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির সঙ্গে টিকতে না পেরে বাংলাদেশে আশ্রয় নেওয়া দেশটির বিজিপি ও সেনাবাহিনীর ৩৩০ জন সদস্য আজ বৃহস্পতিবার নিজ দেশে ফেরত যাবেন। সকালে কক্সবাজারের ইনানী ঘাট দিয়ে নৌবাহিনীর একটি জাহাজে করে তাঁদের নিয়ে যাওয়া হবে বলে জানিয়েছে বিজিবি। ওই ৩৩০ জন ১১ দিন ধরে বাংলাদেশে আশ্রিত।

বাংলাদেশের সঙ্গে সীমান্তবর্তী মিয়ানমারের এলাকায় গোলাগুলি কমলেও আতঙ্ক এখনো পুরোপুরি কাটেনি। বাংলাদেশের সীমান্ত এলাকার স্থানীয় লোকজনের আশঙ্কা, লড়াইয়ের ময়দানে পিছু হটা মিয়ানমারের জান্তা সরকারের বাহিনী যেকোনো সময় হারানো এলাকা ফিরে পেতে বিদ্রোহীদের ওপর আক্রমণ শুরু করতে পারে। এই আতঙ্কের মধ্যেই আজ সীমান্তবর্তী এলাকার এসএসসি পরীক্ষার্থীরা বসছে পরীক্ষায়।

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**


Shafi Chowdhury
Consultant
HILLSIDE ACCOUNTING SERVICES INC.
Tax, Travel, Payroll & Immigration
167-13 Hillside Ave, 2A, Jamaica NY 11432

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয়ে সহযোগিতার জন্য কল করুন
RE/MAX
Hashan Chowdhury
Realtor
Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282

কর্ণফুলী ট্যাক্স
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights

HILLSIDE TAX & MULTISERVICES INC.
MD SHORIFUL ISLAM
165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
929-207-1516
1506 Castle Hill Ave, 2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO

খলিল'স ফুড
1457 Unionport Rd, Bronx, NY 10462

মতিন
MOTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

Home & Habitat Realty Corp.
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
TOLL FREE 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
To Schedule Appointment Only.
• গাড়ী এক্সিডেন্ট • কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
• বিল্ডিং এ দূর্ঘটনা • স্লিপ এন্ড ফল
• ট্রিপ এন্ড ফল • হাসপাতালে ভুল চিকিৎসা
• বিকলাঙ্গ শিশুর জন্ম • লেড পয়জনিং
Moin Choudhury, Esq.
Attorney at Law
IMMIGRATION
TIMOTHY BOMPART, ESQ.
ATTORNEY AT LAW
Law offices of Timothy Bompart 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan & Long Island Office By Appointment Only
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompart is admitted in NY only

হোম কেয়ার
Immigrant Elder Home Care LLC
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

IATA
OPEN 7 DAYS
Best service is our Goal
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372



সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
**ফোন:** ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল: নিউজ:** news@prothomalony.com, **বিজ্ঞাপন:** cm@prothomalony.com